


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 10 June, 2023 ■ আগরতলা ১০ জুন, ২০২৩ ইং ■ ২৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## রাজ্যে নারী পাচার চক্রের হদিশ দিলেন নির্যাতিতা যুবতী

### ব্যাঙ্গালুরু ও চেন্নাইয়ে বিক্রি হয়েছে বহু মেয়ে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** নারী পাচার চক্রের বড়সড়ো অভিযোগ সামনে এসেছে শুক্রবার। ব্যাঙ্গালোর ও চেন্নাইয়ে আটকে রয়েছে ১০ থেকে ১৫ জন মেয়ে। কলমচৌড়া থানায় মামলা দায় করে এ কথা জানায় নির্যাতনের শিকার এক নাবালিকা। আন্তর্জাতিক নারী পাচার চক্রের বড়সড় অভিযোগ সামনে এসেছে।

জানা যায় গত সাত মাস পূর্বে বক্সনগরে গনিয়ামাড়া এলাকার ১৬ বয়সি এক নাবালিকা তার মাসির বাড়ি মানিক্যনগর নলজলায় বেরাতে যায়। তার সাথে পরিচয় হয় বক্সনগর মোল্লামুড়া এলাকার আমেনা বেগমের। আর আমেনা নাবালিকা মেয়েটির মাসিকে ফুসলিয়ে বলে সে তাকে চেন্নাই নিয়ে যাবে। সেখানে বিউটি পার্লারের কাজ শেখানো হবে এই নাবালিকা মেয়েকে। গরিব পরিবারের নাবালিকা মেয়েটি ১৫ হাজার টাকা বেতনের কথা শুনে চলে যায়। তিন থেকে চার দিন পর সেখানে তার উপর জোর জবরদস্তি বেআইনি কার্যকলাপ করার জন্য বাধ্য করতে শুরু করে বলে অভিযোগ।

তিন মাসপর তাকে ব্যাঙ্গালোরে বিক্রি করে দেয় বলে অভিযোগ নাবালিকা মেয়েটির। পরে সেখান থেকেই পালিয়ে আসে সে। সোনামুড়ার আক্তার, আমিনা এবং বাংলাদেশের লিজা এই তিনজন মিলে কয়েকবছর যাবৎ মেয়েদের সেই রাজ্যে নিয়ে গিয়ে বেআইনি কার্যকলাপ করতে বাধ্য করেছে বলে অভিযোগ। সোনামুড়া বক্সনগর পুটিয়া এই তিন এলাকা দিয়ে বাংলাদেশের যুবতি মেয়েদেরকে সীমান্ত

☞ ৬ এর পাতায় দেখুন

## বোলেরো ও স্কুটির সংঘর্ষে মৃত্যু যুবকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** বোলেরো গাড়ি ও স্কুটির সংঘর্ষে মর্মান্তিক মৃত্যু হয়েছে স্কুটি চালকের। বিশ্রামগঞ্জ আমতলী এলাকায় স্থানীয় মানুষ ঘটনাটি প্রত্যক্ষ করে বিশ্রামগঞ্জ দমকলবাহিনী ও পুলিশকে খবর পাঠিয়েছিল। দমকলকর্মীরা আহত স্কুটি চালককে উদ্ধার করে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষনা করেন। ঘাতক গাড়িটি ঘটনাস্থল থেকে পালিয়ে যেতে সক্ষম হয়েছে। পুলিশ ওই ঘটনায় তদন্ত শুরু করছে।

জনৈক পুলিশ আধিকারিক জানিয়েছেন, শুক্রবার ভোর সাড়ে ছয়টা নাগাদ তাপস দাস(৩৪) টিআর০১এস৫৫৪৫ নম্বরের স্কুটি নিয়ে উদয়পুরের দিকে যাচ্ছিলেন। বিশ্রামগঞ্জ আমতলী এলাকায় আসা মাত্র একটি বোলেরো গাড়ি স্কুটিতে সজোরে ধাক্কা দিয়ে পালিয়ে যায়।তাতে রাস্তায় ছিটকে পড়ে মাথায় গুরুতর আঘাত লাগে তাপসের। স্থানীয় মানুষ বিকট শব্দের আওয়াজ শুনতে পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন। সাথে সাথে বিশ্রামগঞ্জ থানায় ও দমকলবাহিনীকে খবর পাঠিয়েছেন তাঁরা। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে এসে দমকল কর্মীরা আহত তাপসকে বিশ্রামগঞ্জ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গিয়েছে। সেখানের কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষনা করেন। পুলিশ ওই ঘটনায় তদন্ত শুরু করেছে।

তিনি আরও জানিয়েছেন, মৃত ব্যক্তি আগরতলা বিদ্যাসাগার এলাকার বাসিন্দা ছিলেন। তাপস দাস বিশালগড়ে বেসরকারি সংস্থায় কর্মরত ছিলেন। অফিসের কাজে উদয়পুর যাচ্ছিলেন তিনি।

# খুমুলুঙে জনজাতি যুব মোর্চার সভা মঞ্চে ভাঙচুর, কাঠগড়ায় মথা

### গ্রেটার তিপ্রাল্যান্ড নিয়ে বিভ্রান্ত করা হচ্ছে ঃ বিজেপি সভাপতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** টানটান উত্তেজনার মধ্য দিয়ে বিজেপি জনজাতি যুব মোর্চা ও আইপিএফটি যুব মোর্চা যৌথ উদ্যোগে জনজাতি যুব সমাবেশ হল শুক্রবার এডিসি সদর দপ্তর খুমুলুং এর দশরাম চৌমুহনীতে। সমাবেশের আগেই সকাল থেকে খুমুলুংএলাকায় মথা এবং বিজেপি কর্মীদের মধ্যে উত্তেজনা ছিল। তবে কি নিয়ে উত্তেজনার সৃষ্টি হল তা দলীয় কর্মীরাই ভালো বলতে পারবেন। পুলিশ সূত্রের খবর বিজেপি আইপিএফটি যৌথ সমাবেশকে ঘিরে সকাল থেকেই খুমুলুঙ এর বিভিন্ন জায়গায় পতাকা ফেস্টুন ইত্যাদি দিয়ে সাজানো হচ্ছিল। অভিযোগ তাদের এই প্রচারসজ্জা দুষ্কৃতীরা নষ্ট করে দেয়। এ নিয়ে সকাল থেকেই গোটা এলাকায় দুই দলের কর্মী সমর্থকদের মধ্যে উত্তেজনা বিরাজ করছিল বলে পুলিশের বক্তব্য।



এদিকে বিকেল সাড়ে তিনটের সভার আগেই নাকি মথার খুমুলুং অফিসে ভাঙচুর চালায় একদল দুষ্কৃতিকারী। এই ঘটনার পর মাথার কর্মী সমর্থকরা উত্তেজিত হয়ে পড়ে। যদিও সমাবেশ স্থলে পুলিশের মোতায়ন থাকায় সেই জায়গা পর্যন্ত উত্তেজিত জনতা পৌছতে পারেনি। তবে সূত্রের খবর জনসভার শেষ হবার পর নাকি সেই জায়গাতেও কিছু দুষ্কৃতিকারী সভা স্থলে থাকা চেয়ার টেবিল ভাংচুর করে। তাতে করে উত্তেজনা আরো ছড়িয়ে পড়ে। এই ঘটনা পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠে। মাথার পক্ষে অভিযোগ করা হয় পুলিশের সামনেই বিজেপি কর্মী সমর্থকরা তাদের দলীয় কার্যালয় ঢুকে জিনিসপত্র ভাঙচুর চালায়। অথচ পুলিশ নীরব ভূমিকা পালন করছে।

জিরানিয়া এসডিপিওর নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে থাকা সত্ত্বেও কি করে দুষ্কৃতীরা এভাবে হামলা চালালো তা নিয়ে ও রাজনৈতিক মহলে চাপানোত্তর শুরু হয়েছে। এদিকে মথার পক্ষ থেকে অভিযোগ করা হয় বিপিন দেববর্মা নামে বিজেপি সমর্থক উস্কানিমূলক কাজকর্ম চালিয়ে যাচ্ছে। তাকে গ্রেফতার না করা হলে তারা রাধাপুর থানা ঘেরাও করবে। আগামী দিনে এ নিয়ে বৃহত্তর আন্দোলনে যেতে পারে বলে বিশ্বস্ত সূত্রের খবর। পাল্টা অভিযোগ করছে বিজেপি আইপিএফটি পক্ষ থেকেও। তাদের বক্তব্য খুমুলুংএ নাকি জনসভা করতে দেবে না মাথার কর্মী সমর্থকরা। সকাল থেকেই বিজেপি আইপিএফটির ফ্ল্যাগ পোস্টার নষ্ট করে দেয় মাথার কর্মী সমর্থকরা।

☞ ৬ এর পাতায় দেখুন

## পূর্ব হুরুয়া গ্রাম পঞ্চায়েতের মহিলা প্রধানের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** পূর্ব হুরুয়া গ্রাম পঞ্চায়েতের মহিলা প্রধানের বিরুদ্ধে দুর্নীতির মিথ্যা অভিযোগ তোলে তাকে কালিমা লিপ্ত করার চক্রান্ত শুরু হয়েছে বলে এলাকাবাসীর তরফ থেকে অভিযোগ করা হয়েছে। উত্তর জেলার কালাছড়া ব্লকের অন্তর্গত পূর্ব হুরুয়া গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে চরম দুর্নীতির অভিযোগ তুলেছেন একই পঞ্চায়েতের সদস্য রজল সিনহা। তাতে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। একই গ্রামের সহজ সরল মহিলারা প্রধান বেলা রাণী ঘোষের বিরুদ্ধে আনা অভিযোগের বিরুদ্ধে সুর ছড়িয়ে প্রতিবাদে সামিল হয়েছেন।

তারা পাল্টা পূর্ব হুরুয়া গ্রাম পঞ্চায়েতের সদস্য রজল সিনহা এবং উপ প্রধান সুজিত চন্দের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ এনে সংবাদ মাধ্যমের সামনে ক্ষোভ উগড়ে দেন। মহিলারা অভিযোগ করেন, প্রধানের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তুলে প্রধানকে কালিমালিপ্ত করা হচ্ছে। এছাড়া একজন নির্বাচিত মহিলাকে গুন্ডি আখ্যা দিয়ে নারী জাতিকে অপমান করছেন রজল সিনহা। তাদের অভিযোগ, উপ প্রধান সুজিত চন্দের দরুন গ্রামের মহিলারা সুরক্ষিত নয়। রাতের আধারে বহু বাড়িতে জোর পূর্বক ঢুকে উপ প্রধান সুজিত চন্দ। তার বহু প্রমাণ রয়েছে। এছাড়া এই পঞ্চায়েত থেকে বিদ্যুতের খুঁটি সহ বিদ্যুৎ সংযোগ ও সরকারী আবাস যোজনার ঘর পেতে হলে দিতে হচ্ছে কুড়ি হাজার টাকা বলে অভিযোগ করেন তারা।

মহিলারা জানিয়েছেন, প্রধানকে পঞ্চায়েত থেকে বের করে নিজের মর্জি মাফিক পঞ্চায়েত চালানোর জন্য এই ফন্দি করেছে রজল সিনহা। তারা বলেন ,এই গ্রামের মানুষ বিজেপি দলকে ভালোবাসে। কিন্তু রজল সিনহা ও তার সাঙ্গপাঙ্গের কারণে এখানকার মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছেন। নারী লোভী উপ প্রধানকে সঙ্গে নিয়ে এবার মাঠে নেমেছে রজল। প্রধানের বিরুদ্ধে অপ্রচার করছে। গ্রামের প্রধান বেলা রাণী ঘোষ নির্দোষ।তিনি কোন দুর্নীতির সঙ্গে যুক্ত আগেও ছিলেন না ,এখনো নেই। এদিন গ্রামের মহিলারা একযোগে পঞ্চায়েত সদস্য রজল সিনহা ও উপ প্রধান সুজিত চন্দের বিরুদ্ধে মারাত্মক দুর্নীতির অভিযোগ তুলে এক রাশ ক্ষোভ উগড়ে দেন।

## গ্রাম পাহাড়ে কাজ ও খাদ্যের অভাব ঃ সিপিএম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** গ্রামীন এলাকায় রেগা কাজ নেই, অনাহারে ভুগছে মানুষ। নেই পানীয় জল এবং বিদ্যুৎ পরিষেবা সহ রাস্তাঘাট। ভেঙে পড়েছে শিক্ষা ব্যবস্থা এবং স্বাস্থ্যপরিষেবা। শুক্রবার সন্ধ্যায় সিপিআইএম রাজ্য দপ্তরের সাংবাদিক সম্মেলন করে এই অভিযোগ করলেন সিপিআইএম রাজ্য কমিটির সদস্য রাধা চরণ দেববর্মা।

তিনি বলেন, গত ৭ এবং ৮ জুন সি পি আই এম -এর পুলেটব্যরোর সদস্য মানিক সরকার, প্রাক্তন বিধায়কগণ রতন ভৌমিক, সুধন দাস, রাজ্য কমিটির সদস্য ললিত ত্রিপুরা, গন্ডাছড়া সিপিআইএম কমিটির সম্পাদক ধনঞ্জয় ত্রিপুরা এবং ধোলাই জেলার সি পি আই এম কমিটির জেলা সম্পাদক পঙ্কজ চক্রবর্তীর ধলাই জেলার বিভিন্ন জায়গায় যান। মানুষের সাথে মত বিনিময় করেন। এর মধ্যে প্রথম দিন ছামনু থালছড়ায় তিন থেকে চারটি ভিলিজ কমিটি লোকজনদের সাথে আর্থিক অবস্থা এবং রেশনিং ব্যবস্থা নিয়ে মতবিনিময় করা হয়। মানুষ স্পষ্ট জানিয়েছে অত্যন্ত দুর্বিষহ অবস্থার

☞ ৬ এর পাতায় দেখুন

## ছিনাইহানিতে ৮৪,৮০০ বোতল এসকফ উদ্ধার করল বিএসএফ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** নেশা বিরোধী অভিযানে বড়সড় সাফল্য পেয়েছে এয়ারপোর্ট থানার পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে ভুট্টা বোঝাই করা গাড়িতে তল্লাশি চালিয়ে ৮৪৮০০ বোতল এসকফ উদ্ধার করেছে। কিন্তু গাড়ির চালককে আটক করা সম্ভব হয়নি বলে জানিয়েছেন মহকুমা পুলিশ আধিকারিক পারমিতা পান্ডে। বাজেয়াপ্ত নেশা সামগ্রীর বাজারমূল্য আনুমানিক তিন কোটি টাকা হবে বলে জানিয়েছেন তিনি।

পারমিতা পান্ডে জানিয়েছেন, গোপন সুত্রে এয়ারপোর্ট থানায় খবর আসে উষাবাজার সংলগ্ন ছিনাইহানি এলাকায় সন্দেহমূলকভাবে একটি গাড়ি দাঁড়িয়ে রয়েছে। সেই মোতাবেক এয়ারপোর্ট থানার ওসি সুমন সিংহ বিশাল পুলিশ বাহিনী ও বি এস এফের নেতৃত্বে বৃহস্পতিবার রাতে যৌথ অভিযান চালানো হয়েছিল। রাস্তার পাশে ডাব্লিউবি৬১ বি১৯১৭ নম্বরের গাড়িতে তল্লাশি চালালে দেখা যায় কিছু ভুট্টার বস্তা পড়ে রয়েছে। সেই ভুট্টার বস্তার নিচে থেকে ৮৪৮০০ বোতল এসকফ উদ্ধার করতে সক্ষম হয়েছে আরক্ষা বাহিনী।

সাথে তিনি আরও জানিয়েছেন, উদ্ধারকৃত নেশা সামগ্রীর বাজার মূল্য তিন কোটি টাকা হবে। কিন্তু গাড়িটি দাঁড় করানো অবস্থায় ছিল। গাড়ির চালককে পাওয়া যায়নি। গাড়িটি আটক করে থানায় নিয়ে যাওয়া হয়েছে। ওই ঘটনায় পুলিশ এনডিপিএস ধারায় মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করছে। অতিসত্বর ঘটনার সাথে জড়িত অভিযুক্তদের গ্রেফতার করা হবে বলে দাবি করেছেন এসডিপিও পারমিতা পান্ডে।

## যাদের কাছে জ্ঞান থাকবে পৃথিবী তাদের হাতের মুঠোয় ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** রাজ্যের ছাত্রছাত্রীদের প্রয়োজনীয় দক্ষতা বাড়াতে ও মেধার বিকাশে জাতীয় শিক্ষানীতি-২০২০ সহায়ক ভূমিকা নেবে। পাশাপাশি জাতীয় শিক্ষানীতি - ২০২০ রূপায়ণের ফলে আগামীদিনে রাজ্যে গুণগত শিক্ষা আরও বৃদ্ধি পাবে। আজ আগরতলা টাউনহলে রাজ্যে জাতীয় শিক্ষানীতি - ২০২০ রূপায়ণের উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, দেশের প্রধানমন্ত্রী প্রায় সময়ই বলে থাকেন যে, যাদের কাছে জ্ঞান থাকবে পুরো পৃথিবী তাদের হাতের মুঠোয় থাকবে। তাই দেশের পরম্পরা ও ঐতিহ্যের সাথে বিশ্বের সর্বোত্তম জ্ঞান ভাণ্ডারের সমন্বয় সাধন করেই কেন্দ্রীয় সরকার ৩৪ বছর পর নতুন জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করেছে।



মুখ্যমন্ত্রী বলেন, প্রাচীনকালে বিভিন্ন দেশ থেকে শিক্ষার্থীরা শিক্ষা গ্রহণের জন্য ভারতের নালন্দা, তক্ষশিলার মতো বিশ্ববিদ্যালয়গুলোতে পড়তে আসতো। প্রধানমন্ত্রী চাইছেন শিক্ষাক্ষেত্রে দেশের এই হৃত গৌরব যাতে পুনরায় ফিরে আসে। তাই ভারতীয় মূল্যবোধের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি বিশ্বমানের সর্বোত্তম শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যেই নতুন জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করা হয়েছে। দেশের মধ্যে প্রথম রাজ্য হিসেবে কর্ণাটক নতুন জাতীয় শিক্ষানীতি-২০২০ বাস্তবায়ন করে। পরবর্তীতে মধ্যপ্রদেশ, তেলেঙ্গানা, আসাম সহ অন্যান্য রাজ্যেও এই জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন করা হয়। আজ আমাদের রাজ্যেও প্রাথমিকভাবে উচ্চশিক্ষাস্তরে এই জাতীয় শিক্ষানীতি রূপায়ণ করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, নতুন জাতীয় শিক্ষানীতি-২০২০-তে অনার্স/ রিসার্চ সহ ৪ বছরের ডিগ্রী কোর্স রয়েছে। এছাড়াও এই শিক্ষানীতিতে এ্টি ও এন্ট্রান্সের সুবিধা রয়েছে। কোনও ছাত্র যদি মনে করে সে তার বর্তমান পাঠক্রম বাদ দিয়ে অন্য কোন বিষয়ে পড়াশুনা করবে তবে সে কলেজ

☞ ৬ এর পাতায় দেখুন

## গরমের জ্বালায় রেল লাইনে ঘুমিয়ে প্রাণ হারালেন যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** গরমের জ্বালায় অতিষ্ঠ হয়ে রেল লাইনে ঘুমানোর কারণে রেলে কাটা পড়ে মৃত্যু হয়েছে এক যুবকের। শুক্রবার সকালে পেচারথল থানাধীন নবীন ছড়া রেলের ওভারব্রিজ সংলগ্ন এলাকায় ওই ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। স্থানীয় মানুষ ঘটনটি প্রত্যক্ষ করে খবর পাঠিয়েছে পেচারথল থানায়। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছেন।

জনৈক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, শুক্রবার সকালে পেচারথল থানাধীন নবীন ছড়া রেলের ওভারব্রিজ সংলগ্ন এলাকার স্থানীয় মানুষ রেলে লাইনে এক যুবককের দ্বিখন্ডিত মৃতদেহ দেখতে পেয়েছে। স্থানীয় মানুষ সাথে পেচারথল থানায় খবর পাঠিয়েছে। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে।

তিনি আরও জানিয়েছেন, মৃত ব্যক্তি ওই এলাকার বাসিন্দা তপন চাকমা। বৃহস্পতিবার রাতে অত্যাধিক গরমে বাড়ি থেকে বেরিয়ে রেল লাইনে এসে ঘুমিয়ে পড়েছিল। আজ সকালে রেল লাইন থেকে তাঁর মৃতদেহ উদ্ধার হয়েছে। প্রাথমিক ধারণা, ঘুমন্ত অবস্থায় পণ্যবাহী ট্রেন তাঁকে চাপা দিয়েছে।

## রাজনগরে গৃহবধূকে পুড়িয়ে হত্যা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** আট বছরের শিশু পুত্রের সামনে নিশংসভাবে খুন করা হলো মা। খুনের অভিযোগ শিশু পুত্রের পিতার বিরুদ্ধে। গৃহবধুর নাম অনিতা ভট্টাচার্য। এবং অভিযুক্ত স্বামীর নাম জয়ন্ত ভৌমিক। ঘটনা রাজধানীর রাজনগর এলাকায়।

জিবি হাসপাতালে শিশু পুত্রটি জানায়, তার মা কাজ থেকে বাড়ি ফেরার পর শিশুটির মার সারা তার পিতার সঙ্গে বাকবিতণ্ডা শুরু করে। তখন শিশুটির মা বলেন তিনি আর কতদিন এভাবে কাজ করে স্বামীকে ঘরে বসিয়ে খাওয়াবে। তারপর শিশুটি মার শরীরে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেয় তার পিতা। তখন বিষয়টি নজরে আসে বাড়ির মালিক। বাড়ির মালিক আহত গৃহবধূকে উদ্ধার করে জিবি হাসপাতাল নিয়ে আসে। কিন্তু

☞ ৬ এর পাতায় দেখুন

## পশ্চিমবঙ্গের মানুষের অধিকার তৃণমূল কংগ্রেস কেড়ে নিয়েছে ঃ প্রতিমা ভৌমিক

### পঞ্চায়েত নির্বাচনে ইঙ্গিতে ইঙ্গিতে লড়াই করবে বিজেপি

**কলকাতা, ৯ জুন (হি. স.)।।** পশ্চিমবঙ্গের মানুষের অধিকার তৃণমূল কংগ্রেস কেঁড়ে নিয়েছে। পঞ্চায়েত নির্বাচনে তাই ইঙ্গিতে ইঙ্গিতে লড়াই করতে হবে। তবেই, বাংলায় নতুন সূর্যোদয় হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কার্যকালের ৯ বছর পূর্তি উপলক্ষ্যে জয়নগরে জনসম্পর্ক সভায় মমতা বন্দ্যোপাধ্যায় এবং তৃণমূল কংগ্রেসকে নিশানা করে বলেন কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক। তাঁর ভবিষ্যত বাণী, পশ্চিমবঙ্গে এবং ত্রিপুরার মতোই বামেদের শোচনীয় অবস্থা আগামীদিনে তৃণমূল কংগ্রেসেরও হবে। ভাইপো এবং সমস্ত ভাইয়েরা মিলে মমতা বন্দ্যোপাধ্যায়ের সর্বনাশ ডেকে আনবেন।

এদিন তিনি উদ্বেগের সুরে বলেন, পশ্চিমবঙ্গের পরিস্থিতি নিয়ে গোটা দেশের মানুষ চিন্তিত। সংসদে অন্য সাংসদরা এই রাজ্যের পরিস্থিতি এতটা ভয়াবহ কিভাবে হয়েছে জানতে চাইলে তাঁদের বলেছি, ত্রিপুরা, কেরালা এবং পশ্চিমবঙ্গে বামেদের শাসন মানুষ সহ্য করেছেন। তাঁদের হাত রেহাই পেতে মমতা বন্দ্যোপাধ্যায়কে পশ্চিমবঙ্গের মানুষ সুযোগ দিয়েছেন। মমতার সেই মা-মাটি-মানুষের সরকারে এখন মায়েদের ইজ্জত লুণ্ঠন হচ্ছে। মাটি রক্তাক্ত হচ্ছে। অথচ প্রতিকার মিলছে না। বরং ধর্ষণের পর জীবন্ত চিতায় তুলে দেওয়ার বীভত দৃশ্য দেখে মানুষ শিউরে উঠছেন।

তাঁর আক্ষেপ, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর, স্বামী বিবেকানন্দ, নেতাজী সুভাষ চন্দ্র বসু সহ বহু গুণীজনে গর্বিত বাংলার আজ ভীষণ করুণ অবস্থা হয়েছে। স্বাধীনতা আন্দোলনে সবচেয়ে বেশি অবদান রাখা বাংলা আজ নারীদের সম্ভ্রম নষ্ট হওয়ার ঘটনায় লজ্জায় মুখ লুকিয়ে রাখছে। শুধুই মানুষকে বোকা বানিয়ে রাখা হচ্ছে। তিনি বলেন, সুন্দরবনের ভূমিক্ষয় রোধে কেন্দ্র থেকে হাজার হাজার কোটি টাকা এনেছে তৃণমূল সরকার। অথচ সবই নেতারা লুটেপুটে খাচ্ছেন। মানুষের কল্যাণে কেন্দ্রের বরাদ্দে শুধুই তৃণমূলের নেতাদের উন্নয়ন হচ্ছে। মানুষ একই জায়গায় দাঁড়িয়ে আছেন। তাঁর কটাক্ষ, পশ্চিমবঙ্গে মানুষের কথা বলার অধিকার কেঁড়ে নেওয়া হয়েছে। ২০২১ সালের বিধানসভা নির্বাচনের পর মানুষের বেঁচে থাকার অধিকারও কেঁড়ে নেওয়া হয়েছে। তিনি বিদ্রুপ করে বলেন, মানুষ থাকার জন্য ফ্ল্যাট নির্মাণ করেন। কিন্তু, তৃণমূলের নেতারা টাকা লুকিয়ে রাখার জন্য ফ্ল্যাট বানাচ্ছেন।

তাঁর কথায়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গরীব মানুষের জন্য জনধন একাউন্ট, বীমা, শৌচালয় নির্মাণের বিভিন্ন যোজনা এনেছেন। কিন্তু, এই রাজ্যে মানুষ সেই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। মায়েদের সম্ভ্রম রক্ষায় শৌচালয় নির্মাণের যোজনা মমতার সরকার পশ্চিমবঙ্গে বাস্তবায়ন হতে দেয়নি। তৃণমূলের নেতারা সমস্ত শৌচালয় গিলে খেয়ে ফেলেছেন। তিনি সুর চড়িয়ে বলেন, যে রাষ্ট্রে, সমাজে, পরিবারে মেয়েদের সম্মান নেই, সেই সাম্রাজ্য কখনো টিকে থাকতে পারে না। তাঁর কটাক্ষ, কমিউনিস্টরাও ভেবেছিলেন তাঁদের শাসনেই সূর্যোদয় এবং সূর্যাস্ত হবে। কিন্তু, এখন আমরা পশ্চিমবঙ্গ এবং ত্রিপুরায় তাঁদের শোচনীয় অবস্থা লক্ষ্য করছি। তাঁর দাবি, খুব শীঘ্রই তৃণমূল কংগ্রেসেরও একই অবস্থা হবে। ভাইপো এবং সমস্ত ভাইয়েরা মিলে মমতার সর্বনাশ করে ছাড়বেন। তাঁর আবেদন, পশ্চিমবঙ্গের মানুষের অধিকার তৃণমূল কংগ্রেস কেঁড়ে নিয়েছে। ২০২৪ সালে কেন্দ্রের ক্ষমতায় আবারও নরেন্দ্র মোদীকে আনতে হবে। সামনে পঞ্চায়েত নির্বাচন। ইঙ্গিতে ইঙ্গিতে লড়াই করতে হবে। তবেই বাংলায় নতুন সূর্যোদয় হবে।

## মণিপুরে জাতিদাঙ্গার তদন্তে ৬টি এফআইআর দায়ের সিবিআই'র

**ইম্ফল, ৯ জুন (হি. স.)।।** রক্তাক্ত মণিপুরে ভয়াবহ জাতিদাঙ্গার সত্য উদ্ঘাটনে আসরে নামল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। শুক্রবার এক বিবৃতিতে সিবিআই জানিয়েছে, মণিপুর হিংসায় ছ'টি এফআইআর দায়ের করেছে তারা। ষড়যন্ত্রের অভিযোগ খতিয়ে দেখতে একটি বিশেষ তদন্তকারী দল (এসআইটি) তৈরি করা হয়েছে।

গত বৃহস্পতিবারই উল্লিখিত মামলাগুলিতে সিবিআই তদন্ত চেয়ে অমিত শাহের মন্ত্রকে চিঠি পাঠায় মুখ্যমন্ত্রী এন বীরেন সিংয়ের সরকার। জানা গিয়েছে, কুকি-মেতেই জাতিদাঙ্গার ছ'টি মামলায় সিবিআইকে তদন্ত করার নির্দেশ দিয়েছে স্বরাষ্ট্রমন্ত্রক। সূত্রের খবর, মণিপুর হিংসায় ৩ জুন পর্যন্ত সবমিলিয়ে অন্তত চার হাজার এফআইআর দায়েক করা হয়েছে। তারমধ্যে ছ'টি মামলায় তদন্তভার নিজেদের হাতে নিয়েছে সিবিআই। এই হিংসা কি পূর্বপরিকল্পিত ছিল, তা জানতে তদন্ত করবেন কেন্দ্রীয় তদন্তকারীরা। শুক্রবার এক বিবৃতিতে সিবিআই জানিয়েছে, মণিপুর হিংসায় ছ'টি এফআইআর দায়ের করেছে তারা। ষড়যন্ত্রের অভিযোগ খতিয়ে দেখতে একটি বিশেষ তদন্তকারী দল (এসআইটি) তৈরি করা হয়েছে।

উল্লেখ্য, কুকি-মেতেই সংঘর্ষে মণিপুর এখন অশান্ত, হিংস্র। সেখানকার 'মেতেই' সংখ্যাগরিষ্ঠ উপজাতির তফসিলি

☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ২৩৬ ▫ ১০ জুন ২০২৩ইং ▫ ২৬ জ্যৈষ্ঠ ▫ শনিবার ▫ ১৪৩০ বঙ্গাব্দ

## মণিপুরে লুকিয়ে কোন রহস্য?

রক্তাক্ত মণিপুরে লুকাইয়া রহিয়াছে কোন রহস্য? ভয়াবহ জাতিদাঙ্গার নেপথ্যে কি তবে মাদক সন্ত্রাস? গোটা তাণ্ডবের নীল নকশা কি আগে থেকেই তৈরি ছিল? এমন একগুচ্ছ প্রশ্নই এখন ঘুরিয়া বেড়াইতেছে। উত্তর-পূর্বের রাজ্যটির থমথমে বাতাসে। এহেন পরিস্থিতিতে সত্য উদ্ঘাটনে আসরে নামিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই মণিপুর হিংসায় ছ'টি এফআইআর দায়ের করিয়াছে তাহারা। ষড়যন্ত্রের অভিযোগ খতিয়ে দেখিতে একটি বিশেষ তদন্তকারী দল তৈরি করা হইয়াছে। কুকি-মেতেই জাতিদাঙ্গার ছ'টি মামলায় সিবিআইকে তদন্ত করিবার নির্দেশ দিয়াছে স্বরাষ্ট্রমন্ত্রক। মামলাগুলিতে সিবিআই তদন্ত চাহিয়া অমিত শাহের মন্ত্রকে চিঠি পাঠায় মুখ্যমন্ত্রী এন বীরেন সিংয়ের সরকার। মণিপুর হিংসায় ৩ জুন পর্যন্ত সবমিলাইয়া অন্তত চার হাজার এফআইআর দায়ের করা হইয়াছে। তাহার মধ্যে ছ'টি মামলার তদন্তভার নিজেদের হাতে নিয়াছে সিবিআই। এই হিংসা কি পূর্বপরিকল্পিত ছিল, তাহা জানিতে তদন্ত করিবেন কেন্দ্রীয় তদন্তকারীরা। কুকি-মেতেই সংঘর্ষে মণিপুর এখনও অশান্ত, হিংস্র। সেখানকার 'মেতেই' সংখ্যাগরিষ্ঠ উপজাতির তফসিলি জাতির স্বীকৃতির দাবি নিয়া আন্দোলন ওই ছোট্ট রাজ্যে নাগা-কুকি জাতি গোষ্ঠীর মধ্যে পাল্টা প্রত্যাঘাতের জন্ম দিয়াছে।। কারফিউ। পুলিশের গুলি। দিল্লির যন্ত্রতন্ত্রে মেতেই হিন্দু-বৈষ্ণব গোষ্ঠীর নজরকাড়া আন্দোলন, নাগা-কুকিদের বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপের শ্রীবৃদ্ধি। সবমিলাইয়া পরিস্থিতি ঘোরাল। তাহা ছাড়া, মায়ানমার থেকে কুকি জঙ্গিরা আসিয়া আগুনে ঘি ঢালিতেছে। মণিপুর থেকে একটি ছোটখাটো যুদ্ধ চালনা করিবার মতো অস্ত্র উদ্ধার করিয়াছে সেনা।

মণিপুরে ট্রাইবাল বা আদিম জনগোষ্ঠীর মধ্যে লড়াই নতুন কিছু নয়। কয়েকশো বছর ধরিয়া চলিয়াছে। তবে এবার তাহা ভিন্ন মাত্রা ধারণ করিয়াছে। বিশ্লেষকদের অনেকেই বলিয়াছেন, মণিপুরে সংখ্যাগুরু মেতেইরা তফসিলি উপজাতির তকমা দাবি করিয়া বারুদের স্তূপে আগুন দিয়াছে। গত এপ্রিল মাসে রাজ্য সরকারকে মেতেইদের এই দাবি খতিয়ে দেখিবার নির্দেশ দেয় হাইকোর্ট। তাহার পর 'ট্রাইবাল সলিডারিটি মার্চ' শুরু করিয়া দেয় 'অল ট্রাইবাল স্টুডেন্টস ইউনিয়ন অফ মণিপুর'। মেতেইদের তফসিলি উপজাতির তকমা না দেওয়ার দাবিতেই ছিল এই মিছিল। ক্রমেই তাহা হিংসাত্মক আকার ধারণ করে। মেতেই সংখ্যাগুরু ইম্ফল উপত্যকায় বেশকিছু বাড়িঘরে আগুন ধরাইয়া দেয়। আর এর প্রতিক্রিয়াও হয় প্রায় সঙ্গে সঙ্গে। গোটা রাজ্যে ছড়াইয়া পড়ে হিংসা। এখন দেখি তার বিষয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা তদন্তকালে কি রহস্য উদ্ঘাটন করিতে সক্ষম হয়।

## পুরনিয়োগ দুর্নীতি মামলায় ইডির রিপোর্টে অসন্তুষ্ট হাই কোর্ট

কলকাতা, ৯ জুন (হি. স.) : পুরসভায় নিয়োগ দুর্নীতি মামলায় ইডির রিপোর্ট জমা করল হাইকোর্টে। শুক্রবার কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃত সিনহার এজলাসে পুরসভায় নিয়োগ দুর্নীতি মামলায় রিপোর্ট পেশ করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। রিপোর্ট দেখে বিস্মিত বিচারপতি সিনহা। রিপোর্ট একেবারেই সন্তোষজনক নয় বলে মন্তব্য করেন বিচারপতি।

ইডির আইনজীবীর উদ্দেশে বিচারপতি সিনহা বলেন, এই রিপোর্টে নতুন কী আছে? যে সব পদক্ষেপের কথা বলেছেন, সেগুলো তো আগেই হয়েছে। আপনাদের তদন্তের গতি এত শ্লথ কেন? তথ্য পরিসংখ্যান যা দেখছি, সব আমার নির্দেশে আছে। তাহলে বন্ধ খামে রিপোর্ট দিয়ে লাভ কী? রিপোর্ট একেবারেই সন্তোষজনক নয়।

অন্য দিকে, এই মামলায় শুক্রবার আদালতে রিপোর্ট জমা দিতে পারেনি সিবিআই। তারা আরও সময় চেয়েছে। হাই কোর্টের নির্দেশ, আগামী শুনানিতে এই দুই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে রিপোর্ট জমা দিতে হবে। আগামী ১৪ জুন এই মামলার পরবর্তী শুনানি।

শুক্রবার বিচারপতি সিনহার একক বেঞ্চে মুখবন্ধ খামে রিপোর্ট জমা দেয় ইডি। সেই রিপোর্টে সন্তুষ্ট হয়নি আদালত। ইডির আইনজীবীর যুক্তি, এই মামলায় মূল তদন্ত করছে সিবিআই। তাই ওই সংস্থার তদন্তের গতিপ্রকৃতির উপর ইডির পদক্ষেপ নির্ভর করে। সিবিআইয়ের আইনজীবী জানান, তদন্তের রিপোর্ট প্রস্তুত রয়েছে। আদালতে পেশ করতে আরও কিছু দিন সময় লাগবে।

পুরসভায় নিয়োগ দুর্নীতি মামলায় সুপ্রিম কোর্টে স্পেশাল লিভ পিটিশন (এসএলপি) দায়ের করেছে রাজ্য। বৃহস্পতিবার হাই কোর্টের ডিভিশন বেঞ্চে রাজ্য জানিয়েছে, ওই এসএলপি প্রত্যাহার করা হবে। বিচারপতি সিনহা রাজ্যের এই অবস্থান নিয়ে প্রশ্ন তোলেন। তাঁর মন্তব্য, "হাই কোর্টের সিঙ্গল বেঞ্চ থেকে সুপ্রিম কোর্টে গিয়ে এসএলপি করলেন। আবার তা প্রত্যাহারও করে নিলেন। এটা কী ধরনের অবস্থান? বিনা পয়সায় মামলা হচ্ছে? কাদের টাকায় এই মামলা হচ্ছে?"

গত ১৯ মার্চ নিয়োগ দুর্নীতি মামলায় অয়ন শীলকে গ্রেফতার করেছিল ইডি। ইডির তরফে দাবি করা হয়, তাঁর সল্টলেকের অফিসে তল্লাশি চালিয়ে রাজ্যের একাধিক পুরসভার বিভিন্ন পদে চাকরিপ্রার্থীদের ওএমআর শিট (উত্তরপত্র) পাওয়া গিয়েছে। ইডি সূত্রে এ-ও জানা যায়, জেরায় অয়ন তদন্তকারীদের জানিয়েছেন যে, বিভিন্ন পুরসভায় চাকরি পাইয়ে দেওয়ার বিনিময়ে তিনি মোট ২০০ কোটি টাকা তুলেছিলেন। এর পরেই আতশকাচে আসে পুরনিয়োগ দুর্নীতি।

বিষয়টি কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এজলাসে উঠলে তিনি পুরসভায় নিয়োগ দুর্নীতি মামলায় সিবিআই তদন্তের নির্দেশ দেন। পরে এই মামলার এজলাস বদল হলেও বিচারপতি গঙ্গোপাধ্যায়ের রায়ই বহাল রাখে হাই কোর্ট। বিচারপতি সিনহাও সিবিআই তদন্তই বহাল রাখেন। এ বার বিচারপতি ইডির রিপোর্টে অসন্তোষ প্রকাশ করলেন। সিবিআইকেও পরবর্তী শুনানিতে রিপোর্ট জমা দেওয়ার কথা বলেছেন তিনি।

## গুলমার্গের গন্ডোলায় আটকে পড়া ২৫০ পর্যটককে উদ্ধার করল পুলিশ

বারামুল্লা, ৯ জুন (হি.স.) : শুক্রবার গুলমার্গ রিসর্টে গন্ডোলা রাইডের সময় আটকে পড়া ২৫০ পর্যটককে উদ্ধার করেছে পুলিশ। সবাই নিরাপদে রয়েছেন বলে জানা গিয়েছে।পুলিশ জানায়, গন্ডোলায় চড়ে আড়াইশ পর্যটক ফিরছিলেন। এদিকে, ক্যাবল কারের আকস্মিক ত্রুটির কারণে গন্ডোলা ফেজ-২-এ আটকে পড়েন সব পর্যটক। গুলমার্গের এসএইচও ইন্সপেক্টর ইরশাদ আহমেদের নেতৃত্বে পুলিশের উদ্ধারকারী দল গন্ডোলা কার কর্পোরেশনের কর্মচারীদের সহায়তায় সবাইকে উদ্ধার করে। পর্যটকরা তাদের সময়মত সাহায্যের জন্য বারামুল্লা পুলিশের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

## জাতীয় স্কুল গেমসে পড়ুয়াদের সাফল্যে গর্বিত মুখ্যমন্ত্রীর টুইট

কলকাতা, ৯ জুন (হি. স.) : জাতীয় স্কুল গেমসে পশ্চিমবঙ্গের পড়ুয়াদের সাফল্যে গর্বিত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার তিনি এ ব্যাপারে টুইট করেছেন।মুখ্যমন্ত্রী লিখেছেন, "চলমান ৬৬তম জাতীয় স্কুল গেমস, ২০২২ — ২৪ (৬ থেকে ১৩ জুন) আমাদের প্রিয় পড়ুয়াদের জন্য গর্বিত। তারা দুর্দান্ত দক্ষতা দেখাচ্ছে। প্রতিযোগিতার প্রথম ৩ দিনের মধ্যে, পশ্চিমবঙ্গের এই তরুণ অংশগ্রহণকারীরা ইতিমধ্যেই অ্যাথলেটিক্স, সাঁতার, যোগ এবং জিমন্যাস্টিকসে ৪ টি স্বর্ণ, ৬ টি রৌপ্য এবং ৬ টি ব্রোঞ্জ পদক জিতেছে। পশ্চিমবঙ্গের ছাত্রদের দল বর্তমানে অ্যাথলেটিক্সে যৌথভাবে প্রথম স্থান অধিকার করছে। তাদের সবাইকে আন্তরিক অভিনন্দন! আমি চাই, টিম বেঙ্গল শেষ পর্যন্ত তাদের জয়ের ধারা অব্যাহত রাখুক এবং ঘরে আরও গৌরব নিয়ে আসুক! শুভকামনা!"

# সর্বকালের সেরা কাহিনি

### আবুল বাসার

একদম শুরুতে, মানে প্রায় ১ হাজার ৪০০ কোটি (বা ১৪ বিলিয়ন) বছর আগে গোটা মহাবিশ্ব ছিল খুবই ছোট। এই বাক্য শেষ হতে যতটুকু সময় লাগে, তার চেয়ে ছোট ছিল এর সময়ের ব্যাপ্তি। কিন্তু সেটা কত ছোট? একটা পিৎজাকে ওই সময়ের ব্যাপ্তি হিসেবে কল্পনা করা যাক। এখন পিৎজাটাকে ১ ট্রিলিয়ন ভাগে ভাগ করো। মহাবিশ্বের সবকিছু, মানে তোমার দেহ যেসব কণা দিয়ে তৈরি হয়েছে সেগুলোসহ, তোমার জানালার বাইরের গাছপালা, বাড়িঘর, তোমার বন্ধুর মোজা, পিটুনিয়া, তোমার স্কুল, আমাদের গ্রহের আকাশচুম্বী পাহাড়-পর্বত আর গভীর মহাসাগর, সৌরজগৎ, বহুদূরের গ্যালাক্সিসব স্থান, শক্তিবিশ্বজগতের বস্তুসহ সবকিছু ওই বিন্দুতে ঠাসাঠাসি অবস্থায় ছিল।

সেটা ছিল প্রচণ্ড উত্তপ্ত। এত্ত ছোট্ট একটা জায়গায় এত বেশি কিছু ঠাসাঠাসা থেকে পরিস্থিতিটা ছিল খুবই উত্তপ্ত। তাই তখন মহাবিশ্বের শুধু একটা কাজ করাই বাকি ছিল। সেটা হলো প্রসারণ। দ্রুতবেগে।

বর্তমানে এ ঘটনাকে আমরা বলি বিগ ব্যাং বা মহাবিস্ফোরণ। আর ১ সেকেন্ডের অতিক্ষুদ্র ১ ভগ্নাংশ সময়ে (বিশেষভাবে বলতে গেলে ১ সেকেন্ডের ১০ মিলিয়ন ট্রিলিয়ন ট্রিলিয়ন ট্রিলিয়ন ভাগের ১ ভাগ) মহাবিশ্ব অতিবেগে বড় হতে লাগল।(১ ট্রিলিয়ন হলো ১,০০০, ০০০,০০০,০০০ বা ১০১২ বা ১ লাখ কোটি।) টেলিস্কোপে তোলা আমাদের মিল্কিওয়ে গ্যালাক্সির কেন্দ্রের ছবি। এই গ্যালাক্সিকে বাংলায় বলা হয় আকাশগঙ্গা ছায়াপথ। এতে হাজার হাজার নক্ষত্র দেখা যাচ্ছে কিন্তু প্রশ্ন হলো, আমাদের বিশ্বজগতের জীবনের প্রথম পর্যায়ের কথা আমরা কীভাবে জানলাম? বর্তমানে আমরা আবিষ্কার করেছি, মাত্র চারটি মৌলিক বল নিয়ন্ত্রণ করছে মহাবিশ্বকে। গ্রহকে কক্ষপথে ঘোরানো থেকে শুরু করে আমাদের দেহ গঠনকারী ছোট কণা পর্যন্ত সবকিছু নিয়ন্ত্রণ করছে চারটি বল। কিন্তু মহাবিস্ফোরণের ঠিক পরমুহূর্তে এই চারটি বলের সব কটি একটিমাত্র বল হিসেবে বিরাজ করছিল। মহাবিশ্ব প্রসারিত হওয়ার সঙ্গে সঙ্গে তা ক্রমে ঠান্ডাও হতে লাগল। ক্ষণিক এ সময় বিজ্ঞানীদের কাছে প্ল্যাঙ্ক যুগ নামে পরিচিত। এই কালের নাম দেওয়া হয়েছে বিখ্যাত জার্মান বিজ্ঞানী ম্যাক্স প্ল্যাঙ্কের নামানুসারে। এ সময়ের শেষ দিকে অন্য সব বল থেকে একটা বল আলাদা হয়ে গেল। সেই বল হলো গ্র্যাভিটি বা মহাকর্ষ। নক্ষত্রগুলো ও গ্রহদের একত্রে ধরে রেখে ছায়াপথ বা গ্যালাক্সি গঠন করে এই মহাকর্ষ। আবার সূর্যের চারপাশে নির্দিষ্ট কক্ষপথে পৃথিবীকে আটকে রাখে এই বল। আবার ১১ বছর বয়সী কোনো শিশুকে বাস্কেটবল ডাঙ্কিং করতে বাধা দেয় এটা। এ ছাড়া আরও অনেক কিছুই রয়েছে। মহাকর্ষ যে সব সময় টানে, তার একটা সরল প্রমাণ দেখানো যাক। তোমার হাতের বইটি বন্ধ করো। এরপর বইটি পার্শ্ববর্তী কোনো টেবিলে কয়েক ইঞ্চি ওপরে তুলে ধরো। এবার বইটি ছেড়ে দাও। কী ঘটল? মহাকর্ষ এভাবেই কাজ করে। (তোমার বইটি যদি নিচে না পড়ে যায়, তাহলে এখনই আশপাশের কোনো অ্যাস্ট্রোফিজিসিস্টকে খুঁজে বের করো। সেই সঙ্গে মহাজাগতিক জরুরি অবস্থাও ঘোষণা করতে হবে।)

অবশ্য আদিম মহাবিশ্বের প্রথম কয়েক মুহূর্তে সেখানে মহাকর্ষ কাজ করার জন্য কোনো গ্রহ কিংবা কোনো বই বা ১০ বছর বয়সী কোনো বাস্কেটবল খেলোয়াড়ও ছিল না। মহাকর্ষ তার সবচেয়ে সেরা কাজটি করে বড় বস্তুগুলোর সঙ্গে। সেই তুলনায় আদিম মহাবিশ্বে সবকিছু ছিল অকল্পনীয় রকম ক্ষুদ্র। কিন্তু সেটা ছিল সূচনামাত্র। বিশ্বজগৎ তখনো কেবল বেড়েই চলছিল। এরপর প্রকৃতির অন্য তিনটি প্রধান বল পরস্পর থেকে আলাদা হয়ে গেল। এই বলগুলোর প্রধান কাজ হলো মহাবিশ্বের পরিপূর্ণ ক্ষুদ্র কণাদের বা পদার্থের টুকরাগুলোর নিয়ন্ত্রণ করা। চারটি বল পরস্পর থেকে আলাদা হয়ে যাওয়ার পর যা হলো, সেটাই আসলে একটা মহাবিশ্ব গঠনের জন্য দরকার। চারটি বল হলো মহাকর্ষ, সবল নিউক্লিয়ার বা পারমাণবিক বল, দুর্বল নিউক্লিয়ার বল এবং বিদ্যুৎ—চুম্বকীয় বল।

নক্ষত্রের কাজকারবার ছিল অনেকটা রান্নাঘরের প্রেশার কুকারের মতো। এরা অতিক্ষুদ্র কণাগুলোকে একত্র করে বড় থেকে আরও বড় মৌল গঠন করতে বাধ্য করছিল

শুরুর পর ১ সেকেন্ডের ট্রিলিয়ন ভাগের ১ ভাগ সময় পেরিয়ে গেছে। কিন্তু মহাবিশ্বের আকার তখনো অতিক্ষুদ্র। এত ক্ষুদ্র যে তা কল্পনাও করা যায় না। সেই সঙ্গে উত্তপ্তও বটে। এ সময় বিভিন্ন কণার ভিড় হতে শুরু করে। এই বিন্দুতে কণা ছিল মোট দুই ধরনের। এদের একটার নাম কোয়ার্ক। অন্যটা লেপটন। কোয়ার্ক নাম দেওয়া হয়েছিল মার্করে সঙ্গে ছন্দ মিলিয়ে। কোয়ার্করা অদ্ভুতুড়ে জানোয়ারের মতো। তুমি কখনোই শুধু কোনো কোয়ার্ককে আঁকড়ে ধরতে পারবে না। এরা সব সময় কাছাকাছি থাকা অন্যদের সঙ্গে আটকে থাকবে। আমি নিশ্চিত, তোমার অন্তত একটা বন্ধু অথবা ক্লাসমেট আছে, যাদের আচরণ ঠিক এ রকম। কোয়ার্ক হলো সেই সব বাচ্চার মতো, যারা কখনো একা একা কোনো কাজ করতে চায় না। এমনকি রেস্টরুমেও একা একা যেতে চায় না তারা। দুটি বা তার চেয়ে বেশি কোয়ার্ককে একধরনের বল একত্র করে রাখে। কোয়ার্কদের আলাদা করতে গেলে সেই বলের পরিমাণ হুট করে আরও বেড়ে যায়। যেন কোয়ার্কগুলো কোনো ধরনের খুদে অদৃশ্য রাবার ব্যান্ড দিয়ে আটকানো। তাদের যথেষ্ট পরিমাণ আলাদা করা সম্ভব হলে ওই অদৃশ্য রাবার ব্যান্ড ছিঁড়ে যায়। তারপর সঞ্চিত শক্তি থেকে প্রতিটির শেষ প্রান্তে তৈরি হয় নতুন একটা করে কোয়ার্ক। এভাবে জোড়া থেকে আলাদা করা প্রতিটির একটা করে নতুন বন্ধু জুটে যায়। মনে মনে একবার ভাবো, তোমার স্কুলে এ রকম অবিচ্ছেদ্য বাচ্চাদের ক্ষেত্রেও যদি একই ঘটনা ঘটত এবং তারা যদি অঙ্কুরিত হয়ে দ্বিগুণ হয়ে যেত, তাহলে ব্যাপারটা কী হতো। তাহলে তোমার শিক্ষক নিঃসন্দেহে বিস্ময়ে একেবারে থ হয়ে যেতেন।

অন্যদিকে লেপটন হলো নিঃসঙ্গ, একা। কোয়ার্কদের যে বল একত্র করে, লেপটনের ওপর তার কোনো প্রভাব নেই। কাজেই লেপটন কখনো গুচ্ছভাবে একত্র হয় না। সবচেয়ে পরিচিত একটি লেপটন হলো ইলেকট্রন।

এসব কণা ছাড়াও মহাবিশ্বে তখন প্রচণ্ড শক্তিতে টগবগ করছিল। আর এই শক্তি বিরাজ করছিল তরঙ্গরূপী প্যাকেট বা আলোকশক্তির গুচ্ছ হিসেবে। এদের বলা হয় ফোটন। এখানেই সবকিছু অদ্ভুত হয়ে ওঠে। মহাবিশ্ব এতই উত্তপ্ত ছিল যে এসব ফোটন নিয়মিতভাবে পদার্থ ও প্রতিপদার্থ কণাজোড়ায় রূপান্তরিত হচ্ছিল। এরপর এসব জোড়া পরস্পরের সঙ্গে সংঘর্ষের মুখে পড়ে আবার রূপান্তরিত হচ্ছিল ফোটনে। কিন্তু রহস্যময় কোনো কারণে এসব রূপান্তরের এক বিলিয়নের মধ্যে মাত্র একটা পদার্থকণা তৈরি হচ্ছিল কোনো প্রতিপদার্থ সঙ্গী ছাড়াই। এসব নিঃসঙ্গ কিছু যদি বেঁচে না যেত, তাহলে মহাবিশ্বের কোনো পদার্থই আর অবশিষ্ট থাকত না। আর এটা আসলে দারুণ ব্যাপার। কারণ, আমরা সবাই পদার্থ দিয়ে তৈরি। অ্যান্ড্রোমিডা গ্যালাক্সি। এরকম লাখো কোটি গ্যালাক্সি গড়ে উঠেছে সময়ের সঙ্গে সঙ্গে, মহাবিশ্ব মাঝে আমরা টিকে আছি। আমরা জানি, সময় বয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে মহাবিশ্ব ক্রমেই প্রসারিত ও শীতল হতে থাকে। মহাবিশ্ব আমাদের সৌরজগতের আকারের চেয়ে বড় হয়ে যাওয়ার পর দ্রুত হারে কমে যেতে থাকে এর তাপমাত্রা।

তবু মহাবিশ্ব তখনো অনেক উত্তপ্ত ছিল। কিন্তু এর তাপমাত্রা তখন নেমে এসেছিল ১ ট্রিলিয়ন ডিগ্রি কেলভিনের নিচে। মহাবিশ্ব শুরু হয়েছিল, বাক্যটি শেষ হতে যে সময় লাগে তার অতিক্ষুদ্র একটা ভগ্নাংশ সময় পেরিয়ে গেছে। ১ সেকেন্ডের মিলিয়ন ভাগের ১ ভাগ। এখন তার আকার আমাদের সৌরজগতের সমান। এর পরিমাণ আড়াআড়িভাবে প্রায় ৩০০ বিলিয়ন কিলোমিটার বা ১৮০ বিলিয়ন মাইল। ১ ট্রিলিয়ন ডিগ্রি কেলভিন তাপমাত্রা খুবই উত্তপ্ত, যা সূর্যের পৃষ্ঠের চেয়েও অনেক বেশি গরম। কিন্তু মহাবিস্ফোরণের একেবারে প্রথম মুহূর্তের সঙ্গে তুলনা করলে ১ ট্রিলিয়ন কেলভিন তাপমাত্রাকে অনেক ঠান্ডাই বলতে হবে। এই কুসুম কুসুম গরম মহাবিশ্ব তখন আর কোয়ার্কগুলোকে রান্না করার মতো যথেষ্ট উত্তপ্ত রইল না। কাজেই তখন নিজ নিজ সঙ্গী খুঁজে নিয়ে ভারী কণা তৈরি করতে লাগল কোয়ার্ক কণারা। কোয়ার্কদের এই সমন্বয়ের ফলে শিগগিরই প্রোটন ও নিউট্রনের মতো পরিচিত পদার্থের রূপের দেখা মিলতে লাগল। মহাবিশ্ব শুরুর পর এতক্ষণে ১ সেকেন্ড সময় পেরিয়ে গেছে।

মহাবিশ্বের আকার তখন আড়াআড়িভাবে কয়েক আলোকবর্ষ। অর্থাৎ সূর্য থেকে তার সবচেয়ে কাছের প্রতিবেশী নক্ষত্রগুলোর দূরত্বের প্রায় কাছাকাছি। তাপমাত্রা কমে তখন নেমে গেছে ১ বিলিয়ন ডিগ্রিতে। এই তাপমাত্রাও আসলে প্রচণ্ড গরম। সেটা এতই উত্তপ্ত যে তা দিয়ে ছোট্ট ইলেকট্রন এবং তাদের বিপরীত কণা পজিট্রন রান্না করার জন্য যথেষ্ট। এই দুই আলাদা কণাগুলো হুট করে উদয় হয় এবং পরস্পরকে ধ্বংস করে অদৃশ্য হয়ে যায়। কিন্তু অন্য কণাদের ক্ষেত্রে যে কথা সত্য, ইলেকট্রনের জন্যও তা সত্য। অর্থাৎ ১ বিলিয়নের মধ্যে মাত্র একটা ইলেকট্রন কণা বেঁচে যাচ্ছিল, কিন্তু ধ্বংস হয়ে গেল বাকি সব কটি। মহাবিশ্বের তাপমাত্রা এরপর নেমে গেল মাত্র ১০০ মিলিয়ন ডিগ্রি কেলভিনে। কিন্তু তারপরও সেটা ছিল সূর্যপৃষ্ঠের চেয়েও অনেক অনেক গরম।

বড় কণাগুলো তারপর পরস্পরের সঙ্গে ফিউজ হতে লাগল। অর্থাৎ কণাগুলো পরস্পর পারমাণবিকভাবে জোড়া লেগে একত্র হতে লাগল। বর্তমানে আমাদের দৃশ্যমান মহাবিশ্ব যেসব পরমাণু দিয়ে গঠিত, তার মৌলিক উপাদান শেষ পর্যন্ত একত্র হলো। অর্থাৎ নক্ষত্র, গ্রহ, তোমার জানালার বাইরের গাছপালা বা বাড়িঘর, তোমার বন্ধুর মোজা, আমার গোঁফ যেসব পরমাণু দিয়ে গঠিত; তার মৌলিক উপাদান। প্রোটনগুলো অন্য সব প্রোটন ও নিউট্রনের সঙ্গে জোড়া লাগতে শুরু করল। এভাবে একসময় গঠিত হলো পরমাণুর কেন্দ্র। একেই বলা হয় পরমাণুর নিউক্লিয়াস। মহাবিশ্ব শুরুর পর দুই মিনিট পেরিয়ে গেছে। সেটি হলে পৃথিবীতে আমাদের চেনাজানা জীবনের উদ্ভব কখনো হতো না। তাহলে বইটি পড়ার জন্য তুমিও কখনো এখানে থাকতে না। মহাবিশ্ব শুরুর পর এতক্ষণে ৯ বিলিয়ন বছর পেরিয়ে গেছে। সাধারণত প্রোটন ও নিউক্লিয়াসের প্রতি আকর্ষিত হবে মহাবিশ্ব জুড়ে ঘুরে বেড়ানো ইলেকট্রনগুলো। ইলেকট্রনের চার্জ ঋণাত্মক। অন্যদিকে প্রোটন বা নিউক্লিয়াসের চার্জ ধনাত্মক বা পজিটিভ। আর জানোই তো, বিপরীত চার্জ পরস্পরকে আকর্ষণ করে। কিন্তু প্রশ্ন হলো, তাদের চার্জ ধনাত্মক আর ঋণাত্মক কেন? আবার তুমি এটাও জিজ্ঞেস করতেই পারো, বিপরীত চার্জ পরস্পরকে আকর্ষণ করে কেন? আসলে এর উত্তরে বলতে হয়, এটাই নিয়ম। তারা আসলে এ রকমই আচরণ করে।

আমার ইচ্ছা করছে, এর চেয়ে ভালো কোনো উত্তর দিই তোমাকে। কিন্তু মহাবিশ্ব আমাদের জন্য বোধগম্য হয়ে উঠবে, এ রকম কোনো বাধ্যবাধকতা নেই। আমি যেটা বলতে পারি, সেটা হলো বহু বহু বছরের বৈজ্ঞানিক গবেষণার মাধ্যমে এই দুই ধারণা গড়ে উঠেছে। এখন হয়তো ভাবতে পারো, তাদের পরস্পরকে আকর্ষণ করতে দিলে তারা একে অপরের সঙ্গে লেগে যাবে বা সংযুক্ত হবে। অবশ্য কয়েক হাজার বছর ধরে মহাবিশ্ব এতই উত্তপ্ত ছিল যে তারা এভাবে একত্র হয়ে উঠতে পারেনি। ইলেকট্রন মুক্তভাবে চলাফেরা করেছে, ফোটনকে সামনে-পেছনে বা এদিক- ওদিক ছুড়ে দিয়েছে। মুক্ত ইলেকট্রন আসলে এ রকমই আচরণ করে।

তবে মহাবিশ্বের তাপমাত্রা ৩ হাজার ডিগ্রি কেলভিনের নিচে নেমে আসার পর এই অবস্থার সমাপ্তি হয়। ৩ হাজার কেলভিন মানে আমাদের সূর্যপৃষ্ঠের প্রায় অর্ধেক তাপমাত্রা। এর ফলে মুক্ত ইলেকট্রনগুলো ওই সব ধনাত্মক চার্জবাহী প্রোটনদের সঙ্গে একত্র হতে থাকে। তারা একত্র হওয়ার পর সব ফোটন মহাবিশ্ব পাড়ি দিতে শুরু করল। এই অক্ষত ফোটন বা আলোকে এখনো শনাক্ত করতে পারেন বিজ্ঞানীরা।

মহাবিশ্ব শুরুর পর ততক্ষণে ৩৮০ হাজার বছর পেরিয়ে গেছে। এ সময় মহাবিশ্ব এমনভাবে প্রসারিত হচ্ছিল, যেন সেটা এক কখনো না ফাটা বেলুন। মহাবিশ্ব যতই বড় হচ্ছিল, ততই তা শীতল হচ্ছিল। এ সময় কাজ শুরু করে মহাকর্ষ। প্রথম কয়েক হাজার বছরে কণাগুলো সব জায়গায় দৌড়াদৌড়ি বা ছোটাছুটি করে বেড়াচ্ছিল। কিন্ডারগার্টেনের বাচ্চাদের খেলার মাঠে ছেড়ে দিলে যে অবস্থা দাঁড়ায়, এসব কণার অবস্থাও ছিল সে রকম। এ সময় মহাকর্ষ এসব কণাদের একত্রে টানতে শুরু করে মহাজাগতিক বিভিন্ন শহরে। মহাবিশ্বের এই শহরগুলোকে বলা হয় গ্যালাক্সি বা ছায়াপথ। এভাবে প্রায় ১০০ বিলিয়ন গ্যালাক্সি গঠিত হলো। প্রতিটি গ্যালাক্সিতে নক্ষত্র বা তারার সংখ্যা ছিল কয়েক শ বিলিয়ন। এসব নক্ষত্রের কাজকারবার ছিল অনেকটা রান্নাঘরের প্রেশার কুকারের মতো। এরা অতিক্ষুদ্র কণাগুলোকে একত্র করে বড় থেকে আরও বড় মৌল গঠন করতে বাধ্য করছিল। বড় নক্ষত্রগুলো উৎপাদন করছিল অনেক বেশি তাপ ও চাপ। সে কারণে সেখানে গঠিত হতে পেরেছিল লোহার মতো ভারী মৌল।

বিগ ব্যাং থেকে মহাবিশ্বের বিস্তৃতি দানবীয় এসব নক্ষত্রের ভেতরে তৈরি হওয়া মৌলগুলো সেখানেই থেকে গেলে, তা আসলে অনর্থক হতো। কিন্তু এই নক্ষত্রগুলো ছিল অস্থিতিশীল। তাই তারা একসময় বিস্ফোরিত হয়ে তাদের ভেতরের মৌলগুলোকে ছায়াপথের চারদিকে ছড়িয়ে—ছিটিয়ে দেয়। মহাবিশ্বের সূচনা হওয়ার ৯ বিলিয়ন বছর পর, মহাবিশ্বের গড়পড়তা একটা অংশে, একটা গড়পড়তা ছায়াপথে জন্ম নেয় একটা গড়পড়তা সাধারণ নক্ষত্র। সেটা ছিল আমাদের সূর্য।

কিন্তু সেটা গঠিত হলো কীভাবে? কণা আর ভারী মৌল দিয়ে ঠাসাঠাসি বিপুল পরিমাণ গ্যাসীয় মেঘ মহাকর্ষের টানে ধীরে ধীরে পুঞ্জীভূত হতে থাকে। ওই সব কণা ও ভারী মৌলের মধ্যে ছিল অতিরিক্ত প্রোটন ও নিউট্রনও। সেগুলো একে অপরকে কেন্দ্র করে ঘুরতে শুরু করলে মহাকর্ষ তাদের পরস্পরের আরও কাছে আসতে বাধ্য করে। এভাবে তারা পরস্পরের সংঘর্ষের মুখে পড়ে এবং জোড়া লেগে একত্র হয়।

একবার সূর্য জন্ম নেওয়ার পরও এই গ্যাসীয় মেঘের ভেতর অবশিষ্ট ছিল প্রচুর পরিমাণে মহাজাগতিক উপাদান। এই গ্যাসীয় মেঘ থেকে বেশ কয়েকটি গ্রহ এবং উল্কা নামের হাজার হাজার মহাকাশীয় পাথর আর কোটি কোটি ধূমকেতু তৈরি হওয়ার মতো যথেষ্ট পদার্থ ছিল। এগুলো তৈরি হওয়ার পরও আরও পদার্থ অবশিষ্ট ছিল সেখানে। অন্য সব মহাজাগতিক বস্তুর দিকে সজোরে ছুটে গেল এই পথভ্রষ্ট আবর্জনা।

এই সংঘর্ষ এতই শক্তিশালী ছিল যে তাদের কারণে পাথুরে গ্রহগুলোর পৃষ্ঠতল গলে গিয়েছিল। সৌরজগতের চারপাশে এসব আবর্জনার পরিমাণ কমে যাওয়ার কারণে এসব প্রভাবও কমে গেল। তাতে গ্রহদের পৃষ্ঠতলও শীতল হতে শুরু করে। পৃথিবী এমন জায়গায় গড়ে ওঠে, যাকে সূর্যের চারপাশে আমরা একধরনের গোল্ডিলকস জোন বলি। তোমার হয়তো মনে আছে, গোল্ডিলকস কখনো খুব বেশি গরম বা খুব বেশি ঠান্ডা পরিজ খেতে পছন্দ করত না। একইভাবে পৃথিবীও সৌরজগতের এমন এক জায়গায় অবস্থিত, যাকে বলা হয় সূর্য থেকে একেবারে যথার্থ দূরত্ব। পৃথিবী যদি সূর্যের খুব কাছে হতো, তাহলে সাগর-মহাসাগরের সব জল বাষ্পীভূত হয়ে উবে যেত। আবার সূর্য থেকে বেশি দূরে থাকলেও জমে বরফ হয়ে যেত সাগর-মহাসাগরের সব জল।

# দাবদাহ বা তাপপ্রবাহ কী?

**আব্দুল্লাহ আল মাকসুদ।।** বেশ কয়েকদিন ধরে প্রচণ্ড গরম আবহাওয়া বিরাজ করছে দেশজুড়ে। অসহনীয় গরমে জনজীবন বিপর্যস্ত। শুধু যে গরম, তাই নয়; কমে গেছে বাতাসের আর্দ্রতাও। ফলে চামড়ায় জ্বলুনি বা ঠেঁট ফাটার মতো ঘটনাও ঘটছে। তীব্র এই গরম আবহাওয়াকে বলা হয় দাবদাহ বা তাপপ্রবাহ। পৃথিবীর প্রায় সব অঞ্চলেই দাবদাহ হয় কমবেশি। আমাদের দেশেও গ্রীষ্মকালে দেখা যায় দাবদাহ। কিন্তু কী এই দাবদাহ? কেন আবহাওয়া এত উত্তপ্ত হয়?

বিশাল এলাকা জুড়ে গরম হাওয়া আটকা পড়লে দেখা দেয় দাবদাহ। পৃথিবীজুড়ে প্রবাহিত হওয়ার বদলে যখন নির্দিষ্ট অঞ্চলে বাতাসের কিছু অংশ আটকা পড়ে, তখন সেই বায়ুর তাপমাত্রা বাড়তে থাকে ক্রমাগত। বলা বাহুল্য, এই তাপের উৎস সূর্য। প্রশ্ন হলো, বায়ুমণ্ডলের নির্দিষ্ট অঞ্চলে কিছু বাতাস কেন আটকা পড়ে?

এর কারণ, উচ্চচাপ। গ্রীষ্মকালে দিনের দৈর্ঘ্য সাধারণত বড় হয়। এরকম দিনে ভূপৃষ্ঠে সূর্যের আলো পড়ে অনেকটা বেশি সময় ধরে। ভূপৃষ্ঠ এই তাপ প্রতিফলিত করে। জলাধার বেশি থাকলে এই তাপের কিছুটা শোষিত হয়। তবে ভূপৃষ্ঠে জলাধারের পরিমাণ কম থাকলে, সেখান থেকে প্রচুর তাপ প্রতিফলিত হয় বায়ুমণ্ডলে। ফলে অতিদ্রুত বায়ুমণ্ডল উত্তপ্ত হয়। বিশাল এলাকা জুড়ে ভূপৃষ্ঠে বাতাস এমন হঠাৎ উত্তপ্ত হলে আশপাশের ও ওপরের অপেক্ষাকৃত শীতল বায়ু একটা বদ্ধ ব্যবস্থা (সিস্টেম) তৈরি করে। এই সিস্টেমে চাপের পরিমাণ অনেক বেশি থাকে।

জাতিসংঘের ইন্টারগভর্নমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ (IPCC)-এর মতে, কোনো অঞ্চলে দুই দিন থেকে মাসখানেক সময় ধরে অতি অস্বাভাবিক গরম আবহাওয়া বিরাজ করলে সেটাকে দাবদাহ বলা যাবে। অঞ্চল ভেদে দাবদাহের তাপমাত্রা আলাদা হয়। যেমন কোনো অঞ্চলের স্বাভাবিক গড় বা সর্বোচ্চ তাপমাত্রা যদি ২০ ডিগ্রি সেলসিয়াস হয়, তাহলে সেখানে কয়েকদিন ধরে ৩০ ডিগ্রি তাপমাত্রা বিরাজ করলে সেটাকে দাবদাহ বলা হবে। কিন্তু যে অঞ্চলের স্বাভাবিক গড় বা সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস, সেখানে কিন্তু এটাকে দাবদাহ বলা যাবে না। মোট কথা, দাবদাহ হওয়ার কোনো নির্ধারিত তাপমাত্রা নেই। ওয়ার্ল্ড ব্যাংকের ক্লাইমেট নলেজ পোর্টালে প্রকাশিত এক প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশের গড় তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস। তাপমাত্রার ব্যাপ্তিটা হলো, ১৫ থেকে ৩৪ ডিগ্রি সেলসিয়াস। তাই আমাদের দেশের ক্ষেত্রে কোনো অঞ্চলের তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস হলে সেটাকে মৃদু দাবদাহ বলে ধরা হয়। তাপমাত্রা ৩৮ ডিগ্রি সেলসিয়াস পেরিয়ে গেলে ধরা হয় মাঝারি দাবদাহ। আর তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস অতিক্রম করলে ধরা হয় তীব্র দাবদাহ চলছে। ঢাকায় বর্তমানে তীব্র দাবদাহের কাছাকাছি তাপমাত্রা রয়েছে।

দাবদাহ প্রাণ-বৈচিত্র্যের জন্য ভালো কিছু নয়। এর ফলে ফসলের মারত্মক ক্ষতি হয়। হাইপারথার্মিয়া বা অতিগরমে অসুস্থ হয়ে পৃথিবীজুড়ে প্রতিবছর মারা যান হাজারও মানুষ। দাবানলের ঝুঁকি বাড়িয়ে তোলে দাবদাহ। এ ছাড়াও, গরম থেকে বাঁচতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বেশি ব্যবহৃত হয়, তাই বিদ্যুৎ খরচ বেড়ে যায় দাবদাহের ফলে। আবহাওয়া পর্যবেক্ষণের সাধারণ যন্ত্রপাতি দিয়েই শনাক্ত করা যায় এ দাবদাহ। দাবদাহের সময় শারীরিক ও মানসিক বিপর্যয় এড়াতে আমাদের সবাইকে সচেতন হতে হবে। বেশি করে জল পান করতে হবে। শরীরকে আর্দ রাখা এ সময় খুব জরুরী। অতি প্রয়োজন ছাড়া এ সময় সরাসরি বাইরে থাকা উচিত নয়। ঘরের জানালা ভারী, অর্থাৎ তাপের কুপরিবাহী পর্দা দিয়ে ঢেকে রাখা যেতে পারে। এতে ঘরের তাপ সহনীয় থাকবে। বাইরে থেকে অসহ্য তাপ ভেতরে প্রবেশ করতে পারবে না। তবে পর্দা মাঝে মাঝে সরিয়ে ঘরের ভেতরের বদ্ধ বাতাস বেরোনোর সুযোগও করে দিতে হবে।

# যোগীজীকে গুরু বলে মেনে নিন মমতা-অভিষেককে পরামর্শ দীনেশ শর্মার

**কলকাতা, ৯ জুন (হি. স.) :** "যোগীজীকে গুরু বলে মেনে নিন। তাতে 'বুয়া ভাতিজা'-র মঙ্গল হবে। প্রশাসনের গুরুমন্ত্র মমতা-অভিষেক শিখে নিন উত্তরপ্রদেশ থেকে। বুধবার রাতে রাজারহাটের একটি হোটেলের ৩০ তলায় বসে তাঁর এই বক্তব্যের কারণ ব্যাখ্যা করলেন উত্তরপ্রদেশের এমএলসি, ওই রাজ্যের প্রাক্তন উপ মুখ্যমন্ত্রী দীনেশ শর্মা।

বিজেপি-র 'মহাসম্পর্ক অভিযান'-এ এসে বৃহস্পতিবার সকাল ন'টা নাগাদ সপারিষদ বেরিয়ে পড়ছেন দীনেশবাবু। ফেরার কথা রাত ন'টায়। দক্ষিণ ২৪ পরগণার জয়নগরে সাতটি অনুষ্ঠান আছে। সঙ্গে থাকছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ত্রিপুরার প্রতিমা ভৌমিকও। 'হিন্দুস্থান সমাচার'-এর প্রতিনিধিকে ক্ষোভের সঙ্গে দীনেশবাবু জানালেন, বুধবারও গিয়েছিলাম অভিষেকের ডেরায়। এত ভয় জানেন, আমতলা অঞ্চলে। আমাদের একটা সভার অনুমতিই পেলাম না। তবে আরও সভা করেছি। এই গরম সত্বেও বহু লোক এসেছিলেন।

শনিবার কলকাতায় এসেছেন লখনউয়ের প্রাক্তন মেয়র, বিজেপি-র অভিজ্ঞ নেতা দীনেশ শর্মা। এই প্রতিবেদককে জানালেন, " বালেশ্বরের ট্রেন দুর্ঘটনার পর দুর্গতদের বিভিন্ন পরিবারের অবস্থা স্বচক্ষে দেখার সুযোগ হল। বীরভূমের দুটি গ্রামে এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে হতাহতদের স্বজনদের কাছে গিয়েছিলাম। অভিশপ্ত ট্রেনে যত যাত্রী ছিলেন, বেশিরভাগই রুজির আশায় দক্ষিণ ভারতের নানা স্থানে যাচ্ছিলেন। কেউ সপরিবারে, কেউ পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে। কিন্তু পশ্চিমবঙ্গে যদি কাজের যথেষ্ঠ সুযোগ থাকত এভাবে ওঁদের ভিন রাজ্যে যেতে হত?

পশ্চিমবঙ্গে অতীতে বহুবার এসেছেন দীনেশবাবু। বিজেপি-র সর্বভারতীয় সহ সভাপতি-সহ নানা সময়ে দলের নানা দায়িত্বে ছিলেন। তাঁর স্পষ্ট অনুভব, " কী ছিল এই রাজ্য! ইস্ট ইণ্ডিয়া কোম্পানি কলকাতায় প্রথমে এসেছিল। শিল্প, শিক্ষা প্রায় সব কিছুতেই আক্ষরিক অর্থে ছিল 'সোনার বাংলা'। সেই বাংলা আজ হতদরিদ্র।" দীনেশবাবুর কথায়, "বাঙালির একটা বড় অংশ শ্রমিক হিসাবে ভিন রাজ্যে যেতে বাধ্য হচ্ছে। গরিব আরও গরিব, আমীর আরও আমীর হচ্ছে! বড় বড় কেলেঙ্কারি (ঘোটালা) হচ্ছে। অপরাধীর সাজা হচ্ছে না! আইনশৃঙ্খলার অবস্থা তথৈবচ। বিধানসভার গত নির্বাচনের পর বিজেপি কার্যকর্তারা ক্রমান্বয়ে আক্রান্ত হয়েছেন। অনেকে খুন হয়েছেন। তাঁদের বাড়িঘরে ভাঙচুর বা অগ্নিসংযোগ হয়েছে।"

এই প্রতিবেদককে দীনেশবাবু বলেন, "গত ক'দিন ধরে পশ্চিমবঙ্গের বেশ কিছু অঞ্চল দেখলাম। বহু গ্রামে বিদ্যুৎ বা পানীয় জল নেই। থাকলেও নাম কা ওয়াস্তে। রাস্তা বেহাল। বুয়া-ভাতিজা (মমতা অভিষেক) উত্তরপ্রদেশে গিয়ে দেখে আসুন। ওঁরা যোগীজীর কাজে গুরুমন্ত্র নিন। রাজ্যশাসন কীভাবে করতে হয় শিখুন। যোগীজী কিভাবে উত্তরপ্রদেশের বুয়া-ভাতিজাকে (মায়াবতী-অখিলেশ) শিক্ষা দিয়েছেন, আমরা দেখেছি। পশ্চিমবঙ্গেও বুয়া-ভাতিজাকে শিক্ষা দেবে বিজেপি।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# মনোনয়ন জমাকে কেন্দ্র করে পুলিশ ও বিজেপি কর্মীদের বচসায় উত্তেজনা নন্দীগ্রামে



নন্দীগ্রাম, ৯ জুন (হি. স.) : আগামী ৮ জুলাই রাজ্য পঞ্চায়েত ভোট। শুক্রবার থেকেই শুরু হয়েছে মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া। তা চলবে ১৫ জুন পর্যন্ত। মনোনয়ন জমার প্রথম দিনে পুলিশ ও বিজেপি কর্মীদের বচসায় উত্তেজনা ছড়াল নন্দীগ্রামে। নন্দীগ্রামের হরিপুর অঞ্চলের বিজেপি প্রার্থীরা প্রথম দিনেই মনোনয়ন জমা করলেন নন্দীগ্রাম-১ ব্লকের বিডিও অফিসে গিয়ে। সঙ্গে প্রচুর বিজেপির কর্মী-সমর্থক থাকায় প্রার্থীদের আটকে দেওয়ার অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। নন্দীগ্রাম থানা থেকে ব্লক অফিস যাওয়ার রাস্তা অত্যন্ত সরু। সেই কারণে বিজেপি কর্মীদের বাধা দেয় বলে জানিয়েছে পুলিশ। এর পরই পুলিশ ও বিজেপি কর্মীদের মধ্যে বচসা বাধে। বৃহস্পতিবার ১৪ জন প্রার্থী বিজেপির তমলুক সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদক মেঘনাদ পালের নেতৃত্বে জানকীনাথ মন্দিরে পুজো দেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নির্বাচনী এজেন্ট তমলুক সাংগঠনিক জেলা বিজেপির সাধারণ সম্পাদক মেঘনাথ পালের নেতৃত্বে শতাধিক বিজেপি কর্মীর সমর্থক মিছিল করে মনোনয়ন জমা দিতে বিডিও অফিসে যান। বিজেপির কর্মী-সমর্থকদের সংখ্যায় বেশি থাকায় প্রার্থীদের আটকে দেওয়ার অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে।এরপরই পুলিশ ও বিজেপি কর্মীদের মধ্যে বচসা বাধে। পরে অবশ্য পুলিশের নির্দেশ মতো কেবল প্রার্থীরাই বিডিও অফিসে গিয়ে মনোনয়ন জমা দেন।

## গরমের জ্বালায় রেল লাইনে ঘুমিয়ে প্রাণ গেল এক যুবকের

আগরতলা, ৯ জুন(হি.স.) : গরমের জ্বালায় অতিষ্ঠ হয়ে রেল লাইনে ঘুমানোর কারণে রেলে কাটা পড়ে মৃত্যু হয়েছে এক যুবকের। শুক্রবার সকালে পেচারথল থানাধীন নবীন ছড়া রেলের ওভারব্রিজ সংলগ্ন এলাকায় ওই ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। স্থানীয় মানুষ ঘটনটি প্রত্যক্ষ করে খবর পাঠিয়েছে পেচারথল থানায়। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছেন।

জনৈক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, শুক্রবার সকালে পেচারথল থানাধীন নবীন ছড়া রেলের ওভারব্রিজ সংলগ্ন এলাকার স্থানীয় মানুষ রেলে লাইনে এক যুবককের দ্বিখন্ডিত মৃতদেহ দেখতে পেয়েছে। স্থানীয় মানুষ সাথে পেচারথল থানায় খবর পাঠিয়েছে। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে।

তিনি আরও জানিয়েছেন, মৃত ব্যক্তি ওই এলাকার বাসিন্দা তপন চাকমা। বৃহস্পতিবার রাতে অত্যাধিক গরমে বাড়ি থেকে বেরিয়ে রেল লাইনে এসে ঘুমিয়ে পড়েছিল। আজ সকালে রেল লাইন থেকে তাঁর মৃতদেহ উদ্ধার হয়েছে। প্রাথমিক ধারণা, ঘুমন্ত অবস্থায় পণ্যবাহী ট্রেন তাঁকে চাপা দিয়েছে।

# অমিত শাহ-শুভেন্দু বৈঠক নিয়ে কৌতূহল নানা মহলে



নয়াদিল্লি, ৯ জুন (হি. স.) : রাজ্যে শিক্ষায় নিয়োগ দুর্নীতির তদন্তে ইডি-সিবিআইয়ের তৎপরতার মধ্যেই দিল্লিতে গিয়ে অমিত শাহের সঙ্গে বৈঠক করলেন পশ্চিমবঙ্গের শুভেন্দু অধিকারী।

শুক্রবার সকালে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর তলব পেয়ে দিল্লি রওনা দেন বিরোধী দলনেতা। দিল্লিতে নর্থ ব্লকে শাহের দফতরে ৪৫ মিনিট ধরে ২ জনের বৈঠক হয় বলে শুভেন্দুবাবুর ঘনিষ্ঠ মহল সূত্রে জানা গিয়েছে। তবে বৈঠকে কী নিয়ে আলোচনা হয়েছে, সে ব্যাপারে কেউই মুখ খুলতে চাননি। বৃহস্পতিবার রাজ্যে পঞ্চায়েত ভোটের দিন ঘোষণা করেছে নির্বাচন কমিশন।

তার পরের দিন সকালেই শুভেন্দুবাবুকে শাহের তলব রাজনৈতিক দিক থেকে আলাদা নজর কেড়েছে।

পঞ্চায়েত ভোটে বেশ কিছু দাবি নিয়ে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয়েছে বিজেপি। যার মধ্যে রয়েছে কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট করানোর দাবি। কেন্দ্রীয় বাহিনী দিয়ে সুষ্ঠু ভোট করানোর দাবি প্রথম থেকেই জানিয়ে এসেছেন শুভেন্দুবাবু। আবার, শিক্ষায় নিয়োগ দুর্নীতির তদন্তে সিবিআইয়ের পর আগামী মঙ্গলবার অভিষেক বন্দ্যোপাধ্যায়কে তলব করেছে ইডি (এনফোর্সমেন্ট ডিরেক্টরেট)। শুক্রবারই কলকাতায় ফিরবেন শুভেন্দু।

তবে কী নিয়ে বৈঠকে কথা হয়েছে, এ ব্যাপারে কেউই মুখ খুলতে চাইছেন না। বিজেপি সূত্রে খবর, বেশ কিছু ফাইল নিয়ে দিল্লি গিয়েছেন শুভেন্দু।

## বিভিন্ন অঞ্চলে মনোনয়নপত্র জমা দিতে গিয়ে সমস্যায় বিজেপি প্রার্থীরা


কলকাতা, ৯ জুন (হি. স.) : রাণিবাঁধ থেকে বারুইপুর বিভিন্ন অঞ্চলে মনোনয়নপত্র জমা দিতে গিয়ে শুক্রবার সমস্যায় পড়েন বিজেপি প্রার্থীরা। দলের রাজ্য দফতরের হোয়াটসঅ্যাপ গ্রুপে এ কথা জানানো হয়েছে।

অভিযোগ, তুফানগঞ্জ ১ নং ব্লক ভিডিও অফিসে আসন্ন পঞ্চায়েত নির্বাচনের যে মনোনয়নপত্র সময় মত দেওয়ার কথা দুপুর পর্যন্ত পাওয়া যায়নি। একটি ভিডিওতে এ নিয়ে দুপক্ষের মধ্যে প্রবল কথা কাটাকাটিও দেখা যায়।

পূর্ব ঘোষণা মত বিজেপি প্রার্থীরা রানীবাঁধে মনোনয়ন জমা দিতে যান। কিন্তু তাঁরা দেখেন বেলা ১ টা ১০ টেবিল ফাঁকা। অফিসে কোনও অফিসার নেই। পরে জানানো হয় বিডিও অফিস থেকে, শুক্রবার মনোনয়ন জমা সম্ভব নয়। বিজেপি প্রতীক্ষা করলেও সম্পূর্ণরূপে অসহযোগিতা করা হয়। বিজেপি-র তরফে এই অভিযোগের সঙ্গে ফাঁকা মনোনয়নকেন্দ্রর ছবিও প্রচারমাধ্যমের কাছে দাখিল করা হয়েছে।

অপর একটি অভিযোগে পাঁচটি সংশ্লিষ্ট ভিডিও-সহ জানানো হয়েছে, রাজ্য নির্বাচন কমিশন ঘোষণা করেছে আজ দুপুর ১১ টা থেকে মনোনয়ন নেওয়া হবে। কিন্তু সকাল থেকে বিজেপি প্রার্থীরা বিডিও অফিসে যান। এগারোটার পর তাঁরা ডিসিআর কাটতে আর মনোনয়নপত্রর তুলতে যান। কিন্তু বিডিও-র তরফ থেকে কোনও রকম ব্যবস্থা করা হয়নি। সরকারের তরফে এই অসহযোগিতা নিয়ে তীব্র প্রতিবাদ জানান বিজেপি প্রার্থী এবং কার্যকর্তারা।"

## অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন করতে প্রয়োজনীয় পদক্ষেপ হবে, জেলাশাসকদের বার্তা কমিশনের



কলকাতা, ৯ জুন (হি. স.) : অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন করতে প্রয়োজনীয় পদক্ষেপ হবে। শুক্রবার জেলাশাসকদের সঙ্গে নয়া নির্বাচন কমিশনার ভার্চুয়াল বৈঠকে বসেন। সেখানেই এই বার্তা দেন রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা।

দীর্ঘ জল্পনার অবসান ঘটিয়ে বৃহস্পতিবারই রাজ্যের পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণা করেন রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা। আগামী ৮ জুলাই ২২টি জেলায় পঞ্চায়েত নির্বাচন হবে। এক দফাতেই ভোট হবে বলে রাজ্য নির্বাচন কমিশনার জানিয়েছেন। এরপর শুক্রবার জেলাশাসকদের সঙ্গে নয়া নির্বাচন কমিশনার রাজীব সিনহা ভার্চুয়াল বৈঠকে বসেন।

প্রথম দিনের বৈঠকেই রাজ্যের পঞ্চায়েত নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন করতে জেলাশাসকদের বার্তা দেন রাজ্য নির্বাচন কমিশন। কমিশনের নির্দেশ অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন করতে প্রয়োজনীয় পদক্ষেপ হবে। মনোনয়ন ঘিরে যাতে অশান্তি না হয়, সেই নির্দেশ দিল কমিশন। তবে মনোনয়নপত্র জমা দেওয়ার সময়সীমা বাড়ানো হবে কি না, তা নিয়ে এখনও কিছু মন্তব্য করেনি কমিশন। আগামী সোমবার সর্বদল বৈঠক হতে পারে বলে সূত্রের খবর।

যদিও মনোনয়ন জমা দেওয়ার প্রথম দিন থেকেই রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে অশান্তির খবর আসতে শুরু করে। হাওড়ায় মনোনয়নপত্র জমা দেওয়া নিয়ে ক্ষোভ প্রকাশ করে সিপিএম। আবার কোথাও বিক্ষোভ দেখায় বিজেপি।

## ঝড়-বৃষ্টিতে লন্ডভন্ড অভিষেকের সভাস্থল, রাস্তায় আটক কনভয়

নদিয়া, ৯ জুন (হি. স.) : তীব্র গরমের হাত থেকে স্বস্তি দিয়ে ঝমঝমিয়ে বৃষ্টি নামে নদিয়ার বাদকুল্লা-সহ বেশ কিছু জায়গায়। সঙ্গে ঝোড়ো হাওয়া। বাদকুল্লাতে সভা করার কথা তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। ঝড়-বৃষ্টির তাণ্ডবে লন্ডভন্ড অবস্থা বাদকুল্লার সেই সভাস্থলের।

নদিয়ায় যখন এই তুমুল ঝড়-বৃষ্টি, তখন অভিষেকের কনভয় রাস্তায়। বাদকুল্লার দিকে যাচ্ছিল। তুমুল বৃষ্টির মধ্যে রাস্তায় আটকে পড়ে তাঁর কনভয়। বাদকুল্লায় অভিষেকের সভার আয়োজনের দায়িত্বে ছিলেন তৃণমূল নেতা রাজীব বন্দ্যোপাধ্যায়। ঝড়-বৃষ্টির তাণ্ডবের কথা জানানোর সময় তিনি বললেন, 'অনেকদিন ধরেই এই সভার প্রস্তুতি নেওয়া ছিল। মঞ্চ, জনসমাগম সবই ছিল। কিন্তু হঠাৎ করে প্রাকৃতিক দুর্য়োগ ঘটে। কোথাও কোথাও দমকা হাওয়া বয়ে গিয়েছে। বিদ্যুৎ বিপর্যয় হল। যাঁরা সভামঞ্চ তৈরির দায়িত্বে ছিলেন, তাঁদের মধ্যে একজন জল বের করতে গিয়ে গুরুতর আহত হয়েছেন। তাঁকে সঙ্গে সঙ্গে হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়েছে। প্রাকৃতিক দুর্য়োগের কারণে যাঁরা আসছিলেন, তাঁরা অনেকেই আটকে পড়েছেন। কোথাও তোরণও ভেঙে গিয়েছে। কোথাও যানজট তৈরি হয়েছে।'

রাজীব বন্দ্যোপাধ্যায় জানান, সভাস্থলের পরিস্থিতির বিষয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তিনি ফোনে কথা বলেছেন। বললেন, 'পরবর্তীতে সভার বদলে যাতে জনসংযোগ যাত্রা করা যায়, সেই চিন্তাভাবনা করা হচ্ছে।'

# ইউক্রেনের বন্যায় বিধ্বস্ত অঞ্চলে গেলেন জেলেনস্কি, মৃত অন্তত ৫



কিয়েভ, ৯ জুন (হি. স.) : ইউক্রেনের একটি বাঁধ উড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছিল রাশিয়ার বিরুদ্ধে। বাঁধ ভেঙে যাওয়ায় প্রবল বন্যায় ইতিমধ্যেই পাঁচজনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে ৪ হাজার মানুষকে। বৃহস্পতিবার পরিস্থিতি খতিয়ে দেখতে ঘটনাস্থলে যান ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। ক্ষতিগ্রস্থদের জন্য আর্থিক সাহায্য দেওয়ার কথাও ভাবছে ইউক্রেন প্রশাসন।

রাশিয়ার দখলে থাকা দক্ষিণ ইউক্রেনের নোভা কাখোভকা শহরের এই বাঁধটি সোভিয়েত আমলের। ১৯৫৬ সালে তৈরি। ৩০ মিটার উঁচু, ৩.২ কিমি লম্বা ও ১৮ বর্গ কিলোমিটার জুড়ে ছড়িয়ে থাকা বাঁধটি ভেঙে পড়াতে আশঙ্কা তীব্র হয়েছে। বিশাল এলাকায় বাঁধের জলে ছড়িয়ে পড়ছে, ফলে বন্যার ভয়াবহতা আরও বাড়ছে। স্থানীয় গভর্নর অলেকজান্ডার প্রোকুদিন জানান, আগের তুলনায় ১৮ ফিট বেশি হয়েছে বন্যার তীব্রতা। জলের তোড়ে ভেসে গিয়েছে ২৩১ বর্গমাইল এলাকা। ভয়াবহ বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে বন্যা কবলিত এলাকায় যান প্রেসিডেন্ট জেলেনস্কি। সোশ্যাল মিডিয়ায় তিনি লেখেন, সাধারণ মানুষকে এখনও নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিয়ে যেতে হবে। পানীয় জল থেকে শুরু করে অন্যান্য প্রয়োজনীয় জিনিস পৌঁছে দিতে হবে তাঁদের কাছে। তাছাড়াও এই বাঁধ ভেঙে যাওয়ার ফলে ব্যাপক প্রাকৃতিক বিপর্যয় দেখা দেবে, সেটাও সামাল দেওয়া দরকার। এই পরিস্থিতিতে রাশিয়াকে কাঠগড়ায় তুলে কিয়েভ দাবি করেছে, রুশ গোলাতেই ভেঙেছে বাঁধটি। ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি একে 'সন্ত্রাসবাদ' বলে অভিহিত করেছেন। জলমগ্ন করে ক্ষেপণাস্ত্র চালিয়ে জঙ্গিরা ইউক্রেনকে দমাতে পারবে না বলেই মত তাঁর। একই ভাবে রাশিয়ার অভিযোগ, এই বিস্ফোরণের পিছনে রয়েছে জেলেনস্কি প্রশাসন।

## মনোনয়নের প্রথম দিনেই তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষ সালারে

বহরমপুর(মুর্শিদাবাদ), ৯ জুন (হি.স.) : পঞ্চায়েত নির্বাচনের জন্য মনোনয়নের প্রথম দিনেই তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষে জখম ১১। মুর্শিদাবাদের সালারের ঘটনা। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার প্রথম দিনেই তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষ মুর্শিদাবাদের সালারে। শুক্রবার ওই ঘটনায় আহত মোট ১১ জন। সালার বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় দু'পক্ষের সংঘর্ষ বাঁধে। আহতদের সালার গ্রামীণ হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। সালু পঞ্চায়েতের প্রধান মুস্তাক আলি সহ দুজনকে কান্দি মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয়। বাকিদের চিকিৎসা চলছে সালারে। ঘটনায় একে অপরের দিকে অভিযোগের আঙুল তুলেছেন তৃণমূল কংগ্রেসের সালারের ব্লক সভাপতি মুস্তাফিজুর রহমান সুমন ও তৃণমূল যুব কংগ্রেসের রাজ্য কমিটির সদস্য আনিরুল ইসলাম।

এদিকে, শুক্রবার মনোনয়নের প্রথম দিন সামশেরগঞ্জ বিডিও অফিসে পুলিশের পক্ষ থেকে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়। সকাল থেকেই বিডিও অফিসের গেটে মোতায়েন করা হয়েছে পুলিশ। সামশেরগঞ্জ বিডিও অফিসে মনোনয়ন জমা করতে এলেও তা জমা করতে না পেরে ক্ষোভ প্রকাশ করে সিপিএম এবং কংগ্রেস নেতৃত্ব। বিডিও অফিসে প্রস্তুতি না থাকায় কার্যত মনোনয়নের জন্য দীর্ঘক্ষণ ধরেই দাঁড়িয়ে থাকেন বাম ও কংগ্রেসের প্রার্থীরা। মনোনয়ন জমা নেওয়া শেষ হবে ১৫ জুন। ২০ জুন মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন।

## উত্তর-পূর্ব বঙ্গোপসাগরে ঘনীভূত নিম্নচাপ

নয়াদিল্লি, ৯ জুন (হি.স.): উত্তর-পূর্ব বঙ্গোপসাগরে ঘনীভূত হয়েছে নিম্নচাপ, সেই নিম্নচাপের প্রভাবে আগামী ৪৮ ঘন্টার মধ্যেই উত্তর-পূর্বের রাজ্যে অগ্রসর হবে বর্ষা। শুক্রবার এমনটাই জানিয়েছেন ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)-এর ডিজি ডঃ মৃত্যুঞ্জয় মহাপাত্র। শুক্রবার তিনি বলেছেন, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু বৃহস্পতিবার কেরল এবং তৎসংলগ্ন তামিলনাড়ু এলাকায় অগ্রসর হয়েছে। পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে কর্ণাটকের আরও কিছু অংশ, কেরলের অবশিষ্ট অংশ এবং তামিলনাড়ুর কিছু অংশে আরও অগ্রসর হওয়ার জন্য পরিস্থিতি অনুকূল রয়েছে। এছাড়াও উত্তর-পূর্ব বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ তৈরি হয়েছে। এর প্রভাবে, আগামী ৪৮ ঘন্টার মধ্যে বর্ষা উত্তর-পূর্ব রাজ্যগুলিতে অগ্রসর হবে।

ঘূর্ণিঝড় ''''বিপর্যয়'''' সম্পর্কে ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)-এর ডিজি ডঃ মৃত্যুঞ্জয় মহাপাত্র বলেছেন, ঘূর্ণিঝড় বিপর্যয় ভারতীয় উপকূল থেকে দূরে, তাই সরাসরি কোনও প্রভাব পড়বে না। তবে গুজরাট উপকূলের কাছে পরোক্ষভাবে ঝড়ো হাওয়ার গতি শুরু হবে...আমরা মৎস্যজীবীদের ১৩ জুন পর্যন্ত মধ্য আরব সাগর ও ১৫ জুন পর্যন্ত উত্তর আরব সাগর পর্যন্ত না যাওয়ার পরামর্শ দিচ্ছি।

## ওড়িশার ট্রেন দুর্ঘটনায় মৃতদেহ রাখা স্কুলে যেতে ভয় পড়ুয়াদের

বালেশ্বর, ৯ জুন (হি.স.): কিছু দিন আগে ওড়িশার বালেশ্বরে ভয়াবহ ট্রেন দুর্ঘটনা-য় নিহতদের দেহ রাখা হয়েছিল বাহনাগা বাজারের একটি স্কুলে। স্কুল বাড়ির ক্লাসরুমে একে একে রাখা হয়েছিল দেহগুলিকে। বাহনগা বাজার হাইস্কুলকে বানানো হয়েছিল অস্থায়ী মর্গ হিসেবে। ভয়াবহ ট্রেন দুর্ঘটনার আতঙ্কে মুছে এবার জীবনে ফিরছে বালেশ্বর। গ্রীষ্মের ছুটি শেষে খুলছে বাহনগা বাজার হাইস্কুল। কিন্তু ট্রেন দুর্ঘটনায় মৃতদের দেহ রাখায় বাহনগা বাজার হাইস্কুলে তাদের ছেলেমেয়েদের পাঠাতে রাজি নন অভিভাবকরা। ট্রেন দুর্ঘটনার দেহ রাখা স্কুলে যেতে ভয় পাচ্ছে পড়ুয়ারা।

## আইসিসির রাজস্ব বণ্টন মডেল বয়কটের হুঁশিয়ারি পাকিস্তানের

দুবাই, ৯ জুন (হি.স.) : আইসিসির চেয়ারম্যান গ্রেগ বার্কলের সঙ্গে বৈঠক করে নতুন রাজস্ব বণ্টন মডেল নিয়ে অভিযোগ করেছে পিসিবি। আগামী চার বছরের জন্য যে রাজস্ব বণ্টন মডেলের প্রস্তাব করেছে আইসিসি, তাতে পাকিস্তানের অংশ বাড়ানোর কথা জানিয়েছে দেশটির ক্রিকেট বোর্ড।

নতুন রাজস্ব মডেলে আইসিসির আয়ের সর্বোচ্চ ৩৮.৫ শতাংশ পাবে বিসিসিআই। ইংল্যান্ড ৬.৮৯ শতাংশ, অস্ট্রেলিয়া পাবে ৬.২৫ শতাংশ। আর পাকিস্তান পাবে ৫.৭৫ শতাংশ।

ওয়ানডে র‍্যাংকিংয়ে দ্বিতীয় স্থানে আছে পাকিস্তান আর সেরা ১০ খেলোয়াড়ের ৩ জনই পাকিস্তানের। তাই আইসিসিকে রাজস্ব বণ্টন মডেলে পাকিস্তানের অংশ বাড়ানোর দাবি করেছে পিসিবি। প্রস্তাবিত নতুন মডেলে পাকিস্তানের অংশ না বাড়ালে তা বয়কটের হুঁশিয়ারি দিয়েছে পিসিবি।

## মনোনয়নের শুরুতেই আক্রান্ত ক্যানিং পশ্চিম বিজেপির মন্ডল সভাপতি

দক্ষিণ ২৪ পরগণা, ৯ জুন (হি স)। নির্বাচনের শুরুতেই আক্রান্ত বিজেপির মন্ডল সভাপতি। শুক্রবার বিজেপি-র তরফে এই অভিপোগ করা হয়েছে। অভিযোগ, ক্যানিং পশ্চিম এক নম্বর মন্ডলের প্রেসিডেন্ট মনোজ সরকার দুজন সাধারণ সম্পাদককে নিয়ে আজ ক্যানিং বিডিও অফিসে নির্বাচনের ডিসিআর (মনোনয়নপত্র) তুলতে যায়। সেখানে বিডিও অফিস কার্যত ১০০ থেকে ১৫০ বহিরাগত সহ স্থানীয় তৃণমূল দুষ্কৃতীরা দখল করে রেখেছিল। মন্ডল সভাপতি বিডিও অফিসের এর মধ্যে ঢুকলে বেধড়ক মারধর করে এবং সমস্ত কাগজপত্র ছিঁড়ে দেয়!

## কৃতী শ্যানন সীতার চরিত্রে অভিনয় করলেও, সীতা হয়ে উঠতে পারেননি : দীপিকা চিকলিয়া

মুম্বই, ৯ জুন (হি. স.) কৃতী শ্যানন, সীতার চরিত্রে অভিনয় করলেও, সীতা হয়ে উঠতে পারেননি! 'আদিপুরুষ' ছবির ট্রেলার লঞ্চে কৃতী শ্যাননকে পরিচালক ওম রাউতের চুমু খাওয়ার ঘটনায় এভাবেই মুখ খুললেন রামায়ণ ধারাবাহিকের সীতা চরিত্রের অভিনেত্রী দীপিকা চিকলিয়া।৭ জুন, বুধবার কৃতী শ্যাননকে সঙ্গে নিয়ে তিরুপতি দর্শনে যান পরিচালক। ভেঙ্কটেশ মন্দিরে পুজো দিয়ে বেরনোর সময়ে নায়িকার গালে চুমু দিতে দেখা যায় ওম রাউতকে। ভক্তদের ভীড়ে খুব সাবলীলভাবেই পরিচালকের সঙ্গে কৃতীকে শুভেচ্ছা বিনিময় করতে দেখা যায়। সেখানেই বিতর্কের সূত্রপাত! পবিত্র তীর্থস্থানে প্রকাশ্যে নায়িকার গালে চুম্বন করায় ওম রাউতকে তুলোধোনা করেছেন অনেকেই। এবার কৃতীকে তুলোধনা করলেন আগের সীতা দীপিকা চিকলিয়া।দীপিকা বললেন, "বর্তমান প্রজন্মের অভিনেতাদের একটা সমস্যা রয়েছে। তাঁরা চরিত্রের মধ্যে প্রবেশ করতেই পারেন না, আবেগটাও বুঝতে পারেন না।"দীপিকা আরও বলেন, 'আসলে ওদের কাছে রামায়ণ শুধুই হয়ত একটা সিনেমা। কৃতীও সেটাই ভাবেন। তাই ওসব চুমু। আসলে কৃতী নিজেকে সীতা ভাবতেই পারেননি।"

## সৌদিতে মরশুম সেরা একাদশে নেই রোনালদো

সৌদি, ৯ জুন (হি.স.) : ফুটবল বিশ্বকে অবাক করলেন সৌদি আরবের ক্লাব আল-নাসরে যোগ দেওয়া ক্রিস্টিয়ানো রোনালদো। সৌদিআরবে যাওয়ার পর এই পর্তুগিজ সুপারস্টার নেতিবাচক খবরেই সবচেয়ে বেশি শিরোনাম হয়েছেন। তার সঙ্গে যোগ হয়েছিল আল-নাসরের প্রথম মরশুমের শিরোপাহীন থাকা। এই নিয়ে ক্লাব ক্যারিয়ারের চারবার শিরোপাহীন মরশুম কাটালেন ৩৮ বছর বয়সী রোনালদো। এমনকি লিগের মরশুম সেরা একাদশেও জায়গা হয়নি তার।

ফুটবলের তথ্যপঞ্জি নিয়ে কাজ করা "অপটা অ্যানালিস্ট" সৌদি প্রো লিগের মরসুম সেরা দলে রোনালদোকে রাখেনি। রোনালদোর জায়গায় স্থান হয়েছে নাইজেরিয়ান ফুটবলার ইঘালোর। হিলালের এই স্ট্রাইকার লিগের তৃতীয় সর্বোচ্চ ১৯ গোল করেছেন।

## রানিরহাটে দম্পতির দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

রানিরহাট, ৯ জুন (হি. স.) : কোচবিহারের মেখলিগঞ্জ ব্লকের রানিরহাটে শোবার ঘর থেকে দম্পতির দেহ উদ্ধা ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতদের নাম রাজকুমার হরিজন(৩৬) ও মঞ্জিলা হরিজন(২৮)। তাঁরা রানিরহাট গ্রাম পঞ্চায়েতের পলাশতলা এলাকার বাসিন্দা। রাজকুমার জুতো সেলাইয়ের কাজ করতেন। তাঁদের দুটি কন্যা সন্তান রয়েছে।

পরিবার সূত্রে খবর, এদিন ভোর ৪টা ১৫ নাগাদ রাজকুমারের মা সুখমনি হরিজন সকালে ছেলে ও বৌমাকে অনেক ডাকাডাকি করেও তাদের ঘর থেকে সারা শব্দ পান না। তারপরই দরজা খুলে দেখতে পান তারা মেঝেতে মৃত অবস্থায় পড়ে রয়েছে। ঘটনাস্থলে রক্তের দাগও তিনি দেখতে পান। তাঁর চিৎকারে প্রতিবেশীরা ছুটে যান। খবর পেয়ে মেখলিগঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছোয়। মৃতদেহের পাশ থেকে একটি ছুরি উদ্ধার করে পুলিশ। দেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কোচবিহার এমজেএন হাসপাতালে পাঠানো হয়েছে।

# কাজের সন্ধান

## অনলাইনে দরখাস্ত পাঠিয়ে উচ্চমাধ্যমিক পাশদের ইন্ডিয়ান নেভিতে ১৩৬৫ চাকরি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ইন্ডিয়ান নেভিতে অগ্নিবীর, এসএসআর পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদঃ ১৩৬৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, বয়সঃ ১৭-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। এককথায়, উচ্চমাধ্যমিক পাশদের থেকে ১৩৬৫ জন তরুন-তরুনীকে অগ্নিবীর (এসএসআর) পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। শূন্যপদের সংখ্যা আরও বাড়তে পারে, পরবর্তী সময়ে তা জানানো হবে।

ইন্ডিয়ান নেভিতে চাকরি করতে ইচ্ছুক তরুণরা ১৫-০৬-২০২৩-এর হিসেবে ১৭ - ২১ বছরের মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। জন্মতারিখ হতে হবে ০১-১১-২০০২ থেকে ৩০-০৪-২০০৬ এর মধ্যে। শিক্ষাগত যোগ্যতা, বয়স ইত্যাদির বিস্তারিত দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটে প্রদত্ত বিজ্ঞপ্তিতে। এঁদের ক্ষেত্রে নিয়োগ হবে ভারতীয় নৌ-বাহিনীর অগ্নিবীর এসএসআর-০২/২০২৩ ব্যাচে। ট্রেনিং শুরু হবে চলতি ২০২৩ সালের নভেম্বর মাস থেকে।

প্রার্থীবাছাই হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল টেস্টের ভিত্তিতে। ১ ঘন্টার কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের জন্য ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি ওঠ-বস এবং ১২টি পুস আপ। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ৮ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ১৫টি ওঠ-বস এবং ১০টি বেন্ট নী সিট আপ। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা। ত্রিপুরার প্রার্থীদের জন্য পরীক্ষা কেন্দ্র শিলং অথবা কলকাতায় হতে পারে। তবে দরখাস্তের সময়ে আরও বিস্তারিত জেনে নেবেন। পরীক্ষা নেওয়া হবে জুলাই অথবা আগস্টে। তবে নির্দিষ্ট দিনক্ষণ এখনও জানানো হয়নি। পরীক্ষার স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে কললেটারের মাধ্যমে। কল লেটার ডাউনলোড করে নিতে হবে পরীক্ষার ১৫ দিন আগে, নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনএ চিঠি পাঠানো হবে না। পূর্ব ভারত সহ অন্যান্য পরীক্ষাকেন্দ্রের নাম ও কোড নম্বর জানতে পারেন এঁদের ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে ১৫ জুন-এর মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ১৫ জুন। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে নির্ধারিত ফি পেমেন্ট করবেন বিজ্ঞপ্তিতে বলা নির্দিষ্ট পদ্ধতি অনুযায়ী। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার 'ই-রিসিপ্ট' ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। তবে চালানের মাধ্যমে ফি জমার পন্থায় না গিয়ে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা বা ইন্টারভিউর দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড,প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন।

শূন্যপদগুলো হলো, ক্রমিক নং (এ) অগ্নিবীর (এসএসআর) ঃ মোট শূন্যপদ ১৩৬৫টি। এর মধ্যে মহিলাদের জন্য ২৭৩টি পদ সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা, বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। প্রথম বিভাগের নম্বর থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। জন্মতারিখ হতে হবে ০১-১১-২০০২ থেকে ৩০-০৪-২০০৬ এর মধ্যে। প্রতি ক্ষেত্রেই শারীরিক মাপঝোকের হিসেবে দেহের উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি। এছাড়া, বয়স ও উচ্চতার পাশাপাশি মানানসই ওজন যেমন চাই, তেমনি ত্রুটিহীন দৃষ্টিশক্তিও থাকা চাই। প্রথমে ১৫ সপ্তাহের বেসিক ট্রেনিং হবে চিল্কায়। ট্রেনিংয়ের সময় কেন্দ্রীয় হারে স্টাইপেন্ড দেওয়া হলেও সফল ট্রেনিং শেষে নিয়োগের পর মূল মাইনে ডিফেন্স পে মেট্রিক্সের নির্দিষ্ট লেভেল অনুযায়ী সেবা নিধি কত হবে তা বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখে নিতে হবে।

## কোলফিল্ডে চাকরির লক্ষ্যে ৬০৮ এপ্রেন্টিস ত্রিপুরা থেকে অনলাইনে আবেদনের সুযোগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** বহিঃরাজ্যে বিশেষ করে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সেন্ট্রাল কোলফিল্ডে চাকরির উদ্দেশ্যে এপ্রেন্টিস পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ৬০৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি পাশদেরও কিছু পদ রয়েছে। বয়স ঃ ১৮-২৭ বছর, এস সি/ এস টি প্রার্থীরা ৫ বছরের এবং ওবিসি প্রার্থীরা ৩ বছরের যথারীতিবয়সের ছাড় পাবেন। এছাড়াও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা ১০ বছরের ছাড় পাবেন। অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন, বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। ত্রিপুরার প্রার্থীদের অনলাইনে দরখাস্ত পাঠানো সুবিধা রয়েছে। ইন্টারভিউ বা সাক্ষাৎকারের সময়সূচি পরে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

কোলফিল্ডে বিশেষ করে সেন্ট্রাল কোলফিল্ডে কেন্দ্রীয় সরকারের অধীনে চাকরির জন্য এধরনের ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। সেন্ট্রাল কোলফিল্ডে এখন ট্রেড এপ্রেন্টিস হিসেবে ৬০৮ জনকে বাছাইয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। মোটকথা, সেন্ট্রাল কোলফিল্ডে ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ১৯-০৪-২০২৩-এর হিসেবে ১৮ থেকে ২৭ বছর বয়স হলে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর - সি.সি.এল/ এপ্রেন্টিস টিআরজি/ নোটিফিকেশন/ ২৩-২৪/ ২৫, তারিখ ২৩ মে, ২০২৩। ট্রেড অনুযায়ী আসন সংখ্যার বিভাজন, প্রশিক্ষণ কাল, যোগ্যতা এই রকম — ট্রেড এপ্রেন্টিস হিসেবে ক্রমিক নং (১) ইলেকট্রিশিয়ান ২৬০টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - মাধ্যমিকের পর ইলেকট্রিশিয়ান ট্রেডে আইটিআই পাশ। মাসিক স্টাইপেন্ড ৭০০০ টাকা। ক্রমিক নং (২) ফিটার ট্রেডে ১৫০টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - মাধ্যমিকের পর ফিটার ট্রেডে আইটিআই পাশ। মাসিক স্টাইপেন্ড ৭০০০ টাকা। ক্রমিক নং (৩) মেকানিক ডিজেল ট্রেডে ৪০টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - মাধ্যমিকের পর মেকানিক ডিজেল ট্রেডে আইটিআই পাশ। মাসিক স্টাইপেন্ড ৭০০০ টাকা। ক্রমিক নং (৪) কোপা ট্রেডে ১৫টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - মাধ্যমিকের পর কম্পিউটার অপারেটর এন্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট বা কোপা ট্রেডে আইটিআই পাশ। মাসিক স্টাইপেন্ড ৭০০০ টাকা। ক্রমিক নং (৫) মেশিনিস্ট ট্রেডে ১০টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - মাধ্যমিকের পর মেশিনিস্ট ট্রেডে আইটিআই পাশ। মাসিক স্টাইপেন্ড ৭০০০ টাকা। ক্রমিক নং (৬) টার্ণার ট্রেডে ১০টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - মাধ্যমিকের পর টার্ণার ট্রেডে আইটিআই পাশ। মাসিক স্টাইপেন্ড ৭০০০ টাকা। ক্রমিক নং (৭) সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট ১টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - মাধ্যমিকের পর সেক্রেটারিয়েল প্র্যাক্টিস বা স্টেনোগ্রাফিতে আইটিআই পাশ। মাসিক স্টাইপেন্ড ৭০০০ টাকা। ক্রমিক নং (৮) একাউন্ট্যান্ট/ একাউন্টস এক্সিকিউটিভ ৩০টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - বিকম বা ফিনান্স বিষয়ে ডিগ্রি পাশ। মাসিক স্টাইপেন্ড ৯০০০ টাকা। ক্রমিক নং (৯) ওয়েল্ডার ১৫টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - মাধ্যমিকের পর ওয়েল্ডার ট্রেডে আইটিআই পাশ। মাসিক স্টাইপেন্ড ৭০০০ টাকা। ক্রমিক নং (১০) সার্ভেয়ার ৫টি, প্রশিক্ষণ কাল ১ বছর, যোগ্যতা - মাধ্যমিকের পর সার্ভেয়ার ট্রেডে আইটিআই পাশ। মাসিক স্টাইপেন্ড ৭০০০ টাকা। এছাড়া, ল্যাব টেকনেশিয়ান, সার্ভেয়ার, ওয়ারম্যান ইত্যাদি ফ্রেশার এপ্রেন্টিস সংক্রান্ত বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখে নিতে হবে। দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের নির্দিষ্ট ওয়েবসাইটে লগ অন করে, অবশ্যই ১৮ জুনের মধ্যে। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সুরক্ষিত করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। ফর্ম ফিলাপের প্রয়োজনে, গার্জিয়ানের সই, আধার কার্ড, প্যান কার্ড, মার্কশিট (যা যা প্রয়োজন) ইত্যাদিরও স্ক্যান করা কপি আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত করার কাজ একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা এবং মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্ধারিত ফি জমা দিতে হবে। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। চালানের মাধ্যমে পরীক্ষার ফি জমার পদ্ধতিতে না গিয়ে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট টিচার (বহিঃরাজ্য)**,
শূন্যপদ ঃ ১৭২৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিএলএড, বিএড, ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ জুন,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ম্যানেজার (ইলেকট্রিক্যাল, সিভিল, মেকানিকেল) (বিদ্যুৎ নিগম)**,
শূন্যপদ ঃ ২৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে),
সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত পৌছুনোর শেষ তারিখ ১২ জুন,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর)**,
শূন্যপদ ঃ ১৭০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআইপাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ জুন,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (ডিফেন্স)**,
শূন্যপদ ঃ ১৬৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৫-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুন,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সায়েন্টিস্ট, ইঞ্জিনিয়ার (ইসারো)**,
শূন্যপদ ঃ ৩০৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুন,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ফিল্ড ওয়ার্কার, প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট, কো-অর্ডিনেটর (ত্রিপুরা)**
শূন্যপদ ঃ ২১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিগ্রি, পিজি, পিএইচডি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত জমার শেষ তারিখ ১৫ জুন,
পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অগ্নিবীর, এসএসআর (নেভি)**
শূন্যপদ ঃ ১৩৬৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৭-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অগ্নিবীর, এমআর (নেভি)**
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৭-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্পেশাল ক্যাডার অফিসার (ব্যাঙ্ক)**,
শূন্যপদ ঃ ১৩৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি, পিএইচডি পাশ,
বয়স ঃ ২৫-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **জুনিয়র রিসার্চ ফেলো (কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়)**,
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ ২১-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জুন,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **জুনিয়র রেসিডেন্ট (এইমস)**,
শূন্যপদ ঃ ১৯৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস, বিডিএসপাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

পদের নাম ঃ **মহিলা স্বাস্থ্য কর্মী (স্বাস্থ্য দপ্তর, বহিঃরাজ্য)**,
শূন্যপদ ঃ ৩৭৩৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, এএনএম পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন,
লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কোলফিল্ড)**,
শূন্যপদ ঃ ৬০৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ডেন্টাল কলেজ, ত্রিপুরা)**,
শূন্যপদ ঃ ১৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিডিএস পাশ,
বয়স ঃ অনুর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ জুন,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এক্সিকিউটিভ (রেল মন্ত্রক)**,
শূন্যপদ ঃ ৫৩৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ জুন,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০০০--০--০--০

## বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদে ফিল্ড ওয়ার্কার প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট, কো-অর্ডিনেটর নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ত্রিপুরায় বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের অধীনে ফিল্ড ওয়ার্কার, প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট, কো-অর্ডিনেটরপদে নিয়োগের জন্য সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিগ্রি, পিজি, পিএইচডি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত জমার শেষ তারিখ ১৫ জুন, পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে। এককথায়, ত্রিপুরায় বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের অধীনে ফিল্ড ওয়ার্কার, প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট, কো-অর্ডিনেটরপদে নিয়োগের জন্য সরাসরি দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। এই চাকরি সমূহ সম্পূর্ণ ত্রিপুরা স্টেট কাউন্সিল ফর সায়েন্স এন্ড টেকনোলজি-র অধীনে, তবে ১ বছরের জন্য প্রাথমিক অবস্থায় সম্পূর্ণ চুক্তিভিত্তিক। রাজ্যে বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের অধীনে ফিল্ড ওয়ার্কার, প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট, কো-অর্ডিনেটর পদে নিয়োগের জন্য সরাসরি দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা এবং আবশ্যকীয় অন্যান্য শর্তবলীর পাশাপাশি, ১৫-০৬-২০২৩ তারিখের হিসেবে নির্দিষ্ট বয়সের সীমারেখা অর্থাৎ অনূর্দ্ধ ৪৫ বছর থাকলে সরাসরি দরখাস্ত জমা করতে পারেন, নির্দিষ্ট ঠিকানায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর এফ. নং ৮(৬৫)/ টিএসসিএসটি/ পিটি-থ্রি, তারিখ ১৬ মে, ২০২৩।

দরখাস্ত করবেন সাদা কাগজে এঁদের ওয়েবসাইটে প্রদত্ত ফরম্যাট অনুযায়ী। প্রয়োজনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে, বিজ্ঞপ্তি অনুযায়ী বিস্তারিত উল্লেখ করে দরখাস্তের ফরম্যাট প্রিন্টআউট করে নিতে পারেন। দরখাস্ত সরাসরি জমা করতে হবে ১৫ জুনের মধ্যে, ছুটির দিন বাদে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে। এই ঠিকানায় ঃ দ্য মেম্বার ডেপুটি সেক্রেটারি, ত্রিপুরা স্টেট কাউন্সিল ফর সায়েন্স এন্ড টেকনোলজি, বিজ্ঞান ভবন, ফার্স্ট ফ্লোর, গোর্খাবস্তি, আগরতলা, পিন- ৭৯৯০০৬, পশ্চিম ত্রিপুরা। বলা বাহুল্য, দরখাস্ত ফিল-আপের আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন। দরখাস্তের সঙ্গে প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসের সেল্ফ-এটেস্টেট জেরক্স কপি, গেজেটেড অফিসার কতৃক এটেস্টেট সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি জুড়ে দেবেন। নিজের নাম ঠিকানা লেখা এবং নির্দিষ্ট টাকার ডাকটিকিট সাঁটানো খাম, পোস্ট কার্ডও সঙ্গে জুড়ে দেবেন। পরীক্ষায় এবং পরে ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, দরখাস্ত পূরণ করা, দরখাস্তের প্রিন্ট আউট ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা/ ইন্টারভিউ ও মৌখিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা/ ইন্টারভিউর দিনতারিখ পরবর্তী সময়ে জানানো হবে। এই নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তির বিস্তারিত পাবেন এঁদের ওয়েবসাইটে। শূন্যপদগুলো হলো — ক্রমিক নং (১) ঃ পদের নাম - প্রজেক্ট কো-অর্ডিনেটর টু, শূন্যপদ ১টি। পদটি অসংরক্ষিত। যোগ্যতা - স্বীকৃত যে-কোনও বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে নির্দিষ্ট বিষয় নিয়ে পিজি অথবা পিএইচডি পাশ হতে হবে। সঙ্গে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা এবং ককবরক ভাষা জানতে হবে। মূল মাইনে প্রতি মাসে ৩৫ হাজার টাকা। ক্রমিক নং (২) ঃ পদের নাম - প্রজেক্ট কো-অর্ডিনেটর থ্রি, শূন্যপদ ৪টি। এর মধ্যে ২টি পদ অসংরক্ষিত। ১টি করে পদ এসটি ও এসসি প্রার্থীর জন্য সংরক্ষিত। যোগ্যতা - স্বীকৃত যে-কোনও বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে নির্দিষ্ট বিষয় নিয়ে ডিপ্লোমা, ডিগ্রি অথবা পিজি পাশ হতে হবে। সঙ্গে ২-৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা এবং ককবরক ভাষা জানতে হবে। মূল মাইনে প্রতি মাসে ৩০ হাজার টাকা। ক্রমিক নং (৩) ঃ পদের নাম - প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট, শূন্যপদ ৮টি। এর মধ্যে ৪টি পদ অসংরক্ষিত। ৩টি পদ এসটি এবং ১টি পদ এসসি প্রার্থীর জন্য সংরক্ষিত। যোগ্যতা - স্বীকৃত যে-কোনও বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে নির্দিষ্ট বিষয় নিয়ে ডিগ্রি পাশ হতে হবে। সঙ্গে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা এবং ককবরক ভাষা জানতে হবে। মূল মাইনে প্রতি মাসে ২২ হাজার টাকা। ক্রমিক নং (৪) ঃ পদের নাম - ফিল্ড ওয়ার্কার/ হেল্পার, শূন্যপদ ৮টি। এর মধ্যে ৪টি পদ অসংরক্ষিত। ৩টি পদ এসটি এবং ১টি পদ এসসি প্রার্থীর জন্য সংরক্ষিত। যোগ্যতা - স্বীকৃত প্রতিষ্ঠান থেকে নির্দিষ্ট বিষয় নিয়ে আইটিআই পাশ হতে হবে। বাংলা এবং ককবরক ভাষা জানতে হবে। মূল মাইনে প্রতি মাসে ১৫ হাজার টাকা। উল্লেখ্য, প্রতিটি পদের ক্ষেত্রে শূন্যপদের বিভাজন, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের সীমারেখা এবং মূল মাইনে সমস্ত কিছুই দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে প্রকাশিত বিজ্ঞাপন থেকে। নিয়োগ হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউর মাধ্যমে। লিখিত পরীক্ষায় পাশ করলেই ইন্টারভিউর জন্য ডাক পাবেন। তবে নির্দিষ্ট সময়ে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউর সংক্রান্তবিস্তারিত জানিয়ে দেওয়া হবে এঁদের ওয়েবসাইটে এবং এডমিট কার্ড - কাম - হল টিকিটের মাধ্যমে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে ?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।**

* বহিঃরাজ্যে **অ্যাসিস্ট্যান্ট টিচার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৭২৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিএলএড, বিএড, ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ জুন, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* রাজ্যে বিদ্যুৎ নিগমে **ম্যানেজার (ইলেকট্রিক্যাল, সিভিল, মেকানিকেল)** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশ, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে যথারীতি ছাড় রয়েছে), সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত পৌছুনোর শেষ তারিখ ১২ জুন, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৭০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআইপাশ, বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ জুন, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ডিফেন্সে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৬৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ, বয়স ঃ ১৫-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুন, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ইসরো-তে **সায়েন্টিস্ট, ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩০৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ, বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ জুন, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরায় বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের অধীনে **ফিল্ড ওয়ার্কার, প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট, কো-অর্ডিনেটর** পদে নিয়োগের জন্য সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিগ্রি, পিজি, পিএইচডি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত জমার শেষ তারিখ ১৫ জুন, পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ইন্ডিয়ান নেভিতে **অগ্নিবীর, এসএসআর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩৬৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৭-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ইন্ডিয়ান নেভিতে **অগ্নিবীর, এমআর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ ১৭-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ব্যাঙ্কে **স্পেশাল ক্যাডার অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি, পিএইচডি পাশ, বয়স ঃ ২৫-৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে **জুনিয়র রিসার্চ ফেলো** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ ২১-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ জুন, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* এইমস-এ **জুনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৯৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস, বিডিএসপাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে স্বাস্থ্যদপ্তরে **মহিলা স্বাস্থ্য কর্মী** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৭৩৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, এএনএম পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন, লিখিত পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* কোলফিল্ড-এ **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬০৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* ত্রিপুরায় ডেন্টাল কলেজে **অ্যাসিস্ট্যান্ট প্রফেসর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিডিএস পাশ, বয়স ঃ অনুর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ জুন, বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে।

* রেল মন্ত্রকের অধীনে **এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৩৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৯ জুন, কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

# “ভোটে গোটা দেশে, এ রাজ্যে খুব ভাল ফল করবে বিজেপি“, প্রত্যয়ী দীনেশ শর্মা

কলকাতা, ৯ জুন (হি. স.) : ‘‘আগামী লোকসভা নির্বাচনে গোটা দেশে সাড়ে তিনশ’র ওপর আসন পাবে বিজেপি। পশ্চিমবঙ্গ থেকে পাবে গোটা ৩৫ আসন। ভোটের সুষ্ঠু পরিবেশ থাকলে এরাজ্যে পঞ্চায়েত ভোটেও যথেষ্ঠ ভাল করবে বিজেপি।”

বুধবার রাতে একান্ত সাক্ষাৎকারে এই প্রতিবেদকের কাছে এই মন্তব্য করলেন উত্তরপ্রদেশের এমএলসি, ওই রাজ্যের প্রাক্তন উপ মুখ্যমন্ত্রী দীনেশ শর্মা। দ্বিধাহীনভাবে দাবি করলেন, ‘‘আগামী লোকসভা ভোটের পর উপর্যুপরি তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হবেন নরেন্দ্র মোদী।“

কিন্তু এতটা নিশ্চয়তার কারণ কী? কর্ণাটক-সহ একাধিক রাজ্যে গত বিধানসভা ভোটে বিজেপি ততটা আশা জাগাতে পারেনি? কিছু রাজ্যে আগামী বিধানসভা ভোটে বিজেপি-র ফল নিয়ে অনেকের মনে সংশয় রয়েছে? প্রশ্নের উত্তরে দীনেশবাবু বলেন, ‘‘বিরোধীরা ছত্রভঙ্গ। দেখবেন কর্ণাটক-সহ দক্ষিণের রাজ্যগুলোয় লোকসভা ভোটে বিজেপি যথেষ্ঠ ভাল ফল করবে!“ অন্য দলের সঙ্গে আসন সমঝোতার সম্ভাবনা সম্পর্কে তাঁর মন্তব্য, “বিজেপি-র নীতি, আদর্শে বিশ্বাসী কোনও দলের সঙ্গে সমঝোতা হতেই পারে!”

বাতাসে ভাসছে বিজেপি লোকসভা ভোটে জিতলে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ভারতের প্রধানমন্ত্রী হতে পারেন। এই প্রসঙ্গে দীনেশবাবুর বক্তব্য, “উনি অবশ্যই উত্তরপ্রদেশের সফল মুখ্যমন্ত্রী। গত বিধানসভা ভোটে ওই রাজ্যে বিজেপি খুব ভাল ফল করেছে। লোকসভা ভোটেও খুব ভাল ফল করবে। উত্তরপ্রদেশে লোকসভার ৮০টি আসনের মধ্যে ৭০-এর ওপর পাবে বিজেপি। তবে প্রধানমন্ত্রী হবেন নরেন্দ্র মোদীই। যোগীজী মোদীর অনুগামী। মোদীজী সবার নেতা।”

বিজেপি-র ‘মহাসম্পর্ক অভিযান’-এ এসে পশ্চিমবঙ্গে গ্রামেগঞ্জে ঘুরছেন! আগামী পঞ্চায়েত ভোটে বিজেপি-র পক্ষে সত্যি আশার কোনও আলো দেখছেন? প্রশ্নের উত্তরে দীনেশবাবু এই প্রতিবেদককে বলেন, “অবশ্যই! আগের চেয়ে এ রাজ্যে দলের অবস্থা ভাল হয়েছে। আরও ভাল হবে। ভীষণরকম প্রতিষ্ঠানবিরোধী হাওয়া আছে। এর সুফল বিজেপি-ই পাবে।“

কিন্তু বামেরাও তো পশ্চিমবঙ্গে হারানো জমি উদ্ধারের কাজে অনেকটা সফল হয়েছে বলে রাজনৈতিক পর্যবেক্ষকদের একাংশের অনুমান? দীনেশবাবুর উত্তর, “না। হাওয়া বিজেপি-র পালেই। দলের বিভিন্ন পর্যায় শক্তিশালি করার চেষ্টা হচ্ছে।”

এ রাজ্যে আগামী পঞ্চায়েত ভোটে বিজেপি-র ব্যাপারে এতটা নিশ্চয়তা পাচ্ছেন কীভাবে? দীনেশবাবুর উত্তর, ‘‘তৃণমূলের পুরনো নেতারা ও তাঁদের অনুসারীরা অধিকাংশই অভিষেক বন্দ্যোপাধ্যায়কে মেনে নিতে পারছেন না। অভিষেকের ক্ষমতা ও তার অপব্যবহার বাড়ছে দেখে অনেকে শঙ্কিত। দলের মধ্যে অসন্তোষ বাড়ছে। এই অবস্থা পশ্চিমবঙ্গে আগামী ভোটে তৃণমূলের ক্ষতি করবে। সুফল পাবে বিজেপি।”

তবে, যেভাবে সর্বদল বৈঠক ছাড়া, আচমকা পশ্চিমবঙ্গে পঞ্চায়েত ভোট ঘোষণা হয়েছে, সেব্যাপারে ক্ষোভ জানিয়েছেন দীনেশ শর্মা। ৩রা থেকে ১০ জুন সারা দিন এ রাজ্যের নানা অঞ্চলে হরেক সূচি তাঁর। উত্তরপ্রদেশে ফিরে যাবেন ১১ই।

## ‘এআই নিয়ন্ত্রণ করবে সরকার’, জানালেন কেন্দ্রীয় মন্ত্রী রাজীব চন্দ্রশেখর

নয়াদিল্লি, ৯ জুন (হি.স.) :কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ডিজিটাল নাগরিকদের যাতে কোনও ক্ষতি করতে না পারে, তা নিশ্চিত করতে এই প্রযুক্তিকে নিয়ন্ত্রণ করবে কেন্দ্র সরকার। শুক্রবার এমনটাই জানালেন কেন্দ্রীয় তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখর।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমলে গত ৯ বছরে ভারত ডিজিটালাইজেশনের প্রেক্ষিতে কতদূর এগিয়েছে শুক্রবার সেই বিষয়ে একটি প্রেজেন্টেশন দেন রাজীব চন্দ্রশেখর। সেই উপস্থাপনার সময় রাজীব চন্দ্রশেখর বলেন, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ডিজিটাল নাগরিকদের যাতে কোনও ক্ষতি করতে না পারে, সেই উদ্দেশ্যে এই প্রযুক্তিকে নিয়ন্ত্রণ করবে কেন্দ্র সরকার। তাঁর কথায়, ‘ইন্টারনেটে বিষাক্ত পরিস্থিতি এবং অপরাধ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ডিজিটাল নাগরিকদের ক্ষতি করার চেষ্টা আমরা সফল হতে দেব না।’ তিনি বলেন, ৮৫ কোটি ভারতীয় ইন্টারনেট ব্যবহার করে, ২০২৫ সালের মধ্যে যে সংখ্যাটা ১২০ কোটিতে পৌঁছবে বলে আশা করা হচ্ছে।

ইন্টারনেট থেকে ব্যবহারকারীদের ব্যক্তিগত তথ্য হাতিয়ে অপরাধের সংখ্যা বাড়ছে। এই বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন মন্ত্রী। তিনি বলেন, ডক্সিংয়ের মতো অপরাধ বাড়ছে। আইনশৃঙ্খলা রাজ্যের বিষয়, কেন্দ্র এবং রাজ্য সরকারকে এই বিষয়ে কঠোরভাবে কাজ করতে হবে।

## ডায়মন্ড হারবারে মনোনয়ন জমা করতে না পারার অভিযোগ বিরোধীদের

দক্ষিণ ২৪ পরগনা, ৯ জুন (হি. স.) : দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবারে প্রথম দিনে মনোনয়ন জমা করতে না পারার অভিযোগ তুলল বিরোধীরা।

ডায়মন্ড হারবার ১ ব্লকে মনোনয়ন জমা করতে গিয়ে সিপিএম, বিজেপি এবং আইএসএফের একযোগে অভিযোগ, প্রশাসনের পক্ষ থেকে মনোনয়ন গ্রহণের কোনও ব্যবস্থাই করা হয়নি। এই অভিযোগের প্রেক্ষিতে ব্লক প্রশাসনের পাল্টা বক্তব্য, ভোট ঘোষণার পর সব কিছুর প্রস্তুতি নেওয়ার সময় মেলেনি। তাই মনোনয়ন গ্রহণের প্রক্রিয়া শুরু করতে দেরি হচ্ছে।

ঘোষণা মতোই শুক্রবার ডায়মন্ড হারবার ১ ব্লকের মনোনয়ন জমা দিতে যান বিজেপি, সিপিএম এবং আইএসএফ প্রার্থীরা। তাদের অভিযোগ, দলের প্রার্থীদের মনোনয়ন জমা নেওয়া হয়নি! বিরোধীদের আরও অভিযোগ, ২০১৮ সালের পঞ্চায়েত নির্বাচনের পুনরাবৃত্তি চাইছে শাসকদল। বিরোধীরা যাতে মনোনয়ন জমা দিতে না পারে, সেই চেষ্টা করা হচ্ছে।

আগামী ৮ জুলাই রাজ্যে পঞ্চায়েত নির্বাচন। শুক্রবার থেকেই শুরু হয়ে গিয়েছে মনোনয়ন প্রক্রিয়া। তা চলবে ১৫ জুন পর্যন্ত। এর মধ্যে রবিবার সরকারি দফতরে ছুটি, মনোনয়ন প্রক্রিয়া বন্ধ থাকবে। ভোট ঘোষণার পর দিন থেকেই মনোনয়ন প্রক্রিয়া শুরু হয়ে যাওয়ায় মহাফাঁপরে পড়েছে ব্লক প্রশাসনের একাংশ! এত কম সময়ের মধ্যে মনোনয়ন গ্রহণের প্রস্তুতি নিতে হিমশিম খাচ্ছেন তারা।

### “প্রথম রাউন্ডেই বিরোধীদের পরাজিত করার চেষ্টা“, অভিযোগ অধীরের

কলকাতা, ৯ জুন (হি. স.) : পঞ্চায়েত ভোট ঘোষণার পদ্ধতির তীব্র সমালোচনা করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী। তিনি বলেন, ”“যেভাবে পঞ্চায়েত ভোট ঘোষণা হল, তাতে সরকারের অসৎ উদ্দেশ্য স্পষ্ট। প্রথম রাউন্ডেই বিরোধীদের পরাজিত করার চেষ্টা।”

রাজ্যের পঞ্চায়েত ভোট নিয়ে ইতিমধ্যেই মামলা দায়ের হয়েছে হাইকোর্টে। কংগ্রেস ও বিজেপির আবেদন মঞ্জুর করা হয়েছে। প্রধান বিচারপতির এজলাসে হবে শুনানি। পঞ্চায়েত ভোটে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের আর্জি ও অনলাইনে মনোনয়ন জমার আবেদন জানানো হয়েছে। এই পরিস্থিতিতে শুক্রবার সাংবাদিক বৈঠক করে রাজ্যের শাসকদলকে একহাত নিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি।

অধীরবাবু বলেন, যেভাবে পঞ্চায়েত ভোট ঘোষণা হল, তাতে সরকারের অসৎ উদ্দেশ্য স্পষ্ট। প্রথম রাউন্ডেই বিরোধীদের পরাজিত করার চেষ্টা।’ তাঁর প্রশ্ন, ’১৫ তারিখের মধ্যে মনোনয়ন জমা দিতে হবে, কেন দুপুর ৩টের মধ্যে জমা দিতে হবে ? কেন রাত পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে না।’ অধীরের বক্তব্য, ’নমিনেশনের সময় কমিয়ে সঙ্কট তৈরি করল তৃণমূল কংগ্রেস। মনোনয়ন জমা দিতে বিরোধীদের সময় লাগে। ভোট পরিচালিত হবে খোকাবাবুর অফিস থেকে। নির্বাচনে কংগ্রেস অংশ নিতে চায়, ভোটে অংশ নেওয়ার জন্য সময় দরকার। রাজ্য সরকারের অঙ্গুলিহেলনে চলছেন রাজ্য নির্বাচন কমিশনার।’

## আজ অমরনাথ যাত্রার প্রস্তুতি নিয়ে উচ্চ পর্যায়ের বৈঠকে সভাপতিত্ব করবেন অমিত শাহ

নয়াদিল্লি, ৯ জুন (হি.স.) : শুক্রবার বিকেলে ৪ টে নাগাদ এই বছরের অমরনাথ যাত্রার প্রস্তুতি নিয়ে একটি উচ্চ-পর্যায়ের বৈঠকের সভাপতিত্ব করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বার্ষিক তীর্থযাত্রার সাথে সম্পর্কিত নিরাপত্তার পাশাপাশি অন্যান্য দিকগুলি অন্তর্ভুক্ত করে একাধিক বৈঠকে প্রস্তুতি পর্যালোচনা করা হবে।

শুক্রবার বিকেল ৪টার দিকে এ বৈঠক অনুষ্ঠিত হবে বলে জানা গিয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব অজয় কুমার ভাল্লা, গোয়েন্দা ব্যুরোর প্রধান তপন ডেকা, কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ ফোর্সের মহাপরিচালক এসএল থাওসেন এবং স্বরাষ্ট্র মন্ত্রকের আধিকারিকদের পাশাপাশি জম্মু ও কাশ্মীর পুলিশ ও প্রশাসনের কর্মকর্তারাও এই বৈঠকে যোগ দেবেন বলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গিয়েছে।

শ্রীনগরে অনুষ্ঠিত জি২০ ট্যুরিজম ওয়ার্কিং গ্রুপের বৈঠকের সাফল্যের পরে জম্মু ও কাশ্মীর প্রশাসন তীর্থযাত্রাকে অব্যাহত রাখার জন্য পাকিস্তান-ভিত্তিক সন্ত্রাসী সংগঠনগুলির সম্ভাব্য প্রচেষ্টার গোয়েন্দা তথ্যের মধ্যে আসন্ন অমরনাথ যাত্রার ব্যবস্থা করতে ব্যস্ত।

প্রসঙ্গত, দক্ষিণ কাশ্মীর হিমালয়ের ৩,৮৮০ মিটার উচ্চতায় অবস্থিত অমরনাথের পবিত্র গুহা মন্দিরের বার্ষিক তীর্থযাত্রা ১ জুলাই শুরু হবে এবং ৩১ আগস্ট পর্যন্ত চলবে।

## মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় পর্যাপ্ত নয়, জানাল হাইকোর্ট



কলকাতা, ৯ জুন (হি. স.) : পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন পত্র জমা দেওয়ার জন্য নির্বাচন কমিশন যে সময় দিয়েছে, তা পর্যাপ্ত নয় বলে মনে করছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের মতে, কমিশনের মনোভাবে কোথাও তাড়াহুড়ো করা হচ্ছে বলে মনে হচ্ছে। মনোনয়ন পত্র জমা দেওয়া থেকে শুরু করে ভোটের পুরো প্রক্রিয়ার ভিডিয়োগ্রাফি করতে হবে বলে জানিয়েছে আদালত। এছাড়াও ডিভিশন বেঞ্চের নির্দেশ, সিসিটিভি ফুটেজ সংরক্ষণ করতে হবে। কেন্দ্রীয় বাহিনীর ব্যাপারে রাজ্যের কী বক্তব্য তা জানাতে হবে। রাজ্য পুলিশ পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করতে পারবে কি না, তাও জানাতে হবে আদালতকে। এই সমস্ত ব্যাপারে আগামী সোমবার ১২ জুন রাজ্য নির্বাচন কমিশনারকে রিপোর্ট দিতে হবে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে। বৃহস্পতিবারই পঞ্চায়েত ভোটের নির্ঘণ্ট ঘোষণা করেছেন রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা। এবার ৩৩১৭টি গ্রাম পঞ্চায়েতে মোট আসন ৬৩ হাজার ২২৯টি। ৩৪১টি পঞ্চায়েত সমিতিতে মোট আসন ৯ হাজার ৭৩০টি। এছাড়া জেলা পরিষদে রয়েছে ৯২৮টি আসন। মোট ভোটারের সংখ্যা ৫ কোটি ৬৭ লক্ষ ২১ হাজার ২৩৪। ভোট গ্রহণ শুরু হবে সকাল ৭টা থেকে। চলবে বিকেল ৫টা পর্যন্ত। বিকেলে ওই সময় পর্যন্ত যাঁরা লাইনে থাকবেন, তাঁদের সকলকে ভোট দেওয়ানোর সুযোগ থাকবে। কমিশনার জানান, বৃহস্পতিবার বিকেল থেকে আদর্শ আচরণবিধি চালু হয়ে গিয়েছে।

## বৃষ্টিতে ভিজল কলকাতার একাংশ, গরমের মধ্যেই স্বস্তি পেল তিলোত্তমা

কলকাতা, ৯ জুন (হি.স.): অসহনীয় গরমের মধ্যে অবশেষে স্বস্তির বৃষ্টিতে ভিজল কলকাতার একাংশ। শুক্রবার দুপুর ৩টে ১২ মিনিট নাগাদ বৃষ্টি নামে তিলোত্তমায়। দেশে বর্ষা পা রাখলেও বাংলায় এখনও আগমন হয়নি। গত কয়েক দিন ধরেই অসহ্য গরমে কাহিল কলকাতা-সহ রাজ্য। এই পরিস্থিতিতে কবে বর্ষা আসবে, সে দিকে তাকিয়ে রাজ্যবাসী। এমন আবহে বৃষ্টিতে খানিকটা স্বস্তি পেলেন শহরবাসী। শুক্রবার বিকেলের দিকে কলকাতার নানা অংশে বৃষ্টি হয়েছে। একটু হলেও প্রাণ ফিরে পেয়েছে মহানগরী।

তবে গরম থেকে এখনই রেহাই পাচ্ছে না দক্ষিণবঙ্গ। আগামী কয়েক দিনও দক্ষিণের বিভিন্ন জেলায় তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। উত্তরবঙ্গের জন্য স্বস্তির বার্তা শোনাল আলিপুর আবহাওয়া দফতর। উত্তরে বর্ষার আগমনের অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে। এর ফলে আগামী কয়েক দিনে উত্তরবঙ্গের কয়েকটি জেলায় ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

## রাশিয়ার চারটি ক্রুজ ক্ষেপণাস্ত্র ও ১০টি ড্রোন ভূপাতিত করেছে ইউক্রেন, দাবি সেনার



কিয়েভ, ৯ জুন (হি. স.) রাশিয়ার চারটি ক্রুজ ক্ষেপণাস্ত্র ও ১০টি ড্রোন ভূপাতিত করেছে। শুক্রবার সকালে ইউক্রেনের বিমানবাহিনী এক বিবৃতিতে এই খবর জানিয়েছে। বিবৃতিতে বলা হয়, রাশিয়ান বাহিনী হামলা চলাকালে ১৬টি ড্রোন ও ছয়টি ক্রুজ ক্ষেপণাস্ত্র ছোড়ে।

এতে আরও বলা হয়, অন্য দুটি ক্রুজ ক্ষেপণাস্ত্র বৃহস্পতিবার সন্ধ্যায় আগের হামলার সময় মধ্য ইউক্রেনের একটি বেসামরিক বস্তুতে আঘাত করে।

এদিকে পশ্চিম দোনেৎস্ক অঞ্চলে তীব্র লড়াইয়ে সফলতা পাওয়ায় সেনাবাহিনীর প্রশংসা করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। ভিডিওতে জেলেনস্কি বলেন, অনেক কঠিন লড়াই চলছে। যদিও তিনি কোনও যুদ্ধে সাফল্যের কোনও বিবরণ দেননি।

তিনি বলেন, একটি ফলাফল রয়েছে। আমি সবার কাছে কৃতজ্ঞ যারা এই ফল নিশ্চিত করেছে। বাখমুত- ভালো হয়েছে। ধাপে ধাপে। আমি আমাদের প্রত্যেক যোদ্ধাকে ধন্যবাদ জানাই। ইউক্রেনের প্রেসিডেন্ট একটি ট্রেনের ভেতরে কথা বলছিলেন। এর আগে বন্যা কবলিত খেরসন সফরে গিয়েছিলেন।

## দীর্ঘ আলোচনার পর প্রণীত হয়েছে নতুন শিক্ষানীতি

জলন্ধর, ৯ জুন (হি.স.): শিক্ষা সেক্টরকে শক্তিশালী করার জন্য শিক্ষাবিদদের প্রতি আহ্বান জানালেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। শুক্রবার তিনি ডক্টর বিআর আম্বেদকর ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি (এনআইটি) জলন্ধরে স্কুলে সাম্প্রতিক অগ্রগতির তিন দিনের জাতীয় সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, যা শিক্ষা মহাকুম্ভ নামেও পরিচিত।

এনআইটি জলন্ধর এবং অন্যান্য প্রধান শিক্ষা প্রতিষ্ঠানের সহযোগিতায় তিন দিনের সম্মেলনের আয়োজন করছে সর্বহিতকারি শিক্ষা সমিতি পঞ্জাব।

সর্বহিতকর শিক্ষা সমিতির প্রচেষ্টার প্রশংসা করে তিনি বলেন, দীর্ঘ আলোচনার পর নতুন শিক্ষানীতি তৈরি করা হয়েছে। এটি যুবকদের দক্ষতা বিকাশের উপর দৃষ্টি নিবদ্ধ করে।

মন্ত্রী বলেন, পুরাতন গুরুকুল শিক্ষা ব্যবস্থাকে আধুনিক শিক্ষা ব্যবস্থার সঙ্গে একীভূত করার পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি জোর দিয়ে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দক্ষ নেতৃত্বে কেন্দ্রীয় সরকার দেশের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ।

## চেন্নাই সেন্ট্রাল স্টেশনে লাইনচ্যুত জন শতাব্দী এক্সপ্রেস



চেন্নাই, ৯ জুন (হি.স.) : ফের লাইনচ্যুত এক্সপ্রেস ট্রেন। এবার চেন্নাই সেন্ট্রাল স্টেশনে লাইনচ্যুত হল জন শতাব্দী এক্সপ্রেস। রেলের তরফে জানানো হয়েছে বৃহস্পতিবার মধ্যরাতের এই ঘটনার সময় ট্রেনটি ফাঁকা ছিল এবং সেটি কারশেডে ফিরছিল । সেই সময় বেসিন ব্রিজ ওয়ার্কশপের কাছে জন শতাব্দী এক্সপ্রেসের ২টি চাকা লাইন থেকে নেমে যায় । ট্রেনটি অন্ধ্রপ্রদেশের বিজয়ওয়াড়া থেকে চেন্নাই সেন্ট্রাল স্টেশনে এসেছিল ।প্রায় ২ ঘণ্টার চেষ্টায় ট্রেনের ২টি চাকা ফের লাইনে তোলা হয় ।

জানা গিয়েছে, বিজয়ওয়াড়া থেকে রাতে চেন্নাই সেন্ট্রাল স্টেশনে ঢোকে জন শতাব্দী এক্সপ্রেস। ট্রেনের সব যাত্রী নেমে যাওয়ার পর সেটিকে বেসিন ব্রিজ ওয়ার্কশপের কার্শেডে নিয়ে যাওয়া হচ্ছিল। সেই সময় দু’টি চাকা লাইন থেকে সরে যায় ।রেল আধিকারিক ও পুলিশের তরফে এই ঘটনার তদন্ত শুরু করা হয়েছে । সম্প্রতি বালাসোর রেল দুর্ঘটনার পর গতকাল জন শতাব্দী এক্সপ্রেসের চাকা লাইনচ্যুত হওয়ায় বেশ তোলপাড় পড়ে যায় চেন্নাই সেন্ট্রাল-সহ দক্ষিণ রেলে।

প্রসঙ্গত, বৃহস্পতিবার তামিলনাড়ুর কুনুর স্টেশনে নীলগিরি মাউন্টেন রেলের একটি ট্রেন লাইনচ্যুত হয় । কুনুর স্টেশন থেকে নীলগিরির উদ্দেশ্যে রওনা দেওয়ার সঙ্গে সঙ্গে ট্রেনের চাকা লাইনচ্যুত হয়ে যায় । ফলে ঝাঁকুনি দিয়ে ট্রেন থেমে যায় । স্টেশন থেকে ছাড়ার সময়ে এই দুর্ঘটনা ঘটায় ট্রেন গতি একেবারেই সামান্য ছিল । ফলে বড় কোনও ক্ষতি হয়নি । তবে, ঘটনার আকস্মিকতায় যাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে ।

## মনোনয়ন জমা করতে এসে ক্ষোভ সিপিআইএম ও কংগ্রেসের

মুর্শিদাবাদ, ৯ জুন (হি. স.) : শুক্রবার মনোনয়নের প্রথম দিন সামশেরগঞ্জ বিডিও অফিসে মনোনয়ন জমা করতে এলেও তা জমা করতে না পেরে ক্ষোভ প্রকাশ করেন সিপিআইএম এবং কংগ্রেস নেতৃবৃন্দ।

সামশেরগঞ্জ বিডিও অফিসে পুলিশের পক্ষ থেকে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়। সকাল থেকেই বিডিও অফিসের গেটে মোতায়েন করা হয়েছে পুলিশ। এদিকে বিডিও অফিসে প্রস্তুতি না থাকায় কার্যত মনোনয়নের জন্য দীর্ঘক্ষণ ধরেই দাঁড়িয়ে থাকেন বাম ও কংগ্রেসের প্রার্থীরা। মনোনয়ন জমা নেওয়া শেষ হবে ১৫ জুন। ২০ জুন মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন। পঞ্চায়েত নির্বাচনের জন্য শুক্রবার থেকেই শুরু হয়ে যায় মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া। ২০১৮ সালে পঞ্চায়েত ভোট হয়েছিল ১৪ মে। সেবার এক দফাতেই ভোট হয়েছিল। ওই বছর বহু জেলায় বিরোধীদের মনোনয়ন জমা দিতে দেয়নি শাসকদল, এমনটাই অভিযোগ উঠেছিল।

## পঞ্চায়েত ভোট নিয়ে হাইকোর্টে পাঁচ আর্জি বিজেপি-র

কলকাতা, ৯ জুন (হি. স.) : রাজ্যে পঞ্চায়েত ভোট নিয়ে প্রায় একই দাবিতে বিজেপি এবং কংগ্রেস কলকাতা হাই কোর্টে জনস্বার্থ মামলা করল।

শুক্রবার বিজেপির আইনজীবী শ্রীজীব চক্রবর্তী এবং কংগ্রেসের আইনজীবী কৌস্তভ বাগচী পঞ্চায়েত ভোট নিয়ে প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের দৃষ্টি আকর্ষণ করেন। বিজেপি এবং কংগ্রেসের তরফে জনস্বার্থ মামলা করতে চেয়ে আবেদন জানানো হয়। সেই অনুমতি দিয়েছে আদালত।

পঞ্চায়েত নির্বাচন নিয়ে শ্রীজীব এবং কৌস্তভের দ্রুত শুনানির আর্জিও মঞ্জুর করেন প্রধান বিচারপতি। শুক্রবারেই দুপুরে প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্য্যের ডিভিশন বেঞ্চে মামলার শুনানি শুরু হয়েছে।

মূলত ৫টি দাবি নিয়ে আবেদনকারীরা আদালতের দ্বারস্থ হয়েছেন

১. মনোনয়ন জমা দেওয়ার জন্য অত্যন্ত কম সময় দেওয়া হয়েছে।

## প্রয়োজনে বাম-কংগ্রেসকে সমর্থন, জেলাস্তরে কৌশল বিজেপির

কলকাতা, ৯ জুন (হি. স.) : পঞ্চায়েত ভোট ঘোষণা হয়েছে, মনোনয়ন পত্র তোলাও শুরু হয়ে গিয়েছে। শাসকদল কার্যত গোটা রাজ্যের প্রার্থী তালিকা তৈরি করে ফেলেছে। আর এসব এত দ্রুততার সঙ্গে হয়েছে, যে বঙ্গ বিজেপির নেতৃত্ব কার্যত অপ্রস্তুত।

বস্তুত এত দ্রুততার সঙ্গে ভোট ঘোষণা এবং মনোনয়ন দেওয়ার জন্য এত কম সময় দেওয়ায় রীতিমতো অখুশি বিজেপি নেতৃত্ব। বৃহস্পতিবারই রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, “পশ্চিমবঙ্গে গণতন্ত্রের মৃত্যু হল। সর্বদল বৈঠক নেই, নিরাপত্তা নিয়ে কোনও আলোচনা নেই, অথচ দিন ঘোষণা হয়ে গেল। রাজ্য নির্বাচন কমিশনার তৃণমূলের আঞ্চলিক শাখার মতো আচরণ করছে।” বিজেপির সহ পর্যবেক্ষক অমিত মালব্যও টুইট করে বলেছেন, “মাত্র ৬ দিন ৪ ঘণ্টা করে মনোনয়ন দেওয়ার সময়সীমা। অথচ, মনোনয়ন দিতে হবে প্রায় ৭৪ হাজার আসনে। এর চেয়ে বিনা ভোটে ফলাফল ঘোষণা করে দিতে পারতেন মমতা বন্দ্যোপাধ্যায়।” যদিও তৃণমূল বলছে, ভোট হচ্ছে যথাসময়েই। আসলেই বিরোধীদের প্রার্থী নেই। সেকারণেই যত আপত্তি।

পঞ্চায়েতে রাজ্যের ৭৪ হাজার কেন্দ্রে যে প্রার্থী দেওয়া সম্ভব নয়, সেটা ভালমতোই বুঝতে পারছে বিজেপির জেলা নেতৃত্ব। তাই আগেভাগেই যেসব আসনে প্রার্থী দেওয়া সম্ভব হবে না, সেই আসনগুলিতে অন্য বিরোধী দলকে সমর্থনের বার্তা পাঠিয়ে দেওয়া হল জেলাস্তরে।

বৃহস্পতিবার নির্বাচন কমিশন ভোট ঘোষণা করতেই রাজ্য বিজেপির তরফে জেলাস্তরে একটি নির্দেশিকা পাঠিয়ে দেওয়া হয়েছে। তাতে বলা হয়েছে শাসকদল যদি হুমকিও দেয় তাও যত বেশি সম্ভব আসনে প্রার্থী দিতেই হবে। কীভাবে মনোনয়ন জমা দিতে হবে, কী কী লাগবে, সবটাই জানিয়ে দেওয়া হয়েছে। জেলাস্তরে প্রতীক বিলির দায়িত্ব ছাড়া হয়েছে জেলা নেতৃত্বের উপরই।

কিন্তু কোনওভাবেই যে সব আসনে প্রার্থী দেওয়া সম্ভব নয়, সেটা ভালই জানে বিজেপির রাজ্য নেতৃত্ব। জানা গিয়েছে, যেখানে বিজেপি প্রার্থী দিতে পারবে না, সেখানে তৃণমূলকে হারাতে অন্য দলের প্রার্থী বা নির্দল প্রার্থীর পাশে দাঁড়াতে বলা হয়েছে জেলা নেতৃত্বকে। অর্থাৎ, তৃণমূলকে হারাতে বাম এবং কংগ্রেস প্রার্থীদের সমর্থনে আপত্তি নেই বিজেপির। সূত্রের খবর, দু’এক দিনের মধ্যে রাজ্য নেতৃত্বে বৈঠকে বসবে। সেখানে পরবর্তী বিষয় নিয়ে সিদ্ধান্ত হবে। মনোনয়ন পত্র জমা দিয়ে প্রচার, বৈঠক, সভা, দেওয়াল লিখনে জোর দিতে বলা হয়েছে জেলা নেতৃত্বকে। এদিকে ভোট ঘোষণার পরদিনই দিল্লি উড়ে গিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

## কুন্তলের চিঠি বিতর্কে এবার প্রেসিডেন্সি জেলের সুপারকে জিজ্ঞাসাবাদ সিবিআই-র

কলকাতা, ৯ জুন (হি.স.) : কুন্তল ঘোষের চিঠি সংক্রান্ত মামলায় এবার সিবিআইয়ের জিজ্ঞাসাবাদের মুখে পড়লেন প্রেসিডেন্সি জেলের সুপার। জিজ্ঞাসাবাদের জন্য তাঁকে নিজাম প্যালেসের সিবিআই দফতরে ডেকে পাঠানো হয়েছিল। শুক্রবার সকালেই পৌঁছেছেন তিনি। সিবিআই সূত্রে খবর, তাঁকে জিজ্ঞাসাবাদ করাও শুরু হয়েছে। কুন্তলের চিঠি প্রকাশ্যে আনার ক্ষেত্রে তাঁর ভূমিকা খতিয়ে দেখতে চাইছেন তদন্তকারীরা।

জেলে বসেই এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি), সিবিআইয়ের বিরুদ্ধে কলকাতা পুলিশের কাছে অভিযোগপত্র জমা দিয়েছিলেন নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত এবং বহিষ্কৃত তৃণমূল নেতা কুন্তল ঘোষ। চিঠি পাঠানো হয়েছিল নিম্ন আদালতের বিচারকের কাছেও। বহিষ্কৃত যুব তৃণমূল নেতা কুন্তল সাম্প্রতিক সময়ে আদালত চত্বরে দাঁড়িয়ে বেশ কয়েক বার দাবি করেছেন, অভিষেক বন্দ্যোপাধ্যায়-সহ তৃণমূলের বড় নেতাদের নাম বলানোর জন্য তাঁকে ক্রমাগত চাপ দিচ্ছেন কেন্দ্রীয় তদন্তকারী আধিকারিকেরা। কলকাতা পুলিশ এবং বিচারককে দেওয়া চিঠিতেও একই দাবিই করেন কুন্তল। পাশাপাশিই, তাঁর অভিযোগ ছিল, কেন্দ্রীয় সংস্থার তদন্তকারীরা তাঁর উপর অত্যাচারও করেছেন। প্রেসিডেন্সি জেলের সুপারের মাধ্যমেই হেস্টিংস থানায় অভিযোগ করেছিলেন কুন্তল। বিতর্কিত এই চিঠির বিষয়ে তখন থেকে তদন্তকারীদের নজরদারির আওতায় ছিল জেল সুপারের ভূমিকা। নিয়ম মোতাবের জেলবন্দি ব্যক্তি জেল কর্তৃপক্ষের মাধ্যমেই লেখা চিঠি প্রকাশ্যে আনতে পারেন।

# মোটরবাইকে ধাক্কা মারল গাড়ি দুই শ্রমিকের মৃত্যু, আহত দু'জন

নয়াদিল্লি, ৯ জুন (হি.স.): দক্ষিণ-পশ্চিম দিল্লির দ্বারকা এলাকায় একটি মোটরবাইকে নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারল একটি এসইউভি গাড়ি। ভয়াবহ এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে দুই শ্রমিকের, এছাড়াও আরও দু'জন আহত হয়েছেন। মৃত দুই শ্রমিক মধ্যপ্রদেশের বাসিন্দা। বৃহস্পতিবার এনএলইউ লাল আলোর কাছে দুর্ঘটনার খবর পায় পুলিশ।আহতদের ইন্দিরা গান্ধী হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। দুর্ঘটনাস্থলে মোটরবাইক এবং এসইউভিটি পাওয়া গিয়েছে বলে শুক্রবার সকালে জানিয়েছেন ডেপুটি পুলিশ কমিশনার (দ্বারকা) এম হর্ষ বর্ধন। নিহতদের নাম জানা যায়নি। মামলা রুজু করে দুর্ঘটনার তদন্তে নেমেছে পুলিশ।

# অস্বস্তিতে প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট

ওয়াশিংটন, ৯ জুন (হি.স.): ক্ষমতাচ্যুত হওয়া সত্ত্বেও, আমেরিকার গোপন নথি সঙ্গে করে নিয়ে গিয়েছিলেন প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এ বার এই সংক্রান্ত মামলায় তাঁকে মূল অভিযুক্ত করে তদন্ত শুরু করতে চলেছে আমেরিকা প্রশাসন। এদিকে, ভুয়ো অভিযোগ আনার জন্য ট্রাম্প আক্রমণ করেছেন বাইডেন প্রশাসনকেও।ট্রাম্প সামাজিক মাধ্যমে লিখেছেন, "দুর্নীতিগ্রস্ত বাইডেন প্রশাসন আমার আইনজীবীকে জানিয়েছে, আমি নাকি এই মামলায় অভিযুক্ত হতে চলেছি।" ট্রাম্প এ-ও লিখেছেন যে, মঙ্গলবার তাঁকে মায়ামির যুক্তরাষ্ট্রীয় আদালতে ডেকে পাঠানো হয়েছে।আমেরিকার ইতিহাসে এর আগে এই ধরনের অভিযোগে কোনও প্রেসিডেন্ট কিংবা প্রাক্তন প্রেসিডেন্টই অভিযুক্ত হননি। সে ক্ষেত্রে ট্রাম্পই নাজির সৃষ্টি করলেন।

## মণিপুরে

● প্রথম পাতার পর

জাতির স্বীকৃতির দাবি নিয়ে আন্দোলন ওই ছোট্ট রাজ্যে নাগা-কুকি জাতি গোষ্ঠীর মধ্যে পালটা প্রত্যাঘাতের জন্ম দিয়েছে। অতএব, রক্তাক্ত লড়াই। কারফিউ। পুলিশের গুলি। দিল্লির যন্তরমন্তরে মেতেই হিন্দু-বৈষ্ণব গোষ্ঠীর নজরকাড়া আন্দোলন, নাগা-কুকিদের বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপের শ্রীবৃদ্ধি। সবমিলিয়ে পরিস্থিতি ঘোরাল। তাছাড়া, মায়ানমার থেকে কুকি জঙ্গিরা এসে আগুনে ঘি ঢালছে। বিগত দিনে, মণিপুর থেকে একটি ছোটখাটো যুদ্ধ চালনা করার মতো অস্ত্র উদ্ধার করেছে সেনা।প্রসঙ্গত, মণিপুরে ট্রাইবাল বা আদিম জনগোষ্ঠীর মধ্যে লড়াই নতুন কিছু নয়। কয়েকশো বছর ধরে তা চলছে। তবে এবার তা ভিন্ন মাত্রা ধারণ করেছে। বিশ্লেষকদের অনেকেই বলছেন, মণিপুরে সংখ্যাগুরু মেতেইরা তফসিলি উপজাতির তকমা দাবি করে বারুদের স্তূপে আগুন দিয়েছে। গত এপ্রিল মাসে রাজ্য সরকারকে মেতেইদের দাবি খতিয়ে দেখার নির্দেশ দেয় হাইকোর্ট। তারপর ৩ মে 'ট্রাইবাল সলিডারিটি মার্চ' শুরু করে 'অল ট্রাইবাল স্টুডেন্টস ইউনিয়ন অফ মণিপুর'। মেতেইদের তফসিলি উপজাতির তকমা না দেওয়ার দাবিতেই ছিল এই মিছিল। ক্রমেই তা হিংসাত্মক আকার ধারণ করে। মেতেই সংখ্যাগুরু ইম্ফল উপত্যকায় বেশকিছু বাড়িঘরে আগুন ধরিয়ে দেয়। আর এর প্রতিক্রিয়াও হয় প্রায় সঙ্গে সঙ্গে। গোটা রাজ্যে ছড়িয়ে পড়ে হিংসা।

## যুবতী

● প্রথম পাতার পর

অতিক্রম করে আগরতলা রেল স্টেশন পর্যন্ত পৌছানোর কাজে নিয়োজিত আছে জয়দল হোসেন। তাদেরকে রেলের টিকেট কেটে বহির্রাজ্যে নিয়ে যেত বলে অভিযোগ। পরে বিক্রি করে দিত চার পাঁচ লাখ টাকার বিনিময়ে। এই অত্যাচার থেকে প্রানে বেচে এসে গতকাল কলমচৌড়া থানায় একটি মামলা দায়ের করেন নির্যাতনের শিকার হওয়া মেয়েটি। মামলা করে আমেনা বেগম ও তার ভাই জয়দল হোসেনের বিরুদ্ধে। তাদের বাড়ি বক্সনগর মোল্লা মুড়ায়।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# উদয়পুরে নিপুন ত্রিপুরা মিশন নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৯ জুন।। 'নিপুন ত্রিপুরা মিশন' শীর্ষক আলোচনা সভা ও ড্রামা অনুষ্ঠিত হয় উদয়পুর রাজর্ষি কলা ক্ষেত্রে।। জি-টুয়েন্টি গ্রুপের পরিকল্পনা মাফিক ভারত সরকার জন ভাগিদারী প্রোগ্রামের অঙ্গ হিসেবে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।নিপুন ভারত-নিপুন ত্রিপুরা মিশনের মূল উদ্দেশ্য হচ্ছে প্রাকপ্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাহিত্য ও সংখ্যা বিষয়ে দক্ষতার সাথে পড়তে লিখতে পারাও সংখ্যা বিষয়ে সম্যক জ্ঞান অর্জন করা, যাতে পরবর্তী শ্রেণীতে শিক্ষার্থী দক্ষতার সহিত পড়তে,লিখতে ও সংখ্যা সংক্রান্ত বিষয়ে পারদর্শী হতে পারে।প্রাকপ্রাথমিক বিভাগ অর্থাৎ নার্সারি থেকে তৃতীয় শ্রেনীর শিক্ষার্থীদের পারদর্শী করে তোলার জন্যই নিপুন ত্রিপুরা শীর্ষক এই আলোচনা সভা অনুষ্ঠিত হয় । উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের অর্থমন্ত্রী তথা ৩১আর কে পুর বিধান সভা কেন্দ্রের বিধায়ক প্রণজিৎ সিংহ রায়, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের এলিমেন্টারী এডুকেশনের ডিরেক্টর সুভাশীষ বন্দোপাধ্যায়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাতাবাড়ি বিধানসভ কেন্দ্রের বিধায়ক অভিষেক দেবরায়, কাকড়াবন শালগড়া-কাকড়াবন বিধান সভা কেন্দ্রের বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতী জেলা পরিষদের এক্টিং জেলাধীপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের পুরপিতা শীতল চন্দ্র মজুমদার, উদয়পুর গোমতী জেলা প্রশাসনের পক্ষে ডি সি মহোদয়া। সভায় গুরুত্বপূর্ণ আলোচনা ও বক্তব্য রাখেনএলিমেন্টারী এডুকেশনের ডিরেক্টর সুভাশীষ বন্দোপাধ্যায়, সভায় সভাপতিত্ব করেন গোমতী জেলা দায়িত্ব প্রাপ্ত শিক্ষা আধিকারিক জৈন ভিক্টর রিয়াং। সভায় স্বাগত ভাষণ রাখেন গোমতী জেলা শিক্ষা আধিকারিক অফিসের ও এস ডি ঝুমা দেব। আলোচনা শেষে নাটকের মাধ্যমে নিপুনের উপর একটি ড্রামা পরিবেশিত হয়। সব শেষে সমাপ্তি ভাষণ দেন করেন গোমতী জেলা দায়িত্ব প্রাপ্ত শিক্ষা আধিকারিক জৈন ভিক্টর রিয়াং। সভায় বি আর পি, সি আর পি , প্রধান শিক্ষক/ শিক্ষিকা সহ শিক্ষার্থীদের উপস্থিতি ছিলো লক্ষণীয়।

## কাঠগড়ায় মথা

● প্রথম পাতার পর

শুধু তাই নয় জনসভা ভন্ড করার জন্য নানা ধরনের চেষ্টা চালানো হয় বলে অভিযোগ করা হয়। তবে দু পক্ষের টানটান উত্তেজনার মধ্যেই বিকেল সাড়ে তিনটে নাগাদ সভা শুরু হয়। পুলিশে ছয় লাপ ছিল গোটা এলাকা। এদিকে সভায় বক্তব্য রাখতে গিয়ে প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য খুমুলুংএ র এদিনের পরিস্থিতি নিয়ে ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন খুমুলুংএ র পর টাকার জলাতেও সভা করা হবে। এই সভা থেকে তিনি যারা এই ধরনের কার্যকলাপের সঙ্গে যুক্ত তাদের হুঁশিয়ারি দিয়ে বলেন জনজাতিদের স্বার্থ নিয়ে আন্দোলন না করে অযথা হয়রানি করার চেষ্টা করছেন তাদের বিরুদ্ধে বিজেপি সব সময় লড়াই করে যাবে। দেশ স্বাধীন হওয়ার পর থেকে এখনো পর্যন্ত জনজাতিদের পিছিয়ে রাখার যে প্রয়াস তা থেকে বেরিয়ে আসতে হবে। বিজেপি আইপিএফটি সরকার চাইছে জনজাতিদের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে উন্নয়নমূলক কাজ করার। অথচ গ্রেটার তিপ্রাল্যান্ড বলে অযথা জনজাতিদের হয়রানি করছে বলে তার অভিযোগ।

এডিসি এলাকায় বসবাসকারী লোকজনদের জমির অধিকার, টেরিটোরিয়াল কাউন্সিল, ভাষার উন্নতি, তাদের পরিচিতি, ঐতিহ্য ও সংস্কৃতির অধিকার আদায়ের লক্ষ্যে আন্দোলন করে চলেছে বিজেপি সরকার। কিন্তু বর্তমান এডিসি প্রশাসন কখনোই এই কাজকে সমর্থন করেনি। আজ খুমুলুংএ নরেন্দ্র মোদি সরকারের নয় বছর পূর্তি উপলক্ষে ভারতীয় জনতা যুব মোর্চা ও আইপিএফটির উদ্যোগে আয়োজিত সমাবেশে একথা বলেছেন প্রাক্তন উপমুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মন। তিনি বলেন প্রথমে গ্রেটার তিপ্রাল্যান্ড, এরপর কন্সটিটিউশনাল সলিউশন আর বর্তমানে ইন্টারলোকেটর নিয়োগের দাবি জানিয়ে আসছে তিপ্রা মথা। কিন্তু রাজ্যের জনজাতিদের উন্নয়নের জন্য বিজেপি আইপিএফটি সরকারের আন্তরিক প্রয়াসকে ভুল ব্যাখ্যা দিয়ে রাজ্যের জনজাতি অংশের লোকজনদের সাথে তিপ্রা মথা প্রতারণা করে আসছেন বলে অভিযোগ করেন জিষ্ণু দেববর্মন।

সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য বলেন জনজাতিদের উন্নয়নের জন্য রাজ্য সরকার এক লক্ষ ২৯ হাজার জনজাতিদের জমির পাট্টা দিয়েছে। ১ লক্ষ ৩২ হাজার ৩৫০ জন জনজাতি ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার জন্য আর্থিক সহায়তা করেছে সরকার। পাশাপাশি তিনি বলেন জনজাতীদের উন্নয়নের জন্য বদ্ধ পরিকর বর্তমান সরকার। সমাবেশের জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন স্বাধীনতার পর থেকে ত্রিপুরা রাজ্যের জনজাতিরা সবদিকে পিছিয়ে ছিল। কিন্তু বর্তমান বিজেপি সরকারের আমলে তাদের উন্নয়নের লক্ষ্যে যে কাজ করে চলেছে তাতে বাধা হয়ে দাঁড়িয়েছে তিপ্রা মথা। সেই কারণে সকল অংশের জনজাতিদের নিজেদের অধিকার অর্জন করার লক্ষ্যে সরকারকে সহযোগিতা করার আহ্বান জানান তিনি। সমাবেশে বক্তব্য রাখেন সাংসদ রেবতী ত্রিপুরা, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি নবাদল বণিক সহ আইপিএফটির অন্যান্য নেতৃবৃন্দ।

## গ্রাম পাহাড়ে

● প্রথম পাতার পর

মধ্যে রয়েছে তারা। এর পেছনে মূলত কারণ হলো বিগত বছর অক্টোবরের পর মাত্র ১০ থেকে ১৫ দিনের রেগা কাজ হয়েছে। এবং তাদের পুরো টাকা এখনো দেওয়া হয়নি।

২২৫ টাকা মজুরির মধ্যে মাত্র ১৬০ থেকে ১৮০ টাকা তারা পাচ্ছে। এবং দেখা গেছে এই অবস্থা সৃষ্টি হওয়ার কারণ হলো বিজেপি এবং মথার যারা মাতব্বর রয়েছেন তারা কাজ না করে ভাগ বসাচ্ছে। ফলে তাদের এত কম টাকা মজুরি মিলছে। সেখানে পূর্ত দপ্তর, বিদ্যুৎ নিগম সহ কোন দপ্তরের কাজ হচ্ছে না। তাদের আর কোন অর্থ উপার্জনের রাস্তা নেই। রেশনিং ব্যবস্থাও অনেকটাই দুর্বল। মাথাপিছু মাত্র ৫ কেজি করে চাল মিলছে। মানুষের এক অসহনীয় অবস্থা সেখানে লক্ষ্য করা গেছে। তাই মানুষকে বলা হয়েছে কে কোন দলের সমর্থক সেটা অন্য বিষয়। সকলে যাতে তাদের অধিকার পাওয়ার জন্য সম্মেলিতভাবে এগিয়ে এসে আওয়াজ তুলেন। ৮ জুন গঙ্গানগর ব্লক এলাকার মালদা পাড়াতে যান। সেখানে ৩০৩ পরিবারের বসবাস। কিন্তু সেখানেও একই অবস্থা।

কাজের জন্য অনাহার লক্ষ্য করা গেছে। কারণ রেগা কাজ এবং মজুরি মিলছে না। মানুষকে অভাবে জীবন ধারণ করতে হচ্ছে। এমনকি রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত বেহাল। ফলে মানুষ বলছে সরকার তাদের সাথে তামাশা করছে। সবচেয়ে অবাক করার বিষয় হলো যেখানে খাবার নেই সেখানে রেশনের মাধ্যমে মশলা দিয়ে উপহাস করা হচ্ছে। তারপর প্রতিনিধি দলটি ডুম্বুর কালাঝারি এলাকায় যায়। কিন্তু সেখানে গিয়ে লক্ষ্য করা গেছে ডুম্বুর জলাশয়ে মাছ না ফেলার কারণে মানুষের আয় উপার্জন নেই। এবং মানুষকে বলা হয়েছে এর বিরুদ্ধে কথা বলতে হবে। এ বিষয়ে রাজ্য সরকার এবং এডিসি প্রশাসনের নজরে আনা হবে। নাহলে পরিস্থিতি আগামী দিনে ভয়াবহ হতে পারে বলে আশঙ্কা ব্যক্ত করলেন রাধা চরণ দেববর্মা। তিনি আরো বলেন লক্ষ্য করা গেছে প্রধানমন্ত্রী আবাস যোজনার মাধ্যমে প্রথম কিস্তির টাকা মিললে দ্বিতীয় কিস্তির টাকা পেতে কুড়ি হাজার টাকা দিতে হচ্ছে। আয়োজিত সাংবাদিক সম্মেলনে প্রাক্তন বিধায়ক সুধন দাস জানান, সরজমিনে না গেলে মানুষ যে এত কঠিন অবস্থা মধ্যে রয়েছে তা জানা যেত না।

## রাজনগরে

● প্রথম পাতার পর

কিছুক্ষণ পরেই মৃত্যুর কূলে ঢলে পড়ে গৃহবধূ। বর্তমানে পলাতক অভিযুক্ত স্বামী। ঘটনায় শোকের ছায়া নেমে আসে হাসপাতাল চত্বরে। পরে মৃতদেহটি ময়না তদন্তের পর পরিবারের লোকজনদের হাতে তুলে দেওয়া হয়। অভিযুক্ত স্বামীর বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হবে বলে জানা যায়।

# হিন্দু ধর্ম গ্রহণ করলেন মুসলীম মেয়ে

নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ৯ জুন।। মুসলিম ধর্মে মেয়েদের স্বাধীনতা নেই। উল্টে সতীনের ঘর করার ভয় রয়েছে। তাই সনাতন ধর্ম গ্রহণ করেছেন জরিনা বেগম। স্বেচ্ছায় হিন্দু ধর্ম গ্রহণ করে আজ চেবরীর যুবক রঞ্জিত দেবনাথের সাথে বিয়ে সেরেছেন তিনি। তাঁর নতুন নাম হয়েছে সোনালী দেবনাথ। শুক্রবার দুপুরে কল্যাণপুরের ঘিলাতলীর শ্রীশ্রী গিরিধারী মন্দিরে বিশ্ব হিন্দু পরিষদের উদ্যোগে বিবাহ হলো হিন্দু ধর্মে আসা এক যুবতীর সাথে তার প্রেমিকের। পুরোপুরি হিন্দু সনাতন ধর্ম মতে এদের বিবাহ হলো।মেয়েটির বাড়ি তেলিয়ামুড়াতে। তার নাম ছিলো জরিনা বেগম (২১)। আইন মোতাবেক সে তার ধর্ম স্বেচ্ছায় ত্যাগ করে। তার নুতন নাম হয় সোনালী দেবনাথ। শুক্রবার তার সাথেই বিয়ে হলো চেবরীর যুবক রঞ্জিত দেবনাথের। এই বিয়েতে উপস্থিত ছিলেন বিশ্ব হিন্দু পরিষদের ত্রিপুরা উপপ্রান্তের সংগঠন মন্ত্রী মহেন্দ্র পাল সিং, সংগঠন এর খোয়াই জেলা কমিটির সভাপতি কানাই শীল, সম্পাদক বিজয় গোপ, বজরং দলের ত্রিপুরা উপপ্রান্তের সহ সংযোগ সত্যজিৎ রায় এবং খোয়াই জেলার বিশিষ্ট সমাজসেবী অভিজিৎ দত্ত ভৌমিক।

## যাদের কাছে জ্ঞান

● প্রথম পাতার পর

থেকে বের হয়ে আসতে পারবে। তখন তাকে সার্টিফিকেট প্রদান করে মূল্যায়নও করবে সংশ্লিষ্ট কলেজ বা ইউনিভার্সিটিগুলো। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, নতুন জাতীয় শিক্ষানীতিতে গুণগতমানের শিক্ষা প্রদান সুনিশ্চিত করার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টির উপরও জোর দেওয়া হয়েছে। রাজ্যে নতুন জাতীয় শিক্ষানীতিটি সফল রূপায়ণের লক্ষ্যে সঠিক গাইডলাইন অনুসরণ করার উপরও শিক্ষক - শিক্ষিকা, অধ্যাপক-অধ্যাপিকাদের গুরুত্ব দিতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ছেলেমেয়েদের মধ্যে প্রতিভার কোনো অভাব নেই।দেশের যেকোনো অংশের ছেলেমেদের তুলনায় রাজ্যের ছেলেমেয়েরা প্রতিভার দিক দিয়ে কোনো অংশে কম নয়। নতুন জাতীয় শিক্ষানীতি-২০২০তে সমগ্র দেশের শিক্ষা পদ্ধতি এক হওয়ার ফলে রাজ্যের ছেলেমেয়েদের জাতীয়স্তরে শিক্ষা গ্রহণে কোনো অসুবিধার সম্মখীন হতে হবে না।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে বর্তমানে সরকারি ও বেসরকারি অনেক বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয় রয়েছে। সেগুলিকে কেন্দ্র করেই রাজ্যে এডুকেশন হাব তৈরী হচ্ছে। এক্ষেত্রে নতুন জাতীয় শিক্ষানীতি রাজ্যের জন্য ফলপ্রসূ হবে বলেই মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে শিক্ষা দপ্তরের সচিব শরদিন্দ চৌধুরী বলেন, জাতীয় শিক্ষানীতি-২০২০ আগের শিক্ষানীতি থেকে সম্পর্ণ আলাদা। নতুন জাতীয় শিক্ষানীতি প্রত্যেক ছাত্রছাত্রীকে সঠিক ঁানে সমৃদ্ধ করতে সাহায্য করবে। ছাত্রছাত্রীদের যুগের সঙ্গে তাল মিলিয়ে চলার ক্ষেত্রেও এই শিক্ষানীতি কাজে লাগবে। নতুন জাতীয় শিক্ষানীতিকে সঠিকভাবে রূপায়ণ করতে শিক্ষক-শিক্ষিকা সহ সকলকে আন্তরিক ভূমিকা গ্রহণ করার আহ্বান জানান শিক্ষা সচিব। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর গঙ্গাপ্রসাদ প্রসাইন, মহারাজা বীর বিক্রম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর সত্যদেও পোদ্দার এবং উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা।

**Name Change**

**Smti Nanda Debbarma Laskar** W/O Sri Debabrata Laskar resident of Kalyani, water Supply Rd. Po Agalata College P.S. East P.S Agartala-799004. Do hereby declare that. I have changed my name from **Nanda Debbarma Laskar** to **Nanda Debbarma** and henceforth I shall be known as **Nanda Debbarma** in all purpose Vide affidavit sworn before the notary public at Agartala on 08/06/ 2023. **Nanda Debbarma laskar and Nanda Debbarma** both are Same and One identical person.

# সিডিপিও অয়ন ভৌমিক মন্ত্রীর নির্দেশকে বৃদ্ধাঙ্গুল দেখিয়ে ছুটি না নিয়েই চলে গেলেন বাড়িতে

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৯ জুন।। গত পঁচিশ মে কদমতলা সিডিপিও অফিসের বেহাল কর্মসংস্কৃতি ও বস্তায় বস্তায় মজুত চাল ডাল সঠিক সময়ে বিতরণ না করার কারণে ব্যবহারের অনুপযোগী অর্থাৎ নষ্ট হয়ে পড়েছে। এই সংক্রান্ত বিষয় নিয়ে একটি সংবাদ পত্রিকায় প্রকাশিত হয়। এই খবর জানতে পেরে ঐদিন বিকালে কদমতলা সিডিপিও অফিস পরিদর্শন করেন দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়। তিনি এই ঘটনার সত্যতা আন্দাজ করতে পেরে এদিনই তদন্তের নির্দেশ দেন মন্ত্রী টিঙ্কু রায়। তদন্তে একটু দেরি হলেও সাত জুন রাজ্যের সমাজ কল্যাণ ও সামাজিক শিক্ষা দপ্তরের অভয়নগর আগরতলা মূল কার্যালয় অর্থাৎ ডিরেক্টর থেকে সাত দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হলো কদমতলা সিডিপিও অয়ন ভৌমিককে। এই নোটিশে বলা হয়েছে, গত ২৬ মে কদমতলা সিডিপিও অফিসের গুদাম ঘরে কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে জেলা প্রোগ্রাম অফিসার বিপ্লব ঘোষের জমা দেওয়া প্রতিবেদন থেকে জানা গেছে, চাল (ডব্লিওবিএনপি) এবং স্টক রেজিস্টার ব্যালেন্সের মধ্যে একটি অসঙ্গতি পরিলক্ষিত হয়েছে অর্থাৎ মোট ৪৪৩১ কেজি চাল এবং ৯৭০ কেজি মশুর ডাল পাওয়া গেছে। ১৪৫০ কেজি চাল ও ডাল অর্থাৎ ৩৪ বস্তায় ১০২০ কেজি চাল ও ৩৪০ কেজি ডাল গুদামে এই পরিমাণ চাল ডাল মেশানো হয়েছিল জানানো হয়েছে, এবং সঠিক সময়ে তা বিতরণ না করার কারণে এই ৩৪ বস্তা মিশ্রিত চাল ডাল ব্যবহার অনুপযোগী অবস্থায় পড়ে রয়েছে। এই কারণ দর্শানোর নোটিশে এও বলা হয়েছে, সিডিপিও হিসাবে দায়িত্ব পালন করার ক্ষেত্রে অয়ন ভৌমিকের উচিত ছিল খাদ্যশস্য বিতরণের পাশাপাশি স্টক যাচাই করা কিন্তু তা করা হয়নি। যার ফলে সরকারী গুদামে ৩৪ বস্তা মিশ্রিত খাদ্যশস্য থাকা সত্বেও গুদাম যাচাইয়ের ক্ষেত্রে তার গাফিলতির কারণে সঠিক সময়ে এগুলি বিতরণ না করার কারণে এগুলি ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। খাদ্যশস্যের শারীরিক ভারসাম্য এবং এসএনপি খাদ্য সামগ্রীর স্টক রেজিস্টার ব্যালেন্সের মধ্যে অসামঞ্জস্য রয়েছে যা তার ব্যবস্থাপনা দক্ষতার অভাব এবং দাপ্তরিক কাজে নিরীক্ষণের অভাব দেখায়। এদিকে একই তারিখে অন্য একটি নোটিশে কদমতলা সিডিপিও অয়ন ভৌমিককে দায়িত্ব হস্তান্তর না করায় সিডিপিও অফিসের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হয়েছে বলে দাবি করা হয়। কদমতলা আইসিডিএস প্রকল্পের দায়িত্ব হস্তান্তর করা উচিত ছিলো বলে উল্লেখ রয়েছে এই নোটিশে। এই বিষয়গুলি নিয়ে কদমতলা সিডিপিও অয়ন ভৌমিকের কাছে কেন এই ধরনের ত্রুটির জন্য তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না। সাত দিনের মধ্যে তার কারণ জানতে চাওয়া হয়েছে দপ্তরের পক্ষ থেকে নোটিশ প্রাপ্তির তারিখ থেকে সাত দিনের মধ্যে দপ্তরের ডিরেক্টরের কাছে উত্তর পৌঁছাতে হবে, যদি না হয় তবে অয়ন ভৌমিকের উপর উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে এই নোটিশ জানানো হয়েছে। এদিকে বিষয়ে জানার পর শুক্রবার সাংবাদিকরা কদমতলা সিডিপিও অফিসে গেলে সিডিপিও অয়ন ভৌমিককে অফিসে পাওয়া যায়নি। ফোনে যোগাযোগ করে কথা বলে জানা যায় তিনি লিভে আছেন। এদিকে এই বিষয়ে অফিসের রিসিভ সেকশানের দায়িত্বে থাকা এক সরকারী কর্মচারীর সাথে দেখা করে জানা যায়, ছুটি সংক্রান্ত বিষয়ে সিডিপিও অয়ন ভৌমিক কোন আবেদন পত্র অফিসে জমা দেননি এমনকি আইসিডিএস সুপারভাইজার সাথে কথা বলে জানা যায় তিনি কোন ছুটির আবেদন করেন নি। কথা হলও যেখানে মন্ত্রী টিংকু রায় অফিস পরিদর্শন করে তদন্তের নির্দেশ দিয়েছেন। এরপর দপ্তর থেকে সাত দিনের মধ্যে জবাব চাওয়া হয়েছে সিডিপিও অয়ন ভৌমিকের কাছে। সেই জায়গায় দপ্তরকে বুড়ো আঙ্গুল দেখিয়ে কিভাবে অফিস ফাঁকি দিতে পারেন অয়ন ভৌমিক সেইটাই হলো বড় কথা। এদিকে বিভিন্ন এলাকা থেকে খবর পাওয়া যায় গত কুড়ি মে থেকে অঙ্গনওয়ারী সেন্টার গুলিতে ৮০ কেজি করে যে চালডাল দেওয়া হয়েছিলো এরপর আর কোন চালডাল দেওয়া হয়নি। অফিসে খোঁজ নিয়ে স্টোর কিপার শ্রীবাস পাল থেকে জানা যায়, গুদামে চাল ডাল মজুত রয়েছে। গত মাসের ২০ তারিখ থেকে এই মাসের ৭ তারিক পর্যন্ত প্রতিটি অঙ্গনওয়ারী সেন্টারে ৮০ কেজি করে চালডাল দেওয়া হয়েছে। তবে দপ্তরের মাল বহনকারী সংস্থা ন্যাশনাল পেক্সের গাড়ি নষ্ট হয়ে যাওয়ায় পুনরায় ওই কেন্দ্র গুলিতে চাল ডাল দেওয়া বন্ধ রয়েছে।

# খালিস্তানি প্যারেডে ইন্দিরা গান্ধীর খুনের ট্যাবলো, ঘটনার তীব্র নিন্দা কানাডার এমপির

অটোয়া, ৯ জুন (হি. স.) দেহরক্ষীদের গুলিতে ইন্দিরা গান্ধীর খুনের ঘটনা নিয়ে ট্যাবলো বের করার তীব্র নিন্দা করলেন কানাডার এমপি চন্দ্র আর্য। টুইটারে রীতিমতো ক্ষোভ উগরে দিয়েছেন তিনি। দাবি করেছেন, কানাডার খলিস্তানিরা সম্প্রতি ব্র্যাম্পটন প্যারেডে যা করেছে তা অত্যন্ত নিন্দনীয়।দেহরক্ষীদের গুলিতে ইন্দিরা গান্ধীর খুনের ঘটনা নিয়ে ট্যাবলো বের করে কানাডায় কার্যতই 'উদযাপন' করেছে খলিস্তানিরা। হলুদ রঙের খলিস্তানি পতাকা দেওয়া ওই ট্যাবলোতে আরও লেখা রয়েছে, এটা প্রতিশোধ। কানাডার ব্রাম্পটনের রাস্তায় এই ট্যাবলো বের করা নিয়ে ইতিমধ্যেই সমালোচনার ঝড় উঠেছে। এবার কানাডার এমপি চন্দ্র আর্য তীব্র নিন্দা করলেন এই ঘটনার।টুইটারে রীতিমতো ক্ষোভ উগরে দিয়েছেন তিনি। দাবি করেছেন, কানাডার খলিস্তানিরা সম্প্রতি ব্র্যাম্পটন প্যারেডে যা করেছে তা অত্যন্ত নিন্দনীয়। যেভাবে রক্তাক্ত সাদা শাড়ি পরিহিত ইন্দিরা গান্ধীর কাটআউট ও তাঁর হত্যাকারীদের ছবি ব্যবহার করা হয়েছে ওই ট্যাবলোয় তার কড়া নিন্দা করে আর্য জানিয়েছেন, 'এমনটা আমাদের দেশ কানাডা মেনে নেবে না।' সেই সঙ্গেই শাসক দলের এমপি জানিয়ে দিয়েছেন, কানাডায় 'হিন্দুবিরোধী' বা 'ভারতবিরোধী' ঘৃণা ছড়ানো হলে তার বিরুদ্ধে কড়া পদক্ষেপ করা হবে।বিতর্কিত ট্যাবলোর একটি ভিডিও ছড়িয়ে পড়েছে নেটদুনিয়ায়। সেখানে দেখা যাচ্ছে, বাসভবনের বাগানে হাঁটার সময়ে শিখ দেহরক্ষীরা গুলি চালাল ইন্দিরা গান্ধীর দিকে। রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়লেন ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী। এই দৃশ্যের পিছনেই সাজানো ছিল খলিস্তানিদের হলুদ পতাকা। সেখানে লেখা ছিল, এটাই প্রতিশোধ। ট্যাবলোটি প্রায় পাঁচ কিলোমিটার পথ পাড়ি দিয়েছে বলেই দাবি কংগ্রেসের। গোটা ঘটনার ভিডিও দেখে নিন্দায় সরব নেটিজেনরা। প্রসঙ্গত, কয়েকদিন আগে এই ব্রাম্পটনেই একটি হিন্দু মন্দিরে হামলা চালায় খলিস্তানিরা।


# ৭১তম বিশ্বসুন্দরী প্রতিযোগিতার আসর বসবে ভারতে, যোগ দিচ্ছে ১৩০টি দেশ

মুম্বই, ৯ জুন (হি. স.) : ফের ভারতে আয়োজিত হচ্ছে বিশ্বসুন্দরী প্রতিযোগিতা। এমনটাই ঘোষণা করলেন মিস ওয়ার্ল্ড সংগঠনের সিইও জুলিয়া মোরলে। নভেম্বরেই এই অনুষ্ঠান হবে বলে জানা গিয়েছে। প্রতিযোগীর সংখ্যা বেড়ে হয়েছে ১৩০।এর আগে ১৯৯৬ সালের ২৩ নভেম্বর ভারতে আয়োজিত হয়েছিল মিস ওয়ার্ল্ড। সেবারে ৮৮ জন প্রতিযোগীকে হারিয়ে বেঙ্গালুরু'র চিন্নাস্বামী স্টেডিয়ামে সেরার মুকুট পরেছিলেন গ্রীসের সুন্দরী ইরেন স্ক্লিভা। ভারতীয় সুন্দরী রানি জয়রাজের বিজয় রথ থেমেছিল পঞ্চম স্থানে।শোনা যাচ্ছে, এবারেও নভেম্বর মাসেই ৭১তম বিশ্বসুন্দরী প্রতিযোগিতা হবে। তারিখ ও স্থান ক'দিন পরই জানা যাবে। এবার প্রতিযোগীর সংখ্যা বেড়ে হয়েছে ১৩০। অর্থাৎ একশোরও বেশি দেশ থেকে সুন্দরী আসবেন ভারতে। সেরার লড়াইয়ে যোগ দেবেন প্রত্যেকে। গতবার বিশ্বসুন্দরী হয়েছেন পোল্যান্ডের কারোলিনা বিয়েলস্কা। তিনিও এখন ভারতে রয়েছেন। প্রতিযোগিতার গুরুত্ব বিভিন্ন জায়গায় বোঝাচ্ছেন।

জানা গিয়েছে, প্রায় এক মাস ধরে এই প্রতিযোগিতার প্রস্তুতি চলবে। তাতে প্রতিযোগীরা বিভিন্ন ধরনের কাজের সঙ্গে যুক্ত হবেন। নিজেদের প্রতিভার পরিচয় দেবেন। সমাজসেবামূলক কাজও করবেন। সমস্ত দিক খতিয়ে দেখে সেরা সুন্দরী বেছে নেওয়া হবে।

# বিজেপি থেকে ভোটে দাঁড়ালে মুন্ডু নিয়ে খেলা হবে, বিরোধীদের উদ্দেশ্যে হুমকি

কাকদ্বীপ, ৯ জুন (হি. স.) পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণার পরেই বিজেপির উদ্দেশ্যে একটি হুমকি পোস্টার ঘিরে উত্তেজনা ছড়াল দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ বিধানসভার নেতাজি গ্রাম পঞ্চায়েত এলাকায়। তবে এই পোস্টারের নীচে কারো নাম নেই। বিজেপির অভিযোগ এ কাজ করেছে শাসক দলের দুষ্কৃতীরা। যদিও শাসক দলের পক্ষ থেকে অস্বীকার করা হয়েছে গোটা ঘটনাকে। তাদের দাবি ভোটের আগে বাজার গরম করতে নিজেরা এই কাজ করেছে। আর এই পোস্টার ঘিরে শুরু হয়ে গেল শোরগোল মানুষের মধ্যে আতঙ্ক। ঢোলাহাট থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।পোস্টারে লেখা আছে, যদি কোন ব্যক্তি বিজেপির হয়ে প্রার্থী হন কিংবা বিজেপির হয়ে প্রচারে যান যেখানে পারবো তাদেরকে গুলি করে মারা হবে। দাদা ছাড়া কোন দল এখানে চলবে না। দলের সমর্থনে যারা প্রচার করবে তাদেরকে গুলি করে মারা হবে। মেঘনাথ দেবশর্মা নেতাজি অঞ্চলের বিজেপির মন্ডল সভাপতি। তাঁর উদ্দেশ্যে পরিষ্কার পোস্টারে লেখা আছে তাঁকে কোন পাড়ায় প্রচারে দেখতে পেলেই সেখানে গুলি করে মেরে দেয়া হবে। বিজেপি নেতা ও সমর্থকদের গাঁজা কেসে ফাঁসিয়ে দেওয়া হবে। বোম মেরে ঘরবাড়ি উড়িয়ে দেওয়া হবে। আর এমনই এক পোস্টারে আতঙ্ক ছড়িয়েছে এলাকায়।মেঘনাদ বলেন, " তৃণমূলরা হেরে যাওয়ার ভয়ে এভাবে হুমকি দিতে শুরু করেছে। এই এলাকায় গত পঞ্চায়েতে আমরা দুটি আসন জিতেছিলাম। আর এবার বিজেপি তৃণমূলকে ধুয়ে সাফ করে দেবে। সেটা বুঝতে পেরেই এভাবে হুমকি দিতে শুরু করেছে।" যদিও অভিযোগ অস্বীকার করেছেন এলাকার তৃণমূল নেতা তথা প্রধানের স্বামী রবিন সাহা। তিনি বলেন, " এই অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। এলাকা গরম করতে বিজেপি এসব করছে। তৃণমূলকে বদনাম করার জন্য এসব চক্রান্ত করছে।" কাকদ্বীপের বিধায়ক মন্টুরাম পাখিরা বলেন, " বিষয়টা জানা নেই। তবে এ ধরনের কিছু ঘটেছে বলে মনে হয় না।



# ধর্মনগরের স্কুল ক্রিকেটে বৃষ্টি বিঘ্নিত ম্যাচে জয়ী ত্রিপুরেশ্বরী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।। বৃষ্টির থাবা। শেষে ম্যাচের নিষ্পত্তি হয় আর টি এ আর ম্যাথডে। তাতে ৮ উইকেটে জয় পেলো ত্রিপুরেশ্বরী শিশু তীর্থ। পরাজিত করলো পদ্মপুর স্কুলকে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত অনূর্ধ-১৭ আন্ত: স্কুল ক্রিকেটে। মহকুমার ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে পদ্মপুর স্কুলের গড়া ১১১ রানের জবাবে বৃষ্টির জন্য যখন খেলা বন্ধ হয় তখন ত্রিপুরেশ্বরী শিশু তীর্থ ১৪ ওভারে ২ উইকেটে হারিয়ে ৫১ রান করে। পরে আর খেলা শুরু না হওয়ায় আর টি এ আর ম্যাথডে ত্রিপুরেশ্বরী শিশু তীর্থকে জয়ী ঘোষনা করা হয়। শুক্রবার সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে পদ্মপুর স্কুল ২৫.২ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১১১ রান করে। দল সর্বোচ্চ ৩২ রান পায় শ্রীমান অতিরিক্ত খাতে। এছাড়া দলের পক্ষে দলনায়ক উদয় দেব ৪১ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ৩২,শায়ন মজুমদার ৩০ বল খেলে ১ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২১ এবং তুহিন আলম ৩২ বল খেলে ১৬ রান করে। দলের আর কোনও ব্যাটসম্যান রান করতে পারেনি। ত্রিপুরেশ্বরী শিশু তীর্থ-র পক্ষে নাইরীত ধর (৪/২৩), প্রদীপ কুমার নাথ (২/১০) এবং রাজীব দেবনাথ (২/১৯) সফল বোলার।

জবাবে খেলতে নেমে ত্রিপুরেশরী শিশু তীর্থ স্কুল ১৪ ওভারে ২ উইকেট হারিয়ে ৫১ রান করার পর বৃষ্টি নামায় শেষ পর্যন্ত আর খেলা হয়নি।

দলের পক্ষে অংশুমান সরকার ৪৭ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১৩ রান করে। দল অতিরিক্ত খাতে পায় ২৯ রান।

# শেষ ম্যাচে সুখময়ের দুর্দান্ত জয় সুপার লিগে আজ এসডিএম-মতিনগর

## সুখময় স্কুল: ১৩ বড়জলা স্কুল: ০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১০ জুন।। দুর্দান্ত জয় পেয়েছে সুখময় স্কুল। ফুটবল ঘরানার আঁতুড়ঘড় হিসেবে পরিচিত সুখময় স্কুল দেরিতে হলেও আজ জাত চিনিয়েছে। তবে দর্শকদের প্রত্যেকেই বলাবলি করছেন প্রথম ম্যাচে সেন্ট পলসস্কুলের বিরুদ্ধে সুখময় স্কুলের ছেলেরা তেমন খেলতে পারেনি কেন। গত সপ্তাহে এমন দিনে সেন্ট পলসএর কাছে ০-৮ গোলে হারটাই সুখময় স্কুলের কাল হয়েছে। আজ, শুক্রবার ১৩-০ গোলের ব্যবধানে বড়জলা স্কুলকে হারিয়ে সুখময় স্কুল একপ্রকার সান্তনার জয় পেয়েছে, ঠিকই পাশাপাশি গ্রুপ-সি থেকে রানার্স খেতাব পেয়েছে। তবে ব্যথিত চিত্তে ঘরে ফিরছে আগামী বছর ভালো খেলে মুল পর্বে খেলার প্রত্যাশা নিয়ে। কেননা এই গ্রুপ থেকে যথারীতি সেন্ট পলসস্কুল মুল পর্বে খেলার যোগ্যতা পেয়েছে। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত কাজল মেমোরিয়াল অনূর্ধ ১৪ আন্ত: স্কুল ফুটবল টুর্নামেন্টের গ্রুপ লীগ পর্যায়ের শেষ ম্যাচে আজ সুখময় স্কুল ১৩-০ গোলের ব্যবধানে বড়জলা স্কুল কে পরাজিত করেছে। প্রথমার্ধে বিজয়ী দল নয়-শূন্য গোলে এগিয়ে ছিল। বিজয়ী সুখময় স্কুলের পক্ষে রাজদীপ রবিদাস দুর্দান্ত হ্যাটট্রিক করেছে। এছাড়া গোপাল ঘোষ, অনন্ত চৌধুরী, দ্বীপ মালাকার ও অজয় কর্মকার প্রত্যেকে দুটি করে গোল করেছে। এছাড়া, গৌরব দেব ও বাপ্পি দাস করেছে একটি করে গোল।

এক সপ্তাহ আগে প্রথমবারের মতো এস্ট্রোটার্ফে নেমে সুখময় স্কুলের ছেলেরা এতটাই ছন্নছাড়া খেলেছিল, যার জন্য সেন্ট পলসস্কুলের কাছে ০-৮ গোলে হারতে হয়েছিল। আজ ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি সুকান্ত দেবনাথ, বিশ্বজিৎ পাল, ইন্দ্রানী দে ও মাম্পি দে।

দিনের খেলা- সুপার লিগের প্রথম ম্যাচ সুধন্য দেববর্মা মেমোরিয়াল স্কুল খেলবে মতিনগর স্কুলের বিরুদ্ধে, বিকেল চারটায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে।

# শান্তির বাজারে চ্যালেঞ্জার ট্রফি ক্রিকেটে বৃষ্টির থাবা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।। পর পর দুদিন। পরিত্যক্ত হলো ম্যাচ। মুষলধারে বৃষ্টির জন্য। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত চ্যালেঞ্জার ট্রফি সিনিয়র ক্রিকেটের। বাইখোরা স্কুল মাঠে শুক্রবার মুখোমুখি হওয়ার কথা ছিলো ইয়াকথো ওয়েলফেয়ার সোসাইটি এবং মুহুরিপুর জনকল্যান সমিটির। কিন্তু বৃষ্টির জন্য মাঠ খেলার অনুপযুক্ত হয়ে থাকায় শেষ পর্যন্ত খেলা শুরু করা সম্ভব হয়নি। দুদলকেই ২ পয়েন্ট করে দেওয়া হয়। আকাশ যেভাবে কালো চাদরে ঢেকে আছে, তাতে আজও ম্যাত হবে কীনা তা নিয়ে রয়েছে যথেষ্ট সন্দেহ।

# সুপার লিগ : স্ফুলিঙ্গ-কসমোপলিটন ফ্রেন্ডস-জেসিসির ম্যাচ শুরু আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।। স্ফুলিঙ্গ খেলবে কসমোপলিটন ক্লাবের বিরুদ্ধে। খেলা নরসিংগড়ে পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে। আগামীকাল থেকে তিন দিনের ম্যাচ। যোগেশ চক্রবর্তী স্মৃতি ২০১৯-২০ সেশনের টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের খেলা। ইতিমধ্যে স্ফুলিঙ্গ জয়নগর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে প্রথম ম্যাচে প্রথম ইনিংসে লিড নেওয়ার সুবাদে তিন পয়েন্ট পেয়ে কিছুটা এগিয়ে রয়েছে। তবে রান রেটের নিরিখে তারা ইউনাইটেড ফ্রেন্ডস থেকে একটু পিছিয়ে রয়েছে। স্ফুলিঙ্গের বিরুদ্ধে আবার খেলোয়াড় সংক্রান্ত একটি অভিযোগও রয়েছে। এদিকে এম বি বি স্টেডিয়ামে ইউনাইটেড ফ্রেন্ডস ও জেসিসি-র তিন দিনের ম্যাচও শুরু হচ্ছে আগামীকাল থেকে। প্রথম রাউন্ডের ম্যাচে ইউনাইটেড ফ্রেন্ডস কসমোপলিটনের বিরুদ্ধে অমীমাংসিত খেলায় প্রথম ইনিংসে লিড নেওয়ার সুবাদে ৩ পয়েন্ট পেয়েছে। রান রেটেও কিছুটা এগিয়ে থাকায় পয়েন্ট তালিকায় ইউনাইটেড ফ্রেন্ডস শীর্ষে রয়েছে। উল্লেখ্য , প্রথম রাউন্ডের দুটি ড্র ম্যাচে পিছিয়ে থাকা দুই দল পরবর্তী খেলায় ঘুরে দাঁড়াতে চাইছে। আগামীকাল থেকে শুরু হওয়া দুটি ম্যাচে চারটি দলই ভালো খেলার লক্ষ্যে নিজেরা আজ হালকা প্র্যাকটিসও করে নিয়েছে।

# ফুটবল রেফারিদের তিনদিনের প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করলেন ক্রীড়ামন্ত্রী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।। আন্ত স্কুল ফুটবল টুর্নামেন্ট দিয়ে ইতিমধ্যেই শুরু হয়ে গেছে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত এ বছরের ফুটবল মরশুম। সামনেই রয়েছে রাখাল স্মৃতি নকআউট, প্রথম ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্টের মত বড় ফুটবল আসর। একের পর এক এই টুর্নামেন্টকে সামনে রেখে রাজ্যের রেফারিদের গুণগতমান বৃদ্ধি করতে এবারও এক বিশেষ শিবিরের আয়োজন করে ত্রিপুরা রেফারি এসোসিয়েশন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে রেফারিদের নিয়ে আয়োজিত তিন দিনের এই বিশেষ শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন হলো শুক্রবার। আগরতলা উমাকান্ত মিনি স্টেডিয়ামে এদিন সকালে শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী টিংকু রায়। এছাড়াও ছিলেন ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশনের চেয়ারম্যান রতন সাহা, ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সচিব অমিত চৌধুরী সহ আয়োজক রেফারি এসোসিয়েশনের কর্মকর্তারা। তিন দিনব্যাপী এই শিবিরে প্রধান প্রশিক্ষক হিসেবে রয়েছেন মনিপুর থেকে আগত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন রেফারি জয়চন্দ্র সিং। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে নতুন পুরাতন মোট ৭০ জন রেফারি অংশগ্রহণ করেন এই শিবিরে। শিবিরের আনুষ্ঠানিক সূচনা করে এদিন মন্ত্রী টিঙ্কু রায় বলেন, ফুটবল ভালো চাইতে গেলে ভালো রেফারি দরকার। দক্ষ রেফারি হলে খেলা ভালো হবে সেটাই স্বাভাবিক। তাই রাজ্যের রেফারিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যেই বিশেষ এই শিবিরের আয়োজন। এদিন তিনি আরো বলেন রাজ্যে ফুটবলের অনেক পরিকাঠামো গড়ে উঠেছে। রাজ্য সরকার চাইছে খেলাধুলাকে একটা ভালো জায়গায় নিয়ে যেতে।

# টিএফএ-র সি-ডিভিশন ফুটবল শুরু ১৫ জুন থেকে : ক্রীড়াসূচি ঘোষিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।। আগামী ১৫ই জুন থেকে শুরু হচ্ছে সি-ডিভিশন লীগ ফুটবল টুর্নামেন্ট। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন আয়োজিত সি-ডিভিশন ফুটবল টুর্নামেন্ট এবার রেকর্ড সংখ্যক দল বারোটি ফুটবল দলকে নিয়ে অনুষ্ঠিত হবে। টিএফএ-র ঐতিহাসিক সিদ্ধান্তক্রমে এবছর একাধিক আবেদনকারী দলকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের লীগ কমিটির গুরুত্বপূর্ণ বৈঠকে সম্প্রতি এ বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত নেওয়ার পর আজ পূর্ণাঙ্গ ক্রীড়া সূচি ঘোষণা করা হয়েছে। লীগ কমিটির সেক্রেটারি ক্রীড়াসূচি ঘোষণা করেছেন। অংশগ্রহণকারী বারোটি দলকে দুটো গ্রুপে বিন্যাস করা হয়েছে।

গ্রুপ এ-তে রয়েছে সাঁই স্যাগ, ইকফাই ফুটবল ক্লাব, এনএসআরসিসি, জম্পুই জলা, ওরিয়েন্টাল ক্লাব এবং আনন্দ ভবন। গ্রুপ বি-তে রয়েছে ইউনাইটেড বিএসটি, বিবেকানন্দ ক্লাব, কেশব সংঘ, আমরা কজনা, স্কাইলার্ক এবং উমাকান্ত কোচিং সেন্টার। ছটি করে দলকে নিয়ে দুটি গ্রুপে লীগ পর্যায়ে খেলা অনুষ্ঠিত হবে। উদ্বোধনী ম্যাচে ইকফাই ফুটবল একাডেমি খেলবে বিলোনিয়ার ওরিয়েন্টাল ক্লাবের বিরুদ্ধে। ম্যাচটি হবে ১৫ জুন বিকেল চারটায়। ১৬ জুন থেকে অবশ্য প্রতিদিন দুটি করে ম্যাচ রাখা হয়েছে। সকাল ৮ টায় প্রথম ম্যাচ হবে। দ্বিতীয় ম্যাচ হবে বিকেল চারটায়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে টুর্নামেন্টের প্রতিটি খেলা অনুষ্ঠিত হবে। গ্রুপ বি এর প্রথম ম্যাচে স্কাইলার্ক খেলবে উনাকান্ত কোচিং সেন্টারের বিরুদ্ধে।

সংবাদ সূত্রে প্রাপ্ত খবর অনুযায়ী এবারকার আসরে অংশগ্রহণকারী সব কটি দলই বেশ জোর প্রস্তুতি চালিয়ে যাচ্ছে।

# দিল্লিতে জাতীয় স্কুল দাবায় ত্রিপুরা ১৩তম

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১০ জুন।। ১৩ তম স্থান পেলো ত্রিপুরা। বালক বিভাগে। অনূর্ধ-১৯ জাতীয় স্কুল দাবা প্রতিযোগিতার বালক বিভাগে।

শুক্রবার শেষ হয় আসর। দেশের রাজধানীর ত্যাগরাজ স্টেডিয়ামে। ৬ রাউন্ডের আসরে দলগতভাবে ত্রিপুরা সাড়ে ১৩ পয়েন্ট অর্জন করে। এদিন ত্রিপুরার দিগন্ত রায় এবং অগ্রজিৎ পাল পয়েন্ট ভাগ করে অসমের বিরুদ্ধে। বাকি ২ জন হেরে যায়। আসরে ৬ রাউন্ডে ব্যাক্তিগতভাবে ৫ পয়েন্ট অর্জন করে সকলের নজর কেড়ে নেয় দিগন্ত।

এছাড়া অগ্রজিৎ পাল করে সাড়ে ৩ পয়েন্ট। প্রচন্ড জ্বরের মধ্যেও রাজ্যের জন্য লড়াই করে গেছে অগ্রজিৎ। বহালক বিভাগে মোট ২৭ রাজ্য অংশ নিয়েছিলো। ওই বিবাগে মহারাষ্ট্র প্রথম, গুজরাট দ্বিতীয়, গোয়া তৃতীয়, কর্ণাটক চতুর্থ এবং কেরল পঞ্চম স্থান দখল করে। বালিকা বিভাগে জম্মু-কাশ্মীরের বিরুদ্ধে এদিন ত্রিপুরা .৫-৩.৫ পয়েন্টে হেরে যায়। ত্রিপুরার পক্ষে পৌশালী পাল পয়েন্ট ভাগ করে। বালিকা বিভাগে ত্রিপুরার মোট পয়েন্ট ৮। আসরে বালিকা বিভাগে ২৬ রাজ্য অংশ নিয়েছিলো। ত্রিপুরা পেলো ২৬ তম স্থানই।

# ক্রিকেট মাঠে অ-খেলোয়াড় সুলভ আচরণে দুই ক্রিকেটারকে বরখাস্ত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।। ক্রিকেট মাঠে স্লেজিং, চপেটাঘাত কিছুতেই কাম্য নয়। কার্যত ক্রিকেট টুর্নামেন্টে গুরুত্বপূর্ণ ম্যাচ ঘিরে মাঠে এমনটাই হয়েছে। যথোপযুক্ত পদক্ষেপ নিয়েছে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের অ্যাডভাইজারি টুর্নামেন্ট কমিটি। ম্যাচ রেফারি এবং আম্পায়ারের রিপোর্টের পাশাপাশি মাঠে সংগৃহীত ভিডিও ফুটেজ - সব মিলে এডভাইসারি টুর্নামেন্ট কমিটি ঘটনায় জড়িত দুজনকেই শাস্তি প্রদানের নির্দেশ দিয়েছে। টিসিএ-র এডভাইজারি টুর্নামেন্ট কমিটি বিশেষ বৈঠকে অভিযুক্ত দুজনকেই উপস্থিত থাকতে বার্তা পাঠানো হয়েছিল। বিক্রম দেবনাথ যথারীতি বৈঠকে উপস্থিত হয়ে তার দোষ স্বীকার করে ভবিষ্যতে এ ধরনের অ-খেলোয়াড় সুলভ আচরণ থেকে বিরত থাকবে বলে লিখিত ভাবে জানায়। পক্ষান্তরে তুষার সাহা বৈঠকে অনুপস্থিত থাকেন। টিসিএ-র এডভাইজারি টুর্নামেন্ট কমিটি সমস্ত কিছু বিচার বিবেচনা করে তুষার সাহাকে চলতি জেসি লীগ টুর্নামেন্টের ২০২৩-২৪ সেশন পর্যন্ত বরখাস্ত করেছে। অভিযুক্ত বিক্রম দেবনাথকেও চলতি জেসি লীগ ক্রিকেট টুর্নামেন্ট থেকে ২০২২-২৩ সেশন পর্যন্ত বরখাস্ত করেছে। এ ধরনের অ-খেলোয়াড় সুলভ আচরণ ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন কখনো বরদাস্ত করেনি, এখনও করবে না এবং আগামী দিনেও এর থেকে বিরত থাকবে বলে সহ-সভাপতি তিমির চন্দ মন্তব্য করেছেন।

**"SHORT NOTICE INVITING QUOTATION "**

Sealed quotations are invited by the Medical superintendent , |GM Hospital, Agartala, from the interested bidders (bonafide manufacturers/authorized distributors or suppliers) , for supply of some surgical items or accessories . for use in IGM Hospital, Agartala . Detailed informations alongwith tender paper may be collected from the office of the undersigned on or before 44/06/2023 upto 4.30 P.M. and last date of bid submission is 15/06/2023 upto 04.30 P.M.6 quotation will be opened on {9/06/23 at 7.30 P.M. or on next working day at 12 noon, if possible & interested bidders may remain present at the time of bid opening session .

ICA/C-926/23

Medical Superintendent
IGM Hospital, Agartala.

**"SHORT NOTICE INVITING SHORT QUOTATION"**

On behalf of Governor of Tripura the undersigned invites sealed Quotation of rate in the plain paper for procurement of Segregation Bin / Bucket /Dust-bin with handle of 18 litre, 60 ltr. and 120 litre for the financial year 2023-24 under Mandwi RD Block, West Tripura from Registered traders / Cooperatives dealing offices for Solid Waste Management Programme.

The Tender Box will be kept opened for dropping of quotation by the intending Quotationer in the office chamber of the undersigned (in the chamber of the Auditor) from dated 08/ 06/2023 to 16/06/2023 up to 3.00 pm(office hours and offige days only, excluding govt. Holiday).

ICA/C-922/23

Block Development Officer
Mandwi R.D. Block
West Tripura

**PNIeT No.: 06/EE/WRD-VI/e-tender/2023-24. Dt.05.06.2023**

The Executive Engineer, W.R Division No-VI, Kailashahar, Tripura(U). invites e-tender from eligible ' bidders up to 3-00 PM on 27.06.2023 for 3(Three) No(s). Emergency MI & Flood protection works under W.R I : Division No-VI, Kailashahar during the year 2023-24. For details visit www.tripura.nic.in or E-mail to eepwdwré@gmail.com for clarifications, if any. Any subsequent corrigendum will be available at the website only.

ICA/C-919/23

Designation: Executive Engineer
. Water Resource Division No-VI,
Kailashahar Tripura(U).

**SHISHU BIHAR H.S. SCHOOL**
**Agartala : Tripura (West).**

Dated : Agartala: 9th June, 2023.

**ADMISSION NOTICE FOR CLASS - VIII AND CLASS – IX FOR THE YEAR 2023-24**

05 seats in class VIII and 09 seats in class IX for only girl students are lying vacant, which are to be filled up through admission test. Interested candidates may submit the application in plain paper along with the previous class's mark sheet, caste certificate ( for ST/SC students) on 15th or 16th June, 2023. **See the school notice board for details.**

ICA/D-355/23

NIBIR SEN
Principal

**PRESS NOTICE INVITING e TENDER NO- 03/DGM/KCP/2023-24/, DATED. 29/05/2023**

The Dy. General Manager, ED-Kanchanpur, North Tripura on behalf of the-'Tripura State Electricity Corporation Limited' Invites Online Percentage rate e-Tender in Single Bid system from experienced manufacturers /Authorized dealer/ Channel Partner/ Electrical contractor for meeting minimum eligibility criteria as specified in the bid document for the following work.

| SL. NO. | DNIeT No. | Estimate cost | Earnest Money | Time of Completion |
|---|---|---|---|---|
| 1 | DNIeT No. 03/DGM/KCP/2023-24/, | Rs.15,85,704.00 | Rs.31,714.00 | 30 days |

5. Last date and time for document download and bidding up to 3.00 pm on 14/06/2023 and Time & date of Opening of Bid at 3.30 PM on 15/06/2023 if possible.
6. Note: - For more details kindly visit: https//tripuratenders.gov.in/www.tsecl.in

For and on behalf of the TSECL
Dy. General Manager
Kanchanpur Electrical Division
Kanchanpur North Tripura

ICA/C-912/23

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো হচ্ছে যে মেলাঘর আইসিডিএস প্রজেক্টের অধীনস্থ নিম্নে বর্ণিত অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির জন্য অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) এবং অঙ্গনওয়াড়ি সহায়িকা (AWH) নিয়োগ করা হবে। উক্ত পঞ্চায়েত এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী ইচ্ছুক বিবাহিত বা বিধবা মহিলা প্রার্থীরা আগামী ১২/০৬/২০২৩ ইং থেকে ১৭/০৬/২০২৩ ইং তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল কপি সহকারে আবেদন পত্র মেলাঘর আইসিডিএস প্রজেক্ট অফিসে জমা দিতে পারেন। আবেদন পত্র মেলাঘর সিডিপিও অফিস থেকে সংগ্রহ করতে হবে।

আবেদনকারীর বয়স:- ১৭/০৬/২০২৩ ইং অনুসারে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

শিক্ষাগত যোগ্যতা :-

১। অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) পদের জন্য কমপক্ষে মাধ্যমিক উত্তীর্ন হতে হবে।
২) অঙ্গনওয়াড়ি সহায়িকা (AWH) পদের জন্য কমপক্ষে অষ্টমশ্রেণী উত্তীর্ন হতে হবে।

| ক্রমিক নং | অঙ্গনওয়াড়ি কেন্দ্রের নাম | পঞ্চায়েত / এডিসি ভিলেজ | ব্লক | পদের নাম |
|---|---|---|---|---|
| ১ | বৈষ্ণব চরন অঙ্গনওয়াড়ি কেন্দ্র | ঝুমের ঢেপা পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ২ | সরলাসুন্দরী অঙ্গনওয়াড়ি কেন্দ্র | বগাবাসা পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ৩ | কিল্লামুড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্র | পূর্ব নলছড় পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ৪ | সুপেন্দ্র অঙ্গনওয়াড়ি কেন্দ্র | কেমতলী পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ৫ | মনোরঞ্জন অঙ্গনওয়াড়ি কেন্দ্র | কেমতলী পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ৬ | অনসুময়ী অঙ্গনওয়াড়ি কেন্দ্র | কেমতলী পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ৭ | প্রকাশ অঙ্গনওয়াড়ি কেন্দ্র | চৌমুহনী পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ৮ | বটি নলছড় অঙ্গনওয়াড়ি কেন্দ্র | পশ্চিম নলছড় পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ৯ | উপেন্দ্র অঙ্গনওয়াড়ি কেন্দ্র | চন্দনমুড়া পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ১০ | ইন্দ্রটিলা অঙ্গনওয়াড়ি কেন্দ্র | এম.এম.সি. ওয়ার্ডনং-১১ | এম.এম.সি | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ১১ | বড়ঢেপা অঙ্গনওয়াড়ি কেন্দ্র | বানিয়াছড়া পঞ্চায়েত | মোহনভোগ ব্লক | অঙ্গনওয়াড়ি কর্মী (AWW) |
| ১২ | বটতলী অঙ্গনওয়াড়ি কেন্দ্র | চন্দনমুড়া পঞ্চায়েত | নলছড় ব্লক | অঙ্গনওয়াড়ি সহায়ীকা (AWH) |
| ১৩ | ইন্দ্রটিলা অঙ্গনওয়াড়ি কেন্দ্র | এম.এম.সি. ওয়ার্ডনং-১১ | এম.এম.সি | অঙ্গনওয়াড়ি সহায়ীকা (AWH) |
| ১৪ | ইন্দিরানগর নং- ২ অঙ্গনওয়াড়ি কেন্দ্র | এম.এম.সি. ওয়ার্ডনং-৭ | এম.এম.সি | অঙ্গনওয়াড়ি সহায়ীকা (AWH) |
| ১৫ | দেবনগর অঙ্গনওয়াড়ি কেন্দ্র | এম.এম.সি. ওয়ার্ডনং-১০ | এম.এম.সি | অঙ্গনওয়াড়ি সহায়ীকা (AWH) |
| ১৬ | সোনামনি অঙ্গনওয়াড়ি কেন্দ্র | উত্তর তৈবান্দাল ভিলেজ | মোহনভোগ ব্লক | অঙ্গনওয়াড়ি সহায়ীকা (AWH) |

নির্দিষ্ট তারিখের পর কোন আবেদনপত্র রাখা হবে না। বিস্তারিত জানতে মেলাঘর সিডিপিও অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ রইল।

| সাক্ষাতকার গ্রহনের স্থান | সাক্ষাতকার গ্রহনের তারিখ | সাক্ষাতকার গ্রহনের সময় | মন্তব্য |
|---|---|---|---|
| সিডিপিও অফিস, মেলাঘর | ২২/০৬/২০২৩ইং | সকাল ১০টা হইতে | নলছড় ব্লক এলাকার জন্য |
| সিডিপিও অফিস, মেলাঘর | ২২/০৬/২০২৩ইং | দুপুর ১২টা হইতে | এম.এম.সি এলাকার জন্য |
| সিডিপিও অফিস, মেলাঘর | ২২/০৬/২০২৩ইং | বিকাল ২টা হইতে | মোহনভোগ ব্লক এলাকার জন্য |

04/06/2023

শিশু উন্নয়ন প্রকল্প আধিকারিক
মেলাঘর সুসংহত শিশু উন্নয়ন সেবা প্রকল্প
মেলাঘর, সিপাহীজলা ত্রিপুরা

ICA/D-362/23

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল :- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল : rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023


# প্রদেশ বিজেপি এস সি মোর্চার কার্যকারনী বৈঠক অনুষ্ঠিত



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** ত্রিপুরার দুটি লোকসভা আসনে জয় লাভ করে নরেন্দ্র মোদীকে উপহার দেওয়ার লক্ষ্যে কাজ করছে বিজেপির কার্যকতারা। আজ প্রদেশ বিজেপি এস সি মোর্চার কার্যকারনী বৈঠকে এমটাই দাবি করলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা।
এদিন তিনি বলেন, আমাদের মূল সংগঠন হল ভারতীয় জনতা পাটি। এই পার্টির ৭টি মোর্চার কার্যকারনী বৈঠক চলছে। এবারের কার্যকারিণী বৈঠকের বিশেষ তাৎপর্য রয়েছে। আগামী ৩০ মে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৯ বছর কার্যকাল সম্পন্ন হবে। এর লক্ষ্যে আগামী একমাস ব্যাপক কর্মসূচি হাতে নিয়েছে বিজেপি সরকার।
মূলত, প্রধানমন্ত্রী ৯ বছরে কার্যকালে সাধারণ মানুষের জন্য যে উন্নয়ন মূলক কাজ করেছেন তা জনসম্মুখে তুলে ধরা বৈঠকের প্রধান লক্ষ্য। সাথে তিনি যোগ করেন, তপশিলি জাতিদের জন্য বিজেপি সরকার যে উন্নয়নমূলক কাজ করেছে তা এই বৈঠকে তুলে ধরা হয়েছে।
তাঁর দাবি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মানেই উন্নয়ন। ২০১৪ সালে নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে দেশের উন্নয়নে রূপরেখা তৈরি হয়েছে।
এদিকে, এস সি মোর্চার প্রদেশ কমিটির সদস্য হওয়ার সত্ত্বেও একাংশ মন্ত্রী, বিধায়ক ওই বৈঠকে অনুপস্থিত থাকার কারণে মুখ্যমন্ত্রী অসন্তোষ প্রকাশ করে বলেন,ব্যস্ততা থাকতেই পারে। কিন্তু আজ এস সি মোর্চার কার্যকারনী বৈঠকে একাংশ মন্ত্রী ও বিধায়কদের উপস্থিত থাকা উচিত ছিল।

## রাজ্যের শাস্ত্রীয় নৃত্য জগতে খুশির খবর

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৯ জুন।।** রাজ্যের শাস্ত্রীয় নৃত্য জগতে খুশির খবর। এবারে একটি নয়, জোড়া সাফল্যের খবর এসেছে উদয়পুর থেকে। ত্রিপুরার বিশিষ্ট সাংস্কৃতিক প্রতিষ্ঠান রিফরমিস্ট সোসাইটির প্রতিভাবান নৃত্য শিল্পী বহ্নিশিখা দাস ও মৃগাঙ্গনা বিশ্বাস এই সাফল্য অর্জন করেছে। সিসিআরটি-এর ২০২১-২২ বর্ষের জাতীয় স্কলার্শিপ পরীক্ষায় কত্থক নৃত্যে দুজনেই জাতীয় বৃত্তি অর্জন করেছে।বিগত বছরের মত রিফরমিস্ট সোসাইটির শিল্পীরা এ বছরও এই সাফল্যের ধারা অব্যাহত রেখেছে। গত বছরও একই বিষয়ে সিসিআরটি-এর জাতীয় বৃত্তি পেয়েছিল রিফরমিস্ট সোসাইটির প্রতিভাবান শিল্পী অর্পিতা দাস। এ বছর এই ধারাবাহিকতা অব্যাহত রেখেছে মৃগাঙ্গনা ও বহ্নিশিখা।
মাত্র ৪ বছর বয়সে তাদের নৃত্যে হাতে খড়ি হয়। নৃত্য শিক্ষক রত্নদীপ রায়ের কাছে গত প্রায় ১০ বছর যাবৎ তারা নৃত্যের তালিম নিচ্ছে। দীর্ঘ ১০ বছর তালিম নেওয়ার পরে তারা জাতীয় স্তরের এই পরীক্ষায় অংশ নিয়েছে। এই কথা সকলেরই জানা যে শাস্ত্রীয় নৃত্য শিল্পের ক্ষেত্রে দীর্ঘ তালিমের প্রয়োজন। কিন্তু আজকের মোবাইল ইন্টারনেটের যুগে দীর্ঘ বছর শুধু শিক্ষা অর্জনের ধৈর্য কজন শিল্পীর থাকে? কজন অভিভাবকেরই বা থাকে? আজকালকার যুগে অভিভাবকরা চান অল্পতেই তাদের ছেলেমেয়েরা মঞ্চে উঠে যাক। সর্বাঙ্গীণ শিক্ষা অর্জন হোক বা না হোক, তাতে কিছু আসে যায় না। কিছু একটা করে নাম কামিয়ে ফেলা চাই। আদতে দেখা যায় যে সেগুলো কিছুই স্থায়ী হয় না। শর্টকাট পদ্ধতিতে না শিল্পের বিকাশ হয়, না শিল্পীর। এই জায়গায় দাঁড়িয়ে তাদের এই প্রয়াস সত্যিই প্রশংসার দাবি রাখে। একজন প্রকৃত শিল্পী হওয়ার ক্ষেত্রে গুরুর সান্নিধ্যের মধ্য দিয়ে শিল্পের সাধনা অত্যন্ত প্রয়োজনীয়। আর এই কাজটিই করার চেষ্টা করছে শিল্পী রত্নদীপ রায় ও তার সুযোগ্য ছাত্রী বহ্নিশিখা ও মৃগাঙ্গনা। তারা জানায় যে, তারা অনুশাসন, শৃঙ্খলা ও কঠোর পরিশ্রমের মধ্যে দিয়ে তালিম নেওয়ার পরেই এই ধরনের পরীক্ষায় অংশগ্রহণ করার যোগ্যতা তারা অর্জন করেছে এবং আজ এই সফলতা অর্জন করতে পেরেছে। বহ্নিশিখা উদয়পুরের বিবেকানন্দ বিদ্যাপীঠ এর অষ্টম শ্রেণীর ছাত্রী। বহ্নিশিখার বাবা বিপুল দাস পেশায় ব্যবসায়ী ও মাতা বনশ্রী দাস গৃহিণী। মৃগাঙ্গনা উদয়পুর ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্রী। তার বাবা চাকুরীহারা ১০৩২৩,বাবন বিশ্বাস ও মা গৃহ শিক্ষিকা মিঠু সরকার। তাদের এই সাফল্যে আত্মীয় পরিজন, বন্ধুবান্ধব, প্রতিবেশী সহ উদয়পুর বাসির মধ্যে খুশির হাওয়া বইছে। জাগরণ পত্রিকার পক্ষ থেকেও তাদের এই উল্লেখযোগ্য কৃতিত্বের জন্য অভিনন্দন জানানো হয়।

# তেলিয়ামুড়া শহরে উন্মত্ত গরুর তান্ডবে, গুরুতর আহত মহিলা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৯ জুন।।** তেলিয়ামুড়া শহরে পাগলা গরুর উন্মত্ত তান্ডব! গরুর আক্রমণে গুরুতর আহত এক মহিলা। ঘটনা বৃহস্পতিবার রাতে তেলিয়ামুড়া শহরে। ঘটনাকে কেন্দ্র করে জনমনে তীব্র আতঙ্কের সৃষ্টি হয়। বৃহস্পতিবার রাতে গোটা তেলিয়ামুড়া শহর জুড়ে একটি গরু আচমকাই উন্মত্ত তান্ডব চালাতে শুরু করে। রাস্তাঘাটে থাকা মানুষজনদেরকে তাড়া করতে শুরু করে। মুহূর্তেই ছড়িয়ে পড়ে চাঞ্চল্য। গরুর আক্রমণের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য শহর এলাকার মানুষজনদের মধ্যে শুরু হয় দৌড়ঝাপ। এই পরিস্থিতি চলাকালীন সময় আচমকাই ওই গরুটি এক বৃদ্ধ পথচারী মহিলার উপর আক্রমণ চালায় শান্তিনগর সৎসঙ্গ আশ্রম সংলগ্ন এলাকায়। গরুর আক্রমণে গুরুতর আহত হয় গীতা রানী দেবনাথ নামের(৭০) ওই বৃদ্ধ মহিলা। গরুটির আক্রমণে সঙ্গে সঙ্গেই রক্তাক্ত অবস্থায় রাস্তার মধ্যে লুটিয়ে পড়ে আক্রান্ত মহিলা। সঙ্গে সঙ্গে প্রত্যক্ষদর্শীরা ঘটনাস্থলে ছুটে আসে এবং ঘটনার খবর দেয় তেলিয়ামুড়া অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীদের। ঘটনার খবর পেয়ে তেলিয়ামুড়া অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা তড়িঘড়ি ঘটনাস্থলে পৌঁছে গুরুতরা আহত ওই বৃদ্ধ মহিলাকে উদ্ধার করে নিয়ে যায় তেলিয়ামুড়া মহাকুমা হাসপাতালে। তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের জরুরীকালীন বিভাগে উনার প্রাথমিক চিকিৎসার পর, তৎক্ষণাৎ উনাকে উন্নত চিকিৎসার জন্য আগরতলা জিবি হাসপাতালের রেফার করে দেন কর্তব্যরত চিকিৎসক।অন্যদিকে, শহর এলাকার মানুষজন সম্মিলিতভাবে ওই গরুটিকে তাড়া করে শহর এলাকা থেকে কিছুটা দূরে পাঠিয়ে দেয়। কিন্তু এতে করেও স্বস্তির ভাব ফিরে আসেনি মানুষজনদের মধ্যে।।

# লাইট হাউজের পাশে জলের ট্যাঙ্ক নির্মাণে ক্ষতিগ্রস্ত প্রতিবেশী পরিবার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** বর্ডার গোল চক্কর এলাকায় লাইট হাউজ নির্মাণ কাজ চলছে। একই সঙ্গে পাশে চলছে জলের ট্যাঙ্ক নির্মাণ। আর এই জলের ট্যাঙ্ক নির্মাণের ফলে ক্ষতিগ্রস্থ হয়েছে পাশের একটি বাড়ি। নির্মাণের ফলে কালিকাপুর ভগৎ সিং কলোনির বাসিন্দা রুপা ধানুকের বাড়ির সীমানা ভেঙ্গে যায়। এরপর একে একে ঘর, কলের পার ভাঙ্গা শুরু হয়। রুপা ধানুকের বক্তব্য নির্ধারিত জায়গার বাইরে গিয়ে মাটি কাটার ফলে তার বাড়ির এই সমস্ত অংশ নষ্ট হয়েছে। উপড়ে পড়েছে বাড়িতে থাকা বেশ কিছু গাছ। বাড়ির কাগজপত্র সব রয়েছে তার কাছে। এই অবস্থায় নির্মাণ কাজের ফলে বাড়ির ক্ষতি হওয়ায় এবার ক্ষতিপূরণের দাবী জানান রুপা ধানুক। প্রায় ৪৫ বছর ধরে এই জায়গায় রয়েছেন। নির্মাণ কাজের ফলে সৃষ্ট সমস্যা সম্পর্কে বহুবার অবগত করা হলেও কর্ণপাত করতে নারাজ। সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের এলাকা ঘুরে যাওয়ার দাবী জানান। বর্তমানে দুজন সদস্য রয়েছে। একজন দিব্যাংন। অপর জন্য বাড়ি বাড়ি কাজ করেন। পিতা- মাতা কেউ নেই তাদের। তিন দিন ধরে এই কাজ চলছে। হানা দিয়ে কাজ করার কথা বললেও তা মানছে না। উপরন্তু বাড়ি ছেড়ে যাওয়ার পরামর্শ দেন নির্মাণকারী সংস্থা। ক্ষতিপূরণ দেওয়ার দাবী জানান রুপা ধানুক।

## আজ জার্নালিস্টস ইউনিয়নের দ্বিবার্ষিক সম্মেলন

আগরতলা, ৯ জুন।। ত্রিপুরা জার্নালিস্টস ইউনিয়নের রাজ্য কমিটির দ্বি বার্ষিক সম্মেলন আগরতলা প্রেসক্লাবে আগামীকাল সকাল সাড়ে দশটায় শুরু হবে। সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন খাদ্য ও পর্যটন দপ্তরের মাননীয় মন্ত্রী সুশান্ত চৌধুরী। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অল ইন্ডিয়া জার্নালিস্ট ইউনিয়নের সভাপতি গীতার্থ পাঠক এবং অল ইন্ডিয়া জার্নালিস্ট ইউনিয়নের সেক্রেটারি জেনারেল তথা বিশ্ব সংস্থার সহ-সভাপতি সাবিনা ইন্দ্রজিৎও উপস্থিত থাকবেন। এছাড়া, সর্বভারতীয় জার্নালিস্ট ইউনিয়নের সম্পাদক প্রণব সরকার এবং আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য প্রমূখ উপস্থিত থাকবেন। এই দ্বিবার্ষিক সম্মেলনে ইউনিয়নের সকল সদস্যদের যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

# উচ্চ পর্যায়ের বৈঠকে অমরনাথ যাত্রার প্রস্তুতি পর্যালোচনা করলেন অমিত শাহ

নয়াদিল্লি, ৯ জুন (হি.স.) : আগামী ১ জুলাই থেকে শুরু হওয়া পবিত্র অমরনাথ যাত্রার বিষয়ে শুক্রবার একটি উচ্চ পর্যায়ের বৈঠকে প্রস্তুতি নিয়ে পর্যালোচনা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।শ্রী শাহ উত্তর ব্লকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে কেন্দ্রশাসিত অঞ্চলের লেফটেন্যান্ট গভর্নর, নিরাপত্তা বাহিনী এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধতন কর্মকর্তাদের সঙ্গে প্রায় তিন ঘণ্টা ধরে অমরনাথ যাত্রা সংক্রান্ত প্রস্তুতি ও বিভিন্ন দিক নিয়ে বিশদভাবে পর্যালোচনা করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।দুই মাসব্যাপী অমরনাথ যাত্রা ১ জুলাই শুরু হবে এবং প্রায় দুই মাস চলবে এবং শেষ হবে আগস্টের শেষে। বৈঠকে জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিনহা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় ভাল্লা, সেনাবাহিনীর উত্তরাঞ্চলীয় কমান্ডের প্রধান, গোয়েন্দা ব্যুরো প্রধান এবং কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ বাহিনীর প্রধান এবং অন্যান্য নিরাপত্তা সংস্থার ঊর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।আধিকারিকরা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অমরনাথ যাত্রার প্রস্তুতি এবং অন্যান্য ব্যবস্থা সম্পর্কে অবহিত করেছেন। ভক্তদের নিরাপত্তার জন্য নিরাপত্তা বাহিনীর তরফ থেকে কী ব্যবস্থা নেওয়া হচ্ছে সে সম্পর্কে তথ্য জানানো হয়েছে।

# আন্তর্জাতিক যোগ দিবস মিডিয়া সম্মান ঘোষণা করল তথ্য ও সম্প্রচার মন্ত্রক

নয়াদিল্লি, ৯ জুন (হি.স.) : যোগের বার্তা ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখা ৩৩টি মিডিয়া হাউসকে আন্তর্জাতিক যোগ দিবস মিডিয়া সম্মানে সম্মানিত করা হবে। শুক্রবার তথ্য ও সম্প্রচার মন্ত্রক দ্বিতীয় আন্তর্জাতিক যোগ দিবস মিডিয়া সম্মান ঘোষণা করেছে এবং এর জন্য আবেদনগুলি আমন্ত্রণ জানিয়েছে।আন্তর্জাতিক যোগ দিবস মিডিয়া অ্যাওয়ার্ডস ২০২৩-এর অধীনে ২২টি ভারতীয় ভাষা এবং ইংরেজিতে প্রিন্ট, টেলিভিশন এবং রেডিওতে ৩৩টি পুরস্কার দেওয়া হবে। প্রিন্ট, টেলিভিশন এবং রেডিও বিভাগের জন্য প্রতিটি এগারোটি পুরস্কার নির্ধারণ করা হয়েছে, যার মধ্যে রয়েছে 'সংবাদপত্রে যোগের সেরা মিডিয়া কভারেজ', 'ইলেক্ট্রনিক মিডিয়া (টিভি)তে যোগের সেরা মিডিয়া কভারেজ' এবং 'ইলেক্ট্রনিক মিডিয়াতে যোগের সেরা মিডিয়া কভারেজ ( রেডিও)।২০২৩ সালের পুরস্কার ঘোষণা করে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রচেষ্টার কারণে প্রতি বছর ২১ জুন পালিত আন্তর্জাতিক যোগ দিবস, স্বাস্থ্য ও সুস্থতার প্রচারের জন্য একটি গণ আন্দোলনের রূপ নিয়েছে। তিনি আরও বলেন, যোগব্যায়াম বিশ্বজুড়ে লক্ষ লক্ষ মানুষের দৃষ্টি আকর্ষণ করেছে। সচেতনতা ছড়িয়ে দিতে এবং যোগব্যায়ামের রূপান্তরমূলক সম্ভাবনা প্রদর্শনে মিডিয়া গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

## উচ্চমাধ্যমিকে কৃতি ছাত্রীকে সংবর্ধনা দিলেন বাইখোড়া থানার ওসি

নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ৯ জুন।। নিজ দায়িত্ব পালনের পাশাপাশি সামাজিক কর্মসূচী করেযাচ্ছে বাইখোড়া থানার ওসি বিষ্ণু চন্দ্র দাস। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যদের উচ্চমাধ্যমিকের ফলাফলে বিজ্ঞান বিভাগ ত্রিপুরার মধ্যে যুগ্ম দ্বীতিয় স্থান অর্জন করে জোলাইবাড়ী এম এম গার্লস স্কুলের ছাত্রী নিশিকা সরকার। এই খবর জানারপর নিজ দায়িত্বের পাশাপাশি সময় করে জোলাইবাড়ীতে গিয়ে কৃতি ছাত্রীকে সংবর্ধনা প্রদান করলো বাইখোড়া থানার ওসি বিষ্ণু চন্দ্র দাস। ওসি কৃতি ছাত্রীকে সংবর্ধনার পাশাপাশি আগামীদিনে নিশিকা সরকারের পরাশুনার সাহায্যের জন্য পাশে থাকার আশ্বাস প্রদান করলেন।

# বিশালগড়ে বুলেরো গাড়ি থেকে বিস্তর পরিমাণে নেশা সামগ্রী বাজেয়াপ্ত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** বিশালগড় থানার পুলিশ ও বি.এস.এফ যৌথ ভাবে অভিযান চালিয়ে হরিশনগর চা-বাগান এলাকা থেকে চালক সহ একটি বুলেরো গাড়ি আটক করে। ধৃত গাড়ি চালকের নাম জয়নাল আবেদিন। গোপন সংবাদের ভিত্তিতে বিশালগড় থানার পুলিশ ও বি.এস.এফ যৌথ ভাবে অভিযান চালিয়ে হরিশনগর চা-বাগান এলাকা থেকে চালক সহ একটি বুলেরো গাড়ি আটক করে। পরবর্তী সময় গারিটিতে তল্লাসি চালানো হয়। তল্লাসি অভিযানে উদ্ধার হয় বিপুল পরিমাণ ফেন্সিডিল। ধৃত গাড়ি চালকের নাম জয়নাল আবেদিন। তার বাড়ি সোনামুড়ার রাঙ্গামাটি এলাকায়। বিশালগড় থানার এক পুলিশ অফিসার জানান আটক ফেন্সিডিল বোঝাই বুলেরো গাড়িটি আগরতলার দিক থেকে বিশালগড়ের দিকে যাচ্ছিল। তিনি আরও জানান ধৃত গাড়ি চালককে জিজ্ঞাসাবাদ চালানো হচ্ছে। ঘটনার তদন্ত চলছে।

## অল ত্রিপুরা কমিউনিটি হেলথ অফিসারদের সম্মেলন অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** সবাই যাতে এক মঞ্চে আসেন সে বিষয়ে সচেষ্ট হওয়ার জন্য কমিউনিটি হেলথ অফিসারদের সম্মেলনে আহ্বান রাজীব ভট্টাচার্যের। সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ারও আশ্বাস দেন প্রদেশ বিজেপি সভাপতি।শুক্রবার অল ত্রিপুরা কমিউনিটি হেল অফিসার অর্গানাইজেশনের-র রাজ্য সম্মেলন হয়। এদিন রাজধানীর নজরুল কলাক্ষেত্রে হয় সম্মেলন। উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সমাজসেবী রাজীব ভট্টাচার্য, ত্রিপুরা সংখ্যালঘু সমবায় উন্নয়ন নিগমের চেয়ারম্যান তাপস ভট্টাচার্য, সমাজসেবী অমিত রক্ষিত, সংগঠনের আইনি পরামর্শদাতা সম্রাট ঘোষ সহ অন্যরা।করোনার সময়ে কমিউনিটি হেলথ অফিসাররা নিজেদের দায়িত্ব সঠিক ভাবে যে পালন করেছেন তাও এদিন উঠে আসে রাজীব ভট্টাচার্যের বক্তব্যে। তিনি বলেন, যে উদ্যমে কমিউনিটি হেলথ অফিসাররা এই যুদ্ধে শামিল হয়ে জয়ী হয়েছেন এটা বাড়তি পাওনা। প্রধানমন্ত্রীর কল্যাণে ভারতের মানুষ বিনা মূল্যে করোনার ভ্যাকসিন পেয়েছেন। বিভিন্ন দেশে বিনামূল্যে এই ভ্যাকসিন সরবরাহ করা হয়েছে বলে দাবি করেন।

## বাইকের ধাক্কায় গুরুতর আহত বাইসাইকেল আরোহী

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৯ জুন।। আবারো যান দুর্ঘটনায় আহত ১। দ্রুতগতি সম্পন্ন বেপরোয়া বাইকের ধাক্কায় গুরুতর আহত এক বাইসাইকেল আরোহী। ঘটনা, তেলিয়ামুড়া থানা এলাকার তুইসিন্দ্রাই থেকে রাঙ্খল যাওয়ার পথে বৃহস্পতিবার গভীর রাতে।
ঘটনার বিবরণে জানা যায়, দুই যুবকটট্র ০৬ ঙ৪৫৫৬ নম্বরের একটি বাইক নিয়ে দ্রুত গতিতে এবং বেপরোয়া ভাবে তুইসিন্দ্রাই থেকে রাঙ্খল যাওয়ার রাস্তা ধরে যাওয়ার সময় একটি বাইসাইকেল আরোহীকে সজোরে ধাক্কা দেয়। বাইকের ধাক্কায় রাস্তার পাশে ছিটকে পড়ে বাইসাইকেল সহ বাইসাইকেল আরোহী এবং গুরুতর আহত হয় ওই বাইসাইকেল আরোহী নেপাল দাস। অন্যদিকে, বাইসাইকেলটি"কে ধাক্কা দিয়ে বাইকটিও দুর্ঘটনার কবলে পড়ে। ঘটনাটি প্রত্যক্ষ করে পথ চলতি সাধারণ মানুষজন ঘটনার খবর পাঠায় তেলিয়ামুড়া অগ্নি নির্বাপক দপ্তরে, পরবর্তীতে তেলিয়ামুড়া অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীদের তৎপরতায় আহত ৩ জনকে উদ্ধার করে নিয়ে আসে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে। আহত ৩ জনের মধ্যে বাইসাইকেল আরোহী নেপাল দাসের অবস্থা গুরুতর।।

## জার্নালিস্ট ইউনিয়নের তেলিয়ামুড়া মহকুমা কমিটি পুনর্গঠিত

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৯ জুন।। বৃহস্পতিবার সন্ধ্যায় ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন তেলিয়ামুড়া মহাকুমা কমিটির উদ্যোগে তেলিয়ামুড়া পি.ডব্লিউ.ডি সরকারি ডাক বাংলোতে এক সভার মধ্য দিয়ে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন তেলিয়ামুড়া মহাকুমা কমিটির পুরনো কমিটি ভেঙ্গে নতুন কমিটি গঠন করা হয়। এদিনের এই সভার সভাপতিত্ব করেন সাংবাদিক বিল্লু চক্রবর্তী। তাছাড়া উপস্থিত ছিলেন ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন খোয়াই জেলা কমিটির পক্ষে গোপেশ রায় ও সৌরভ পৌদ্দার।

# জনজাতি কল্যাণ দপ্তরে ডেপুটেশন ট্রাইভেল স্টুডেন্ট ইউনিয়নের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** শুক্রবার চার দফা দাবি নিয়ে জনজাতি কল্যাণ দপ্তরে এক ডেপুটেশন প্রদান করে ট্রাইভেল স্টুডেন্ট ইউনিয়ন। উপজাতি ছাত্র-ছাত্রীদের বিভিন্ন সমস্যা নিয়ে শুক্রবার উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তার কাছে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করেছে ট্রাইবেল স্টুডেন্ট ইউনিয়ন। সংগঠনের পক্ষ থেকে এক প্রতিনিধিদল এদিন গোর্খা বস্তিতে উপজাতি কল্যাণ দপ্তরের অফিসে গিয়ে অধিকর্তার কাছে দাবি সম্মিলিত ডেপুটেশন ও স্মারকলিপি তুলে দেন। ডেপুটেশন প্রদান শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সংগঠনের নেতৃবৃন্দ জানান হোস্টেলে অবস্থানরত ছাত্র-ছাত্রীদের খাবারের টাকা সরাসরি ছাত্র-ছাত্রীদের না দিয়ে বিকল্প কোন ব্যবস্থার মাধ্যমে প্রদানের ব্যবস্থা করতে হবে। উপজাতি ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ডের টাকা অবিলম্বে মিটিয়ে দেওয়ার ব্যবস্থা করতে হবে। ডক্টরের অধিকর্তা দাবি গুলির যৌক্তিকতা স্বীকার করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন বলে সংগঠনের নেতৃবৃন্দ জানিয়েছেন।

# রাজ্যে যোগা দিবস পালনের প্রস্তুতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** আগামী ২১শে জুন বিশ্ব যোগা দিবস। রাজ্যে ও যোগা দিবস পালনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। যোগা দিবসকে সামনে রেখে শুক্রবার প্রস্তুতি কমিটির গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। এবছর বেশ জাকজমকপূর্ণভাবে যোগা দিবস পালনের প্রস্তুতি নেওয়া হয়েছে। ২১ জুন বিশ্ব যোগা দিবস। এ বছরের থিম হচ্ছে হিউম্যানিটি। এ বছর নবম যোগা দিবস পালিত হবে সারা রাজ্যব্যাপী। কিভাবে পালন করা হবে তা নিয়ে আজ প্রস্তুতি কমিটির বৈঠক অনুষ্ঠিত হয় শিক্ষা দপ্তরের কনফারেন্স রুমে। আজকের এই বৈঠকে স্থির হয় মূল অনুষ্ঠানটি হবে দুটি জায়গাতে। উমাকান্ত স্টেডিয়াম এবং উজ্জয়ন্ত প্যালেস যোগা দিবসের মূল অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। যোগা দিবসের অনুষ্ঠানকে ষষ্ঠভাবে সম্পন্ন করার জন্য প্রস্তুতি কমিটির পক্ষ থেকে নানা পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।।

## এমএসএমইএস"র সম্মেলন অনুষ্ঠিত

আগরতলা, ৯ জুন।। ফেডারেশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড কমার্স অফ নর্থ ইস্টার্ন রিজিয়ন রাজ্য শাখার উদ্যোগে মাইক্রো, স্মল, এবং মিডিয়াম এন্টারপ্রাইজ এর উপর সম্মেলন অনুষ্ঠিত। শুক্রবার রাজধানীর প্রজ্ঞাভবনে আয়োজিত সম্মেলনে মালয়েশিয়া, ভুটান এবং বাংলাদেশের শিল্প বিশেষজ্ঞ, স্টেকহোল্ডার সহ অন্যান্য প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সম্মেলনের প্রধান অতিথি ছিলেন ত্রিপুরা সরকারের যুব বিষয়ক, ক্রীড়া, সমাজকল্যাণ ও শ্রম দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়। বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, নিজেকে একজন চাকুরীপ্রার্থী হিসাবে নয় চাকুরীপ্রদানকারীতে তৈরী করতে হবে। এছাড়াও বক্তব্য রাখেন মালয়েশিয়ার ওয়েস্টউড গ্রুপের আবু বকর এবং আবদুল রহমান, ভুটানের পর্যটন, হোটেল, রেস্তোরাঁ এবং বার অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান মিঃ থিনলে জামশো, দ্য ইনভেস্টর লিমিটেড অব বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক রবিউল করিম। বাংলাদেশ সহ বিভিন্ন দেশের প্রতিনিধিরা তাদের বক্তব্যে একে অপরের সহযোগিতায় শিল্প সম্ভাবনাকে কিভাবে আরো সমৃদ্ধ করা যায় তার উপর গুরুত্ব দেন। পাশাপাশি আমদানি ও রপ্তানির সম্ভাবনা এবং সুযোগগুলি তুলে ধরেন।

# জাতীয় শিক্ষানীতি চালুর প্রতিবাদে শিক্ষা দপ্তরে ডেপুটেশন এআইডিএসওর




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুন।।** জাতীয় শিক্ষানীতি রাজ্যে ও চালু করার সরকারি সিদ্ধান্তের প্রতিবাদে শুক্রবার অল ইন্ডিয়া ডিএসও শিক্ষা দপ্তরে ডেপুটেশন প্রধান করেছে। জাতীয় শিক্ষানীতি চালু হলে শিক্ষার মেরুদন্ড ভেঙ্গে পড়বে। গরীব পরিবারের ছেলেমেয়েদের শিক্ষার বিকাশ ঘটবে না। শিক্ষাকে সার্বজনীন করার দাবিতেই আন্দোলনে সামিল হয়েছে অল ইন্ডিয়া ডেমোক্রেটিক স্টুডেন্ট অর্গানাইজেশন। সংগঠনের পক্ষ থেকে শুক্রবার শিক্ষা ভবনে ডেপুটেশন ও স্মারকলিপি প্রদান করা হয়। ডেপুটেশন ও স্মারকলিপি প্রধান শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সংগঠনের নেতৃবৃন্দ বলেন কেন্দ্রীয় সরকার ২০২০ সালে করুণা পরিস্থিতি চলাকালে দেশের শিক্ষাবিদ ছাত্র সংগঠন সহ সকলকে কোন কিছু না জানিয়েই শিক্ষানীতি গ্রহণ করেছে। এমনকি সংসদেও এই শিক্ষানীতি নিয়ে আলোচনা হয়নি। ছাত্র স্বার্থে জাতীয় শিক্ষানীতি ২০২০ বাতিল করার দাবী জানিয়েছে অল ইন্ডিয়া স্টুডেন্ট অর্গানাইজেশন। সংগঠন জাতীয় শিক্ষানীতি বাতিল করে শিক্ষার যাবতীয় ব্যবহার সরকারকে গ্রহণ করার জোরালো দাবি জানিয়েছে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।